NARSINGHA

ই-পেপার: www.ekdin-epaper.com

# একদিন

EKDIN

এগিয়ে চলার সঙ্গী







২ ১১ ও ১২ ডিসেম্বর বাঘশুমারি, জলপথে পর্যটক প্রবেশ নিষিদ্ধ

শালিমারে তৃণমূল ক্যাম্পে বসে ফর্ম বিলি! অভিযোগ বিজেপির ২

কলকাতা ১০ নভেম্বর ২০২৫ ২৩ কার্তিক ১৪৩২ সোমবার উনবিংশ বর্ষ ১৪৯ সংখ্যা ১০ পাতা ৩.০০ টাকা ■ Kolkata 09.11.2025, Vol.19, Issue No. 148, 10 Pages, Price 3.00

# শিক্ষকে শূন্যপদ বাড়ার ঘোষণা

**নিজস্ব প্রতিবেদন:** রাজ্যে একাদশ-দ্বাদশে শিক্ষক নিয়োগে শূন্যপদের সংখ্যা আরও বাড়ছে। শুক্রবারই স্কুল সার্ভিস কমিশনের এই শিক্ষক নিয়োগের ফল বেরিয়েছে। এখনও পর্যন্ত একাদশ-দ্বাদশে ১২,৫১৪টি শূন্যপদ রয়েছে। তবে এই শূন্যপদ আরও ৭০০ থেকে ৮০০টি বাড়তে চলেছে বলে এসএসসি সূত্রে ইঙ্গিত মিলেছে। তবে ঠিক কত পদ বাড়ছে, বুধবার নাগাদ তা জানা যেতে পারে বলে খবর।

বিকাশ ভবন থেকে বাড়তি শূন্যপদের হিসেব এলে তার ভিত্তিতে একাদশ-দ্বাদশে শিক্ষক নিয়োগের জন্য ইন্টারভিউয়ের তালিকা তৈরি হবে। ১০০টি শূন্যপদের জন্য ১৬০ জনকে অর্থাৎ ১৬ অনুপাতে ইন্টারভিউতে ডাকা হবে বলে এসএসসি সূত্র মারফত জানা গিয়েছে। এসএসসি-র এক আধিকারিক জানান, নতুন পরীক্ষার্থীদের পক্ষে শূন্যপদের সংখ্যা বাড়ানোর দাবি ছিলই। আর ছাত্র-শিক্ষক ভারসাম্য বজায় রাখাটাও প্রয়োজন।

রাজ্য সরকার সেইমতো একাদশ-দ্বাদশ এবং নবম-দশমে শিক্ষকদের শূন্যপদ বাড়াতে চলেছে। আগামী বুধবার অথবা বৃহস্পতিবার বাড়তি শূন্যপদ বিকাশ ভবন থেকে পাওয়া যাবে। পুরো শূন্যপদ পেলেই ইন্টারভিউয়ের তালিকা তৈরি করা হবে। ৮০ নম্বরের ভিত্তিতে নথি ইন্টারভিউয়ের তালিকা তৈরি হতে পারে এবং তালিকা ওয়েবসাইটে প্রকাশ করা হতে পারে বলে এসএসসি সূত্রের খবর। তবে কারা ইন্টারভিউতে ডাক পাবেন তা নিয়ে এখনও ধন্দে চাকরিপ্রার্থীরা।

## একাদশ-দ্বাদশ



# বিএলও মৃত ব্রেন স্ট্রোকে, চাপেই বলি?

**নিজস্ব প্রতিবেদন:** ঘটনায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। জানা গিয়েছে মেমারি থানার অন্তর্গত বোহার দু'নম্বর গ্রাম পঞ্চায়েতের চক বলরামের বাঙাল পুকুর এলাকায় শনিবার এসআইআর-এর ফর্ম বিলির সময় হঠাৎই ব্রেন স্ট্রোক হয় অঙ্গনারী কর্মী নমিতা হাঁসদার (৫০)। তড়িঘড়ি তাকে উদ্ধার করে ভর্তি করা হয় কালনা মহকুমা হাসপাতালে। রাতেই তার মৃত্যু হয় কালনা হাসপাতালে। রবিবার কালনা শ্মশান ঘাটে শবদেহ দাহ করতে গিয়ে মৃতার স্বামী মাধব হাঁসদা জানান, বিডিও অফিস থেকে প্রচন্ড চাপ দেওয়া হচ্ছিল তার স্ত্রীকে ফর্ম বিলির জন্য। তিনি রাত পর্যন্ত ফর্ম বিলিও করছিলেন। শনিবার সন্ধ্যা নাগাদ ফর্ম বিলের সময় কর্মরত অবস্থাতেই তিনি ব্রেন স্ট্রোকে আক্রান্ত হন। তাকে নিয়ে যাওয়া হয় কালনা হাসপাতালে। রাতেই মৃত্যু হয় তার। কাজের প্রেশারে এই ঘটনা বলে তার দাবি।

মৃতার স্বামী মাধব হাঁসদার দাবি, এনুমারেশন ফর্ম বিলির জন্য লাগাতার চাপ দেওয়া হচ্ছিল। কাজের চাপে মানসিক ভাবে বিধ্বস্ত ছিলেন নমিতা। স্বামীর কথায়, 'রোজ রোজ ওকে বলা হচ্ছিল, আরও বেশি করে ফর্ম বিলি করতে হবে! এ সব নিয়ে খুব চাপে ছিল। রাত পর্যন্ত ফর্ম বিলি করছিল ও। শনিবার কর্মরত অবস্থাতেই ব্রেন স্ট্রোকে আক্রান্ত হয়। এর পর রাতে মৃত্যু হয় ওর।' জেলাশাসক আয়েশা রানি বলেন, 'ঘটনার খবর পেয়েছি। যাঁরা অসুস্থ, তাঁদের বিএলও ডিউটি থেকে বাদ দেওয়া হয়। আমি খোঁজ নিয়ে দেখছি।'




আগামী ৪ ডিসেম্বর পর্যন্ত এসআইআর সংক্রান্ত 'এনুমারেশন ফর্ম' বিলি করবে নির্বাচন কমিশন। এই পর্বের মধ্যেই বিএলও-রা যাবেন ভোটারদের বাড়িতে বাড়িতে। ২০০২ সালের ভোটার তালিকাকে 'সূচক' ধরে এই কাজ শুরু করেছে কমিশন। ৪ ডিসেম্বর পর্যন্ত বিভিন্ন তথ্য সংবলিত ফর্ম জমাও নেওয়া হবে। তারপর ৯ ডিসেম্বর প্রাথমিক খসড়া ভোটার তালিকা প্রকাশিত হবে।

# দ্বন্দ্ব-আবহেও এসআইআরে সেরা বাংলাই

**নিজস্ব প্রতিবেদন:** রাজনৈতিক সংঘাত সর্বাধিক হলেও এসআইআর সংক্রান্ত সামগ্রিক কাজ-সহ এনুমারেশন ফর্ম বিলির ক্ষেত্রে নির্বাচনমুখী ১২টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মধ্যে 'সেরা পারফর্মার' পশ্চিমবঙ্গ। সম্প্রতি তিনদিনের উত্তরবঙ্গ সফরকালে রাজ্যের এই সাফল্যকে সাধুবাদ জানিয়েছেন নির্বাচন কমিশনের সিনিয়র ডেপুটি নির্বাচন কমিশনার জ্ঞানেশ ভারতী। ১২টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মধ্যে পশ্চিমবঙ্গের এসআইআর সংক্রান্ত কাজের অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করেন সিনিয়র ডেপুটি নির্বাচন কমিশনার। এবার ১২ রাজ্যের তুল্যমূল্য চিত্র প্রকাশ করে সেই সাফল্যকে স্বীকৃতি দিল নির্বাচন কমিশন। সর্বশেষ খবর পাওয়া পর্যন্ত রবিবার বিকেল পর্যন্ত রাজ্যে সাড়ে ৪ কোটির বেশি এনুমারেশন ফর্ম বিলি করা হয়েছে।

নির্বাচন কমিশনের তথ্য অনুযায়ী, গত পাঁচ দিনে ১২ নির্বাচনমুখী রাজ্যে এনুমারেশন ফর্ম বিলির ক্ষেত্রে রাজ্যগুলির গড় শতাংশের বিচারে অঙ্গরাজ্য হিসেবে গোয়ার পরেই রয়েছে পশ্চিমবঙ্গ। তবে জনসংখ্যার নিরিখে এবং রাজনৈতিক উন্মাদনায় পশ্চিমবঙ্গের ধারেকাছে নেই গোয়া। সেই হিসেবে রাজ্যগুলির মধ্যে তো বটেই বাকি তিনটি কেন্দ্রশাসিত অঞ্চল মিলিয়ে পশ্চিমবঙ্গই সেরা পারফর্মার তা বলার অপেক্ষা রাখে না।

প্রথম পাঁচ দিন শেষ হওয়ার আগেই নির্বাচনমুখী ১২ রাজ্যের মধ্যে অঙ্গরাজ্য হিসেবে পশ্চিমবঙ্গে শনিবার দুপুর পর্যন্ত ( কমিশনের প্রাপ্ত তথ্যের ভিত্তিতে) প্রায় ৪৬ শতাংশ ফর্ম বিলির কাজ শেষ হয়েছে। যেখানে বেশ কিছুটা পিছিয়ে রয়েছে তামিলনাড়ু অসম, কেরল, ছত্তিশগড়, রাজস্থান, গুজরাত, মধ্যপ্রদেশ ও উত্তরপ্রদেশের মত বড় রাজ্যগুলি। কমিশনের তথ্য অনুযায়ী এখনও পর্যন্ত ছত্তিশগড়ে ফর্ম বিলি হয়েছে মাত্র ১০ শতাংশ, গুজরাতে ৩৯ শতাংশের কিছুটা বেশি, কেরলে প্রায় ১৪ শতাংশ, গোয়ায় ৮৯ শতাংশ , মধ্যপ্রদেশে মাত্র ৭ শতাংশ, রাজস্থানে ২২ শতাংশ, তামিলনাড়ুতে ৩৯ শতাংশ, উত্তরপ্রদেশে মাত্র ৬ শতাংশ। অর্থাৎ ছোট্ট রাজ্য গোয়া ছাড়া বাকি সব বড় রাজ্যগুলোই পশ্চিমবঙ্গের পিছনে।

লক্ষ্যণীয় যে পশ্চিমবঙ্গ থেকেই প্রথম এসআইআর বিরোধিতায় আন্দোলনের ডাক দিয়েছিলেন রাজ্যের মুখ্যমন্ত্রী তথা তৃণমূলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। নির্বাচনী কাজে সরকারি কর্মীদের গাফিলতি-শাস্তি কার্যকর করা নিয়ে দীর্ঘসূত্রিতার জেরে একমাত্র পশ্চিমবঙ্গের মুখ্যসচিবকেই দিল্লিতে কমিশনের সদর দপ্তরে তলব করা হয়। রাজ্যের এসআইআর বিরোধিতা নিয়ে কেন্দ্রের শাসক বিজেপি নিত্যদিন রাজ্যের সরকার ও শাসকদল তৃণমূলকে তুলোধনা করছে। রাজ্যজুড়ে এসআইআর নিয়ে রাজনৈতিক সংঘাত চরমে। এসআইআর বিরোধিতায় রাজ্য-কমিশন সংঘাতও তুঙ্গে।

# গুজরাতে অস্ত্র চালানে ধৃত ৩

## নাশকতার ছক দেশের একাধিক শহরে



**আমদাবাদ, ৯ নভেম্বর:** জঙ্গি সংগঠন আইএসের সঙ্গে যোগাযোগ রেখে ভারতের একাধিক শহরে হামলার পরিকল্পনার অভিযোগে তিন জনকে গ্রেপ্তার করেছে গুজরাত পুলিশের সন্ত্রাসদমন শাখা (এটিএস)। রবিবার ওই তিন জনকে আমদাবাদ থেকে ধরা হয়েছে। অভিযোগ, অস্ত্র চালানের জন্য গুজরাতে পৌঁছেছিলেন তাঁরা। পুলিশ তাঁদের জিজ্ঞাসাবাদ শুরু করেছে।

সংবাদ সংস্থা এএনআই জানিয়েছে, ধৃতদের নাম আহমেদ মহিউদ্দিন সইদ, মহম্মদ সুহেল এবং আজাদ। এটিএস সূত্রে খবর, তিন জনের সঙ্গেই আইএস জঙ্গিদের যোগাযোগ রয়েছে। তাদের নির্দেশেই হামলার পরিকল্পনা করা হয়েছিল। এঁদের মাধ্যমেই চক্রান্তের মাথা পর্যন্ত পৌঁছোতে চাইছেন গোয়েন্দারা।

জানা গিয়েছে, ধৃতদের মধ্যে দু'জন উত্তরপ্রদেশের বাসিন্দা। আরেকজনের বাড়ি হায়দরাবাদে। সবারই বয়স ৩০ থেকে ৩৫ বছরের মধ্যে। সূত্রের দাবি, দীর্ঘ প্রায় এক বছরেরও বেশি সময় ধরে ধৃত তিনজনই গোয়েন্দা সংস্থার রেডারে ছিল। গোপন সূত্রে এদিন খবর আসে, গুজরাতে অস্ত্র সরবরাহ করতেই একজোট হচ্ছে তিনজন। সেই মতো আগে থেকে নিজেদের তৈরি রাখে গুজরাত এটিএসের আধিকারিকরা। একেবারে সাজানো ছকেই অস্ত্র সহবরাহের সময় হাতেনাতে তিন সন্দেভাজনকে গ্রেপ্তার করেন গুজরাত এটিএসের সদস্যরা।

তদন্তকারীদের অনুমান, দেশের বিভিন্ন জায়গাতে নাশকতা চালাতেই অস্ত্র মজুত করা হচ্ছিল। ধৃতদের কাছে একাধিক আগ্নেয়াস্ত্র, কার্তুজ-সহ বিভিন্ন সরঞ্জাম উদ্ধার করা হয়েছে। উদ্ধার হয়েছে বেশ কিছু নথিও। বলে রাখা প্রয়োজন, গত কয়েকদিন আগেই কাশ্মীরে জঙ্গিরা ফের হামলা চালাতে পারে বলে সেনাবাহিনীকে সতর্ক করে ভারতীয় গোয়েন্দা। পাক জঙ্গি সংগঠন লস্কর কিংবা জইশ এই হামলা চালাতে পারে বলেও সতর্ক করা হয়।গুজরাত এটিএস একটি বিবৃতি দিয়ে জানিয়েছে, দেশের একাধিক শহরে সুপরিকল্পিত এবং বড়সড় হামলার ছক কষছিলেন এই তিন জন। কোন কোন শহর তাঁদের নিশানায় ছিল, তা এখনও স্পষ্ট নয়। আর কারা এই চক্রান্তের সঙ্গে জড়িত, ধৃতদের জেরা করে তা জানার চেষ্টাও চলছে।

কয়েক মাস আগে আল কায়েদার পাঁচ সদস্যকে গ্রেপ্তার করেছিল গুজরাত এটিএস। তাঁদের মধ্যে বেঙ্গালুরুর এক মহিলাও ছিলেন। অভিযোগ, পাকিস্তানি জঙ্গিদের সঙ্গে যোগাযোগ রেখে অনলাইনে সন্ত্রাসবাদী কার্যকলাপকে সাহায্য করছিলেন ওই মহিলা। ভারতের নানা প্রান্তে হামলার ছক কষেছিলেন তাঁরাও। তবে রবিবারের এই তিন গ্রেপ্তারিকে এটিএসের বড় সাফল্য বলে মনে করা হচ্ছে।

উল্লেখ্য, পহেলগাঁওকাণ্ডের পর থেকেই দেশের বিভিন্ন প্রান্তে নিরাপত্তা আধিকারিক এবং গোয়েন্দা সংস্থাগুলি আগের চেয়ে বেশি সক্রিয় হয়ে উঠেছে। গুজরাতে আইএস-যোগ সন্দেহে গ্রেপ্তারিও এটিএসের সেই তৎপরতার ফল।

# 'রোহিঙ্গা বস্তি ফাঁকা, পালাচ্ছে অবৈধ বাংলাদেশিরা'

**নিজস্ব প্রতিবেদন:** 'রামরাজাতলা থেকে পালাচ্ছে অবৈধ বাংলাদেশিরা, ফাঁকা হচ্ছে রোহিঙ্গা বস্তি!' এসআইআর শুরু হতেই একের পর এক চাঞ্চল্যকর তথ্য সামনে আনলেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। এসআইআর (স্পেশ্যাল ইন্টেন্সিভ রিভিশন) শুরু হতেই পশ্চিমবঙ্গে উঠে আসছে একের পর এক বিস্ময়কর ও উদ্বেগজনক চিত্র। রাজ্যের বিভিন্ন প্রান্তে দেখা দিচ্ছে বিচিত্র সব পরিস্থিতি। কোথাও প্রশাসনিক বিশৃঙ্খলা, কোথাও আতঙ্ক, কোথাও আবার অস্বাভাবিক পরিসংখ্যান। রাজ্যের মুখ্য বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এই পরিস্থিতি নিয়ে একের পর এক বিস্ফোরক অভিযোগ তুলেছেন।



তাঁর বক্তব্য অনুযায়ী, রাজারহাট-নিউ টাউন এলাকার অবৈধ বাংলাদেশি কলোনিগুলিতে নেমেছে আতঙ্কের ছায়া। তিনি দাবি করেছেন, গুলশান কলোনির মতো এলাকায় গিয়ে বিএলও-রা কার্যত দিশেহারা হয়ে পড়ছেন। 'ঘিঞ্জি এলাকায় এমন মানুষজনের ভিড় যে ভোটার খুঁজে বের করা দুঃস্বপ্নের মতো। ওইসব এলাকায় অন্তত ৮৫ শতাংশ বাসিন্দা বহিরাগত। প্রায় ২ লক্ষ লোকের মধ্যে মাত্র ৪ হাজার ভোটার। এ কেমন ভারসাম্যহীন অবস্থা?' প্রশ্ন তুলেছেন শুভেন্দু।

তিনি আরও বলেন, ডায়মন্ড হারবার লোকসভা কেন্দ্রে অবাস্তব হারে বেড়েছে ভোটার সংখ্যা, বিশেষত মুসলিম ভোটারদের সংখ্যা। 'এই পরিসংখ্যান রাজ্যের ভোটার তালিকার প্রকৃত চিত্র স্পষ্ট করে দিচ্ছে', মন্তব্য তাঁর।

শুভেন্দু অধিকারী সংযুক্ত ভিডিওতে দুটি উদাহরণ তুলে ধরেছেন। তাঁর দাবি, দক্ষিণ ২৪ পরগনার জয়নগর বিধানসভার গোঁড়ের হাট খালপাড়ের বাংলাদেশি রোহিঙ্গা অনুপ্রবেশকারীদের বস্তি এখন প্রায় ফাঁকা। অন্যদিকে, হাওড়া জেলার রামরাজাতলায় শুরু হয়েছে পালানোর হিড়িক, 'অবৈধ বাংলাদেশিরা সেখান থেকে গা-ঢাকা দিচ্ছে', অভিযোগ শুভেন্দুর।

বিরোধী নেতা প্রশ্ন তুলেছেন, 'এসআইআর শুরু হতেই যদি এই চিত্র দেখা যায়, তাহলে এতদিন প্রশাসন কী করছিল? কার ছত্রছায়ায় এই অবৈধ অনুপ্রবেশ ও ভোটার কারচুপি চলছিল?' রাজ্যের আইনশৃঙ্খলা ও ভোটার তালিকার সততা নিয়ে এই অভিযোগ নতুন করে রাজনৈতিক উত্তাপ বাড়িয়েছে। এখন দেখার, প্রশাসন ও নির্বাচন কমিশন এই অভিযোগের প্রেক্ষিতে কী পদক্ষেপ নেয়।

## হুঁশিয়ারি শাহের

■ **অনুপ্রবেশে প্রশ্রয় দেওয়ার অভিযোগে ফের কংগ্রেস এবং আরজেডিকে আক্রমণ শানালেন বিজেপি নেতা তথা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। বিহারে দ্বিতীয় দফার ভোটের আগে রবিবার সাসারাম এবং আরওয়ালে প্রচারসভা সারেন শাহ। তাঁর অভিযোগ, অনুপ্রবেশকারীদের বাঁচাতেই রাহুল গান্ধি, তেজস্বী যাদবেরা বিহারে 'ভোটার অধিকার যাত্রা' করেছেন।**

## 'ঢাকা লকডাউন'

■ **বাংলাদেশের প্রাক্তন প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিরুদ্ধে মামলায় রায় ঘোষণা হবে আগামী সপ্তাহেই। আগামী বৃহস্পতিবার হাসিনা-সহ তিন জনের বিরুদ্ধে 'মানবতাবিরোধী' মামলার রায় ঘোষণা হবে। ওই দিনই 'ঢাকা লকডাউন' কর্মসূচি ডেকেছে হাসিনার দল আওয়ামী লীগ। তার আগে আগাম প্রস্তুতি নিয়ে রাখছে পুলিশও। বাংলাদেশের কিছু সংবাদপত্রেও এমনটা জানানো হয়েছে। যদিও এই প্রস্তুতির সঙ্গে আওয়ামীর কর্মসূচির কোনও যোগ রয়েছে, তা নিশ্চিত করা হয়নি।**

## বিশেষ প্রশিক্ষণ

■ **পথদুর্ঘটনায় মৃতদের অঙ্গও প্রতিস্থাপনের কাজে লাগুক। এমন ভাবনা থেকেই উদ্ধারকাজে বিশেষ প্রশিক্ষণ চাইছে কেন্দ্র। ইতিমধ্যেই কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রকের নিয়ন্ত্রণাধীন 'ন্যাশনাল অর্গ্যান অ্যান্ড টিস্যু ট্রান্সপ্ল্যান্ট অর্গানাইজেশন' (নোটো)-এর তরফে দেশের সব রাজ্যকে চিঠি পাঠানো হয়েছে। রাজ্যগুলিকে দেওয়া চিঠিতে কেন্দ্র বলেছে, দুর্ঘটনায় মৃতদের যাঁরা উদ্ধার করে থাকেন, তাঁদের বিশেষ প্রশিক্ষণ দিতে হবে। এই উদ্ধারকারীদের মধ্যে উল্লেখযোগ্য হলেন পুলিশকর্মী, অ্যাম্বুল্যান্স চালক এবং স্বাস্থ্যকর্মীরা।**

# চার বছরের শিশু ধর্ষিত, গ্রেপ্তার দাদু

## রাজ্যের আইনশৃঙ্খলা ভেঙে চুরমার, মুখ্যমন্ত্রী সম্পূর্ণ ব্যর্থ, তোপ শুভেন্দুর

**নিজস্ব প্রতিবেদন:** চার বছরের শিশুকন্যাকে অপহরণের পর যৌন নির্যাতনের অভিযোগে গ্রেপ্তার দাদু। ঘটনার পরেই তাঁকে আটক করে দফায় দফায় জিজ্ঞাসাবাদ করে পুলিশ। দীর্ঘ জিজ্ঞাসাবাদে একাধিক অসঙ্গতি পান তদন্তকারীরা। এরপরেই রবিবার অভিযুক্তকে গ্রেপ্তার করে পুলিশ। শনিবার চাঞ্চল্যকর ঘটনাটি ঘটে হুগলির তারকেশ্বরে। ঘটনাটিকে কেন্দ্র করে তুমুল উত্তেজনা ছড়ায় এলাকায়। তদন্তে নামে পুলিশ।শনিবার বেলায় তারকেশ্বর স্টেশন সংলগ্ন ড্রেন থেকে রক্তাক্ত অবস্থায় উদ্ধার করা হয় শিশুটিকে। পরিবারের অভিযোগ, শুক্রবার ভোর থেকেই তাকে খুঁজে পাওয়া যাচ্ছিল না। এরপর সেখান থেকে উদ্ধার করে শিশুটিকে তড়িঘড়ি নিয়ে যাওয়া হয় তারকেশ্বর গ্রামীণ হাসপাতালে। তবে প্রাথমিক প্রাথমিক চিকিৎসার পর শিশুটিকে ছেড়ে দেওয়া হয়। পরিবারের অভিযোগ ছিল, শিশুটিকে যৌন নির্যাতন করা হয়েছে। এমনকী ঘুমন্ত অবস্থাতেই মশারি কেটে শিশুকে দুষ্কৃতীরা তুলে নিয়ে যায় বলেও অভিযোগে জানায় পরিবার।

ঘটনাকে কেন্দ্র করে তীব্র উত্তেজনা ছড়ায়। তারকেশ্বর থানার সামনে বসে বিক্ষোভ দেখায় বিজেপি। যদিও ঘটনার পরেই তদন্তে নামে পুলিশ। তদন্তে নেমেই শিশুটির দাদুকে জিজ্ঞাসাবাদ করলে একাধিক অসঙ্গতি ধরা পড়ে। শনিবারেই তাকে আটক করা হয়েছিল। এরপর দফায় দফায় অভিযুক্তকে জিজ্ঞাসাবাদ করা হয়। রবিবার তাঁকে গ্রেপ্তার করে পুলিশ।

তারকেশ্বরে শিশুকন্যাকে যৌন নির্যাতনের ঘটনায় জড়িত একজনই। প্রাথমিক তদন্তের পরে জানালেন হুগলি গ্রামীণ পুলিশ সুপার কামনাশিস সেন। এই ঘটনায় তদন্তের জন্য গঠন করা হয়েছে পাঁচ জনের একটি দল। পুলিশ সুপার জানান, গুড়াপের শিশু ধর্ষণের মতো এই নির্যাতনেরও তদন্ত দ্রুতই শেষ করা হবে। এই ভয়াবহ ঘটনায় ক্ষুব্ধ প্রতিক্রিয়া দিয়েছেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। শুভেন্দু সরাসরি মুখ্যমন্ত্রীকেই দায়ী করেছেন। তাঁর তীব্র কটাক্ষ, 'একটি শিশুর জীবন ধ্বংস হয়ে গেল, অথচ পুলিশ রাজ্যের ভুয়ো আইনশৃঙ্খলা ইমেজ বাঁচাতে সত্যিটা গোপন করছে। এরা কি আইনরক্ষক, না মমতা বন্দ্যোপাধ্যায়ের চাটুকার? মনে হচ্ছে, তারকেশ্বর থানার পুলিশ তাদের শপথ ভুলে গিয়েছে।'

# কার্তিকের কলকাতাতেই শীতের হাতছানি

**নিজস্ব প্রতিবেদন:** কার্তিক মাসে প্রথম ঠান্ডার পরশ পেল শহরবাসী। আবহাওয়ার চরিত্রে স্পষ্ট বদল লক্ষ করছে আলিপুরের হাওয়া অফিস। জানিয়েছে, শীতের আভাস এবার আগেভাগেই মিলছে। রবিবার সকাল থেকে শহরেহিমেল পরশ অনুভূত হয়েছে। বিশেষজ্ঞদের অনুমান, আগামী সপ্তাহেই কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা নেমে যেতে পারে ২০ ডিগ্রির নিচে।

বিশেষজ্ঞদের মতে, দক্ষিণবঙ্গের একাধিক জেলায় পারদের পতন আরও স্পষ্ট হবে। পশ্চিমাঞ্চল, যেমন পুরুলিয়া, বাঁকুড়া বা বীরভূমে, রাতে তাপমাত্রা ১৫ ডিগ্রির নিচে নামার সম্ভাবনাও উড়িয়ে দেওয়া যাচ্ছে না। ফলে বলা যায়, শীতের আগমনী বার্তা এবার অনেকটা আগে পৌঁছেছে বাংলার দোরগোড়ায়।

তবে এখনও সেটিকে পূর্ণাঙ্গ শীত বলা যাবে না। হাওয়া অফিস সূত্রে জানা গিয়েছে, পারদ টানা কয়েক দিন ১৫ ডিগ্রির নিচে থাকলেই প্রকৃত শীত ধরা পড়ে। সাধারণত দক্ষিণবঙ্গে এই স্তরে নামতে ডিসেম্বরের দ্বিতীয় সপ্তাহ পর্যন্ত অপেক্ষা করতে হয়। কিন্তু এ বছর মৌসুমী অবস্থার পরিবর্তনে তাপমাত্রা আগেভাগেই নামছে বলে মনে করছেন বিশেষজ্ঞরা।



গত শনিবার শ্রীনিকেতনে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৫ ডিগ্রি, আসানসোলে ১৬, পুরুলিয়ায় ১৭ ডিগ্রি সেলসিয়াস। অর্থাৎ গ্রামীণ ও পশ্চিমাঞ্চলীয় জেলাগুলিতে শীতের প্রভাব ইতিমধ্যেই শুরু। আবহাওয়াবিদদের ধারণা, আসন্ন সপ্তাহে এই তাপমাত্রা আরও নামতে পারে।

পাহাড়ি অঞ্চলেও কুয়াশা আর ঠান্ডা হাওয়া মিলিয়ে শীতের ছোঁয়া ছড়িয়ে পড়েছে। দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি ও কোচবিহারে সকাল থেকেই কুয়াশা পড়ছে। যদিও দার্জিলিং ও কালিম্পঙে এখনও সামান্য বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

রবিবার কলকাতায় সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩০.২ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের চেয়ে সামান্য কম। সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২১.০৬ ডিগ্রি, অর্থাৎ গড় মানের চেয়ে সামান্য বেশি। বাতাসে সর্বাধিক আর্দ্রতা ছিল ৮২ শতাংশ, ন্যূনতম ৩৮ শতাংশ।

কার্তিক মাসের শেষভাগেই তাপমাত্রার এই পতন সাধারণ সময়ের তুলনায় অস্বাভাবিক হলেও, নাগরিকেরা তা নিয়েই আনন্দিত। সকালের কুয়াশা, সন্ধ্যার ঠান্ডা হাওয়া আর তিল তিল করে নামতে থাকা পারদ, সব মিলিয়ে শীতের আগমনী বার্তা এবার সত্যিই স্পষ্ট।

## শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

**নাম-পদবী**

আমি Paramita Bhadra স্বামী Soumen Chakraborty, নিবাস-1/43, Sree Colony, P.O.- Regent Estate, P.S.- Netaji Nagar, Kolkata-700092. গত ৭.১১.২০২৫ ফার্স্ট ক্লাস জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট কোর্ট আলিপুরের এফিডেভিটে (৬৮০৪৮) Paramita Chakraborty নামে পরিচিত হলাম। Paramita Bhadra এবং Paramita Chakraborty এক ও অভিন্ন ব্যক্তি।

**নাম-পদবী**

আমি Paramita Chakraborty, স্বামী Soumen Chakraborty, পিতা late Anjan Paul, নিবাস 1/43, Sree Colony, P.O.- Regent Estate, P.S-Netaji Nagar, Kolkata-700092, কিছু নথিতে আমার পিতার নাম আছে Anjan Pal. গত ৭.১১.২০২৫ ফার্স্ট ক্লাস জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আলিপুর কোর্টের এফিডেভিট (৬৮০৪৯) বলে আমার পিতা Anjan Paul নামে পরিচিত হলেন। Anjan Pal এবং Anjan Paul একই ব্যক্তি।

**CHANGE OF NAME**

I, Sanjana Soni, D/o Rupchand Soni, W/o Manoj Soni Residing at 15, Sir Hariram Goenka Street, Barabazar, Kolkata-700007 have changed my name and shall henceforth be known as Sanju Soni as declared before the 1st Class Judicial Magistrate, Alipore, Kolkata, vide Affidavit No. 95067 dated 22.09.2025 "SANJANA SONI" and "SANJU SONI" both are same and identical person.

*Name Change*

I Bimal Ghosh S/o Late Nilkanta Ghosh Residing at Prantik, Sayer bithi Purba, Taltor, Santiniketan, Birbhum District, Pin-731235 shall henceforth be known as Bimal Kumar Ghosh as declared before the Notary Public, Bolpur Birbhum West Bengal vide affidavit no 08 AC 311834 on 07/11/2025 ( Bimal Ghosh) and ( Bimal Kumar Ghosh) both are same and identical person.

**আমমোক্তারনামা সংক্রান্ত বিজ্ঞপ্তি**

এতদ্বারা সকলকে জানানো যাইতেছে যে, **১)মহুয়া সিনহা দত্ত ওরফে মহুয়া দত্ত** পিতা ৺শ্যামল কান্তি সিনহা ওরফে শ্যামল কান্তি সিংহ, সাকিম সিনহা সেন বৈঁচীগ্রাম, পাভুয়া, হুগলী-৭১২১৩৫, মহাশয়া বিগত ইং ০২/০২/২০২২ তারিখে এ.ডি.এস.আর, পাভুয়া, হুগলী অফিসে রেজিস্ট্রিকৃত IV-0013/2022 নং আমমোক্তারনামা দলিলমুলে আমাকে (**কৃষ্ণা সিনহা ওরফে কৃষ্ণা সিংহ** স্বামী ৺শ্যামল কান্তি সিনহা ওরফে শ্যামল কান্তি সিংহ, সাকিম বৈঁচীগ্রাম, পাভুয়া, হুগলী-৭১২১৩৫), এবং **২)উর্ম্মিলা সিংহ দাস** স্বামী তীর্থ দাস, পিতা ৺সোমনাথ সিংহ সাকিম বৈঁচীগ্রাম, পাভুয়া, হুগলী-৭১২১৩৫, মহাশয়া বিগত ইং ১৯/০৭/২০১৩ তারিখে এ.ডি.এস.আর, পাভুয়া, হুগলী অফিসে রেজিস্ট্রিকৃত IV-0094/2013 নং আমমোক্তারনামা দলিলমুলে আমাকে (**শোভা সিংহ** স্বামী ৺সোমনাথ সিংহ সাকিম বৈঁচীগ্রাম, পাভুয়া, হুগলী-৭১২১৩৫), এবং **৩)মণিমালা সিংহ দত্ত** স্বামী তমোজিৎ দত্ত, পিতা ৺সোমনাথ সিংহ সাকিম বৈঁচীগ্রাম, পাভুয়া, হুগলী-৭১২১৩৫, মহাশয়া বিগত ইং ২১/০৪/২০১৭ তারিখে এ.ডি.এস.আর, পাভুয়া, হুগলী অফিসে রেজিস্ট্রিকৃত IV-0004/2017 নং আমমোক্তারনামা দলিলমুলে আমাকে (**শোভা সিংহ** স্বামী ৺সোমনাথ সিংহ সাকিম বৈঁচীগ্রাম, পাভুয়া, হুগলী-৭১২১৩৫), একুনে তিনটি পৃথক পৃথক আমমোক্তারনামা দলিলমুলে আমাদেরকে (**কৃষ্ণা সিনহা ওরফে কৃষ্ণা সিংহ ও শোভা সিংহ**) ক্ষমতাপ্রাপ্ত আমমোক্তার নিযুক্ত করেন এবং উক্ত ক্ষমতাপ্রাপ্ত আমমোক্তারনামা ও স্বয়ং ক্ষমতা বলে আমরা আমমোক্তার গ্রহীতাদ্বয় উক্ত সম্পত্তির অপর শরিক **শুভাশিস সিনহা ওরফে শুভাশিস সিংহ** পিতা ৺শ্যামল কান্তি সিনহা ওরফে শ্যামল কান্তি সিংহ, মহাশয়ের সহিত যৌথ ভাবে নিম্নোক্ত তপশীল বর্ণিত সম্পত্তি বিগত ইং ০২/০৫/২০২৫ তারিখে এ.ডি.এস.আর, পাভুয়া, হুগলী অফিসে রেজিস্ট্রিকৃত I-02212/2025 নং বিক্রয় কোবালা দলিল মূলে **১)শুভেন্দু গাইন ও ২)অরিবিন্দ গাইন**, উভয়ের পিতা সুকুমার গাইন, উভয়ের সাকিম তালবোনা, পাভুয়া, হুগলী-৭১২১৩৪, মহাশয়দ্বয়কে ১.৬২ শতক সম্পত্তি বিক্রয় করিয়াছি। তপশীল - জেলা হুগলী, থানা পাভুয়া, মৌজা চাঁপাহাটি, ৫২ নং জে.এল. ভুক্ত, হাল এল.আর. ৬৮০ ও ৮০৮ নং খতিয়ানে, সাবেক ৩৫৭ তথা হাল এল.আর. ৩৭৩ নং দাগে বাস্তু ষোল আনায় ২৭ শতকের মধ্যে ০.০৬০০ অংশে ১.৬২ শতক সম্পত্তি অত্র দলিলে আমমোক্তারনামা ও স্বয়ং ক্ষমতা বলে উক্ত সম্পত্তির অপর শরিকের সহিত যৌথ ভাবে বিক্রয়কৃত সম্পত্তি হইতেছে। এতদ্বারা সকলকে অবগত করা যাইতেছে যে, বর্তমান ক্রেতাদ্বয় **১)শুভেন্দু গাইন ও ২)অরিবিন্দ গাইন**, উভয়ের পিতা সুকুমার গাইন, তাহাদের উক্ত খরিদা সম্পত্তি নিজ নিজ নামে নাম পত্তন করিবার জন্য **বি.এল এ্যান্ড এল.আর.ও পাভুয়া ব্লক অফিসে** আবেদন করিয়াছেন/করিতেছেন, ইহাতে কাহারও কোন আইনানুগত আপত্তি থাকিলে বিজ্ঞপ্তি প্রচার হইবার ১ মাসের মধ্যে সংশ্লিষ্ঠ অফিসে আপত্তি জানাইতে পারিবেন, অন্যথায় নিয়ম অনুসারে কার্য্য হইবে।

ইতি- **কৃষ্ণা সিনহা ওরফে কৃষ্ণা সিংহ ও শোভা সিংহ** (আমমোক্তারদ্বয়)





## আজকের দিনটি কেমন যাবে?

**আজ ১০ই নভেম্বর। ২৩শে কার্তিক। সোম বার। পঞ্চমী তিথি, জন্মে মিথুন রাশি, অষ্টোত্তরী চন্দ্র র ও বিংশোত্তরী বৃহস্পতি র মহাদশা। মৃতে দ্বীপাদ দোষ।**

**মেষ রাশি :** নতুন তথ্য পাবেন, যা প্রচারের ফলে সামাজিক সম্মানবৃদ্ধি হবে। দিদি বা শালী সম্পর্কের স্বজন দ্বারা আনন্দবৃদ্ধি। পরিবারে বিবাহ বিষয়ে যে কথা আটকে ছিল, আজ তা পূর্ণতা পাবে। প্রতিবেশীর আচরনে সমস্যা মুক্তি। বিদ্যায় সফলতা। মন্ত্রঃ দেবী দুর্গা চন্ডি পাঠ।

**বৃষ রাশি :** যে কথাটা বোঝাতে পারেন নি, সেই কথাটা পুনরায় বোঝাতে গিয়েই সমস্যাটা তৈরী হবে। সতর্ক থাকা ভাল। প্রেমিক কিছুতেই আজ প্রেমিকার কথা মানবে না। এ বিষয়ে তার পরিবারের সদস্যদের কথাকেই গুরুত্ব দেবে। বিদ্যার্থীদের শুভ নয়। বাণিজ্যে দুঃশ্চিন্তা বৃদ্ধি। মন্ত্রঃ শিবমন্ত্র।

**মিথুন রাশি :** দিনটি শুভ হবে। দুই নারীর বুদ্ধির বলে, আপনার কৌশলে আজ সমস্যা মুক্তি। ধৈর্য্য ধরার ফল মিঠা হলো। প্রেমিকের বাড়ির স্বজনরা কথা পাকা করতে পারে। কোন বস্তু বা কৃষি জমি থেকে আয় বৃদ্ধি। মন্ত্রঃ আদ্যাশক্তি দূর্গা মন্ত্র।

**কর্কট রাশি :** অর্থ বৃদ্ধি হবে। দোকান ব্যাবসায়ীদের জন্যে নতুন পথের সন্ধান উচ্চবিদ্যাযোগে সফলতা। বিদ্যাযোগে শুভ। দেশের বাইরে কাজ করতে থাকা সন্তান বা স্বজনদের থেকে লাভ প্রাপ্তি। লেখক সাংবাদিকদের তথ্য সংগ্রহে প্রভাবশালী ব্যক্তির সহযোগিতা প্রাপ্ত মন্ত্রঃ দেবী কাত্যায়নী মন্ত্র।

**সিংহ রাশি :** মানুষের সেবা করা, সামাজিক অনুষ্ঠানে অংশ নেওয়া স্বজন পরিজন-বান্ধবদের নিয়ে শুভ চিন্তাকরার ফল আজ সম্মানপ্রাপ্তি শ্বশুর বাড়ির তিন সদস্য আপনার প্রসংশায় পঞ্চমুখ কোন বাস্তু বা কৃষিজমি ক্রয় বিক্রয়ে লাভ প্রাপ্তি। মন্ত্রঃ গণেশমন্ত্র।

**কন্যা রাশি :** সামাজিক বাতাবরনে আপনার সহযোগিতায় কোন শুভ কাজ সু-সম্পন্ন হবে। বিদ্যালয় নিয়ে সন্তানকে কেন্দ্র করে যে মানষিক দুঃশ্চিন্তা ছিল-তা আজ মিটে যাবে। প্রতিবেশী আচরনে যে মানষিক আঘাত পেয়েছিলেন-আজ আনন্দযুক্ত দিন। মন্ত্রঃ অদ্যাস্ত্রোত্র পাঠ।

**তুলা রাশি :** সততা শুভত্ব। আনন্দ। বিদ্যাভাগ্য শুভ। অর্থ প্রাপ্তি। বিশেষত যারা পরামর্শদাতা তাদের ধনপ্রাপ্তি। যে ব্যবসায়িক চুক্তি হলে আপনি নিশ্চিন্ত হবেন আজ তার দিন। তবে ঐ বিরুদ্ধ মতের মহিলা থেকে সতর্ক থাকুন। মন্ত্রঃ কালীমন্ত্র।

**বৃশ্চিক রাশি :** ঘরদোর সাজানো হবে। পরিবারে নতুন গৃহসরঞ্জাম আসবে। ইলেকট্রিক্যাল দ্রব্য দ্বারা দাম্পত্যে খুশীর বাতাবরণ। যিনি পরিবারের বয়জ্যেষ্ঠ তাকে সম্মান প্রদর্শন করলে ঈশ্বর প্রীতি হবেন, তাই আজ আপনার অতীব শশুভ দিন।

**ধনু রাশি :** বাণিজ্যে অর্থ লাভ। কোন পোষ্য থাকে এতোদিন নিজের সন্তানের মতো ভালবেসে এসেছেন, আজ তার জন্যে সামাজিক সম্মান বৃদ্ধি। বিদ্যার্থীদের জন্যে সুখবর, যারা কর্ম উদ্দেশ্যে প্রতিযোগিতা মূলক পরীক্ষা দিয়েছিলেন-কোন সুখবর প্রাপ্তির দিন আজ মন্ত্রঃ দেবী দুর্গা মন্ত্র।

**মকর রাশি :** ধৈর্য্য ধরতে হবে-আজ দিনটি মিশ্রনিদ, শুভাশুভ মিত্র। বাড়ি-জমি-বাস্তু কৃষিজমি বিষয়ে কিছু ভাবছেন-তা থেকে ক্ষতির সম্ভাবনা। দাম্পত্যে অশান্তির কারন-তৃতীয় ব্যক্তি। বিদ্যায় অশুভ। মন্ত্রঃ দুর্গামন্ত্র।

**কুম্ভ রাশি :** প্রতিযোগীতা মূলক পরীক্ষাতে সাফল্য ।কর্মের অনুসন্ধানে নতুন রাস্তা। গৃহশান্তি। বাণিজ্যে লাভ। দাম্পত্যে সুখ। মন্ত্রঃ কালীমন্ত্র। অবিবাহিত র বৈবাহিক সম্পর্কের উন্নতি।

**মীন রাশি :** প্রতাবিত হওয়ার সম্ভাবনা। ইলেকট্রিক্যাল বা মেকানিক্যাল বিষয়ে যারা এক্সপার্ট তাদের যে কাজের গতি এসেছিল আজ তা সমস্যা যুক্ত। যারা মাছের ব্যবসা করেন-তাদের দুঃশ্চিন্তা। মন্ত্রঃ দেবী দুর্গা মন্ত্র।

**(রাষ্ট্রগুরু সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় শুভ ভুমিষ্ঠ দিবস। শহীদ কানাই লাল দত্ত র প্রয়াণ দিবস। শ্রী শ্রী সীতারাম দাস ওঙ্কার নাথে র প্রয়াণ দিবস।)**

**ঘোষণা**- এই পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের সত্যতা সম্পর্কে এজেন্ট বা পত্রিকা কর্তৃপক্ষ কোনওভাবে দায়বদ্ধ নয়।

# ১১ ও ১২ ডিসেম্বর বাঘশুমারি, দুই দিন সুন্দরবনের জলপথে পর্যটক প্রবেশ নিষিদ্ধ

**নিজস্ব প্রতিবেদন, সুন্দরবন:** আগামী ১১ ও ১২ ডিসেম্বর সুন্দরবনের একাধিক এলাকায় পর্যটকদের প্রবেশে নিষেধাজ্ঞা জারি করেছে সুন্দরবন টাইগার রিজার্ভ কর্তৃপক্ষ। বাঘশুমারির প্রথম পর্যায়ের কাজ সেই সময় চলবে বলে ওই দুই দিন জলপথে কোনও পর্যটকবাহী লঞ্চ বা নৌকো জঙ্গলে ঢুকতে পারবে না। কর্তৃপক্ষের সাম্প্রতিক নির্দেশিকায় জানানো হয়েছে, ওই সময় ট্র্যাপ ক্যামেরা বসানো, বাঘের পায়ের ছাপ সংগ্রহ ও অন্যান্য প্রাকৃতিক চিহ্ন বিশ্লেষণের কাজ চলবে। শুমারির সময় পর্যটকদের উপস্থিতি বা নৌযানের শব্দে বন্যপ্রাণীর চলাচল ও তথ্য সংগ্রহে বিঘ্ন ঘটতে পারে বলেই এই নিষেধাজ্ঞা জারি করা হয়েছে।



সূত্রের খবর, ১১ ও ১২ ডিসেম্বর অনলাইন বুকিং পরিষেবাও বন্ধ থাকবে। ফলে সেই সময় কোনও পর্যটনকেন্দ্র, রিসোর্ট বা বোটের মাধ্যমে সুন্দরবনে প্রবেশ করা সম্ভব হবে না। এই সিদ্ধান্তে ইতিমধ্যেই বোটমালিক ও ট্যুর অপারেটরদের মধ্যে চাঞ্চল্য দেখা দিয়েছে। অনেকে আগেই ওই তারিখে বুকিং নিয়েছিলেন। সুন্দরবন বোটমালিক সংগঠনের এক সদস্য জানান, আমাদের অনেকেরই ওই দিন পর্যটকদের বুকিং ছিল। প্রশাসনের নির্দেশ মান্য করে সব বুকিং বাতিল করা হচ্ছে এবং পর্যটকদের অর্থ ফেরত দেওয়া হবে। আর্থিক ক্ষতি হলেও আমরা পরিবেশ ও বন্যপ্রাণ রক্ষার স্বার্থে সরকারের সিদ্ধান্তকে সমর্থন জানাচ্ছি। টাইগার রিজার্ভের আধিকারিকদের মতে, বাঘের সংখ্যা নির্ধারণের এই কাজ প্রতিবছর নির্দিষ্ট সময়েই হয়। প্রায় প্রতি চার বছরে একবার বড় মাপের শুমারি পরিচালিত হয়, তবে প্রতি বছরই কিছু অঞ্চলভিত্তিক পর্যবেক্ষণ চালানো হয়। এবার ডিসেম্বরের দ্বিতীয় সপ্তাহে শুরু হচ্ছে সেই প্রাথমিক পর্যায়ের কাজ।

সুন্দরবন টাইগার রিজার্ভ কর্তৃপক্ষের আশা, পর্যটন নিষেধাজ্ঞার এই অল্প সময়ের মধ্যেই শুমারির প্রথম ধাপ সফলভাবে সম্পন্ন হবে, যা পরবর্তী বন্যপ্রাণ সংরক্ষণ পরিকল্পনায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

# শালিমারে তৃণমূল ক্যাম্পে বসে ফর্ম বিলি! নির্বাচন কমিশনে অভিযোগ বিজেপির

**নিজস্ব প্রতিবেদন, হাওড়া:** হাওড়ার রাজনীতিতে ফের উত্তেজনা। শালিমারের ৩৯ নম্বর ওয়ার্ডের ২ নম্বর বুথে তৃণমূল কংগ্রেসের ক্যাম্পে বসে ভোটার এনুমারেশন ফর্ম বিলির অভিযোগ ঘিরে তীব্র তরজা। বিজেপির অভিযোগ, নির্বাচন কমিশনের নিয়ম ভেঙে বুথ লেভেল অফিসার বা বিএলও সরাসরি শাসক দলের ক্যাম্প থেকে ফর্ম বিলি করছেন। রবিবার ওই ঘটনার পর আনুষ্ঠানিক অভিযোগ জমা দিয়েছে বিজেপি। স্থানীয় বাসিন্দারা জানান, বাড়ি-বাড়ি না গিয়ে বিএলও তৃণমূলের 'ভোট রক্ষা ক্যাম্প'-এ বসে ফর্ম বিলি করছেন। তাঁদের দাবি, কমিশনের নির্দিষ্ট নির্দেশ অনুযায়ী ভোটার সংশোধনের কাজ বাড়ি-বাড়ি গিয়ে করার কথা, কিন্তু বাস্তবে সেই নিয়ম মানা হচ্ছে না। এতে নির্বাচনী প্রক্রিয়ার স্বচ্ছতা ও নিরপেক্ষতা প্রশ্নের মুখে পড়েছে।

জেলা বিজেপির অভিযোগ, শাসক দলের প্রভাবেই সরকারি আধিকারিকরা নিয়ম উপেক্ষা করছেন। বিজেপির রাজ্য সম্পাদক উমেশ রাই বলেন, এভাবে ফর্ম বিলি করা সম্পূর্ণ বেআইনি। নির্বাচন কমিশনের নির্দেশ অমান্য করে শাসক দলের ক্যাম্প থেকে ফর্ম বিলি করা মানে প্রশাসনিক নিরপেক্ষতার ওপর আঘাত।

তবে শুধু শালিমার নয়; রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকেই একই ধরনের অভিযোগ উঠে আসছে। কোথাও ক্লাবঘর, কোথাও ব্যক্তিগত বাড়ি বা ক্যাম্পে বসেই ফর্ম বিলি চলছে বলে খবর। একাধিক জায়গায় অভিযোগের ভিত্তিতে নির্বাচনী আধিকারিকরা সংশ্লিষ্ট বিএলওদের সতর্ক করেছেন এবং কয়েক জনকে শো-কজ নোটিসও পাঠানো হয়েছে।

রাজনৈতিক মহলের মত, এই ঘটনা রাজ্যে চলতি ভোটার তালিকা সংশোধন অভিযানকে নতুন করে বিতর্কের কেন্দ্রে এনেছে। নির্বাচন কমিশন স্বচ্ছতা বজায় রাখতে বিএলওদের বাড়ি-বাড়ি গিয়ে কাজ করার নির্দেশ দিলেও, বাস্তবে দলীয় ক্যাম্প থেকে ফর্ম বিলি প্রশাসনিক বিশ্বাসযোগ্যতার বড় প্রশ্ন তুলে দিয়েছে।

## ভক্তির ধোঁয়ায় হারিয়ে যাচ্ছে শ্রদ্ধা, দেবতার ছবিও আজ ময়লায়!

# ধূপ জ্বালিয়ে প্রার্থনা, আর সেই ধূপের প্যাকেটেই দেবতার চিত্র; শেষে পায়ের তলায় 'অভক্তির' প্রতীক

**রাজীব মুখোপাধ্যায়**

ভোরবেলা কিংবা সন্ধ্যায়, বাংলার প্রতিটি ঘরে তখন ধূপের ধোঁয়ায় ভরে ওঠে ভক্তির আবহ। কেউ মন্ত্র পড়ছেন, কেউ হাতজোড় করে চোখ বুজে প্রার্থনা করছেন; ওঁ জয় মা, ওঁ নমো শিবায়। আলো-ধোঁয়ার মিশ্রিত সেই গন্ধে যেন মিশে থাকে শান্তি, ভক্তি, ভালোবাসা। কিন্তু প্রার্থনা শেষে, যখন সেই ধূপের প্যাকেটটি পড়ে থাকে ড্রেনের পাশে, অথবা পায়ের নিচে পিষ্ট হয়ে যায় দেবতার মুখখানি; তখন কি সেই শান্তি অক্ষত থাকে?




চিত্রটা এখন প্রায় সর্বত্রই দেখা যাচ্ছে। দোকানে বিক্রি হওয়া ধূপের প্যাকেটের গায়ে ঝলমল করছে দেবদেবীর ছবি। কেউ তাতে দুর্গা, কেউ শিব, কেউ বা লক্ষ্মী-গণেশের প্রতিকৃতি ছাপেন, যেন দেবতার আশীর্বাদে বিক্রি বাড়বে। কিন্তু পুজো শেষে সেই প্যাকেট যখন পড়ে থাকে ময়লার স্তূপে, তখন ভক্তির সেই চিত্রই যেন পরিণত হয় এক অস্বস্তিকর প্রশ্নে; আমরা কি ভক্ত, না অভ্যাসবশত পূজারি?

ডোমজুরের রাজু সর্দার নামের এক ভক্তের গলায় ক্ষোভ ও বেদনা মিশে, এই দৃশ্য দেখে মন খারাপ হয়ে যায়। আমি এখন আর দেবদেবীর ছবি দেওয়া ধূপের প্যাকেট কিনি না। ভাবুন তো, নিজের বাবা-মায়ের ছবি যদি কেউ ময়লায় ফেলে দেয়, কেমন লাগবে? দেবদেবীর ছবির ক্ষেত্রেও তো একই কথা।

রাজু আরও বলেন, সবাই যদি সচেতন হয়, এবং এই ধরনের প্যাকেট না কেনে, তাহলে ধীরে ধীরে এই অভ্যাস বদলাবে। ভক্তি মানে শুধু ধূপ জ্বালানো নয়; দেবতার প্রতি শ্রদ্ধা রাখা। তন্ত্রসাধিকা গীতা মা-র কণ্ঠে যেন তীব্র আক্ষেপ, এটা ভীষণ লজ্জার। ব্যবসায়ীদের কাছে আবেদন; দেবদেবীর নাম বা ছবি ব্যবহার করে ধূপ বিক্রি করবেন না। কারণ ব্যবহার শেষে সেই প্যাকেটই রাস্তায় পড়ে থাকে, পায়ের তলায় পড়ে অপমানিত হন দেবতার চিত্র। ভক্তরা বুঝতেও পারেন না, প্রার্থনার ধোঁয়ার পরেই তারা সেই দেবতার ছবিকেই অপবিত্র করছেন।

অন্যদিকে 'পথিক আশ্রম'-এর প্রতিষ্ঠাতা পণ্ডিত রামচন্দ্র ঘোষাল বাবু সরাসরি বলেন, এটা ভক্তি নয়, অভক্তির পরাকাষ্ঠা। একদিকে দেবীর সামনে ধূপ জ্বালানো, আর অন্যদিকে একই দেবীর ছবি-সহ প্যাকেট ডাস্টবিনে ফেলা; এটা ভক্তি নয়, ভণ্ডামি। মুক্তির প্রার্থনা করে যে দেবতার মুখকেই মাটিতে ফেলে দেয়, তার ভক্তি কতটা আন্তরিক সেটা নিয়ে প্রশ্ন তোলা দরকার। পণ্ডিতবাবুর আরও সংযোজন, ভক্তি মানে শুধু রীতি পালন নয়, ভেতরের শ্রদ্ধা। দেবতার প্রতিকৃতিও সেই শ্রদ্ধার প্রতীক। তাকে অপমান করলে পুজোর আচারও অপূর্ণ থেকে যায়।

ভক্তির ধোঁয়া মিলিয়ে যায় আকাশে, আর তার নিচে পড়ে থাকে দেবতার মুখ। হয়তো কোনো শিশুর পা তাতে পড়ে যায়, কিংবা কোনো পথকুকুর সেটাকে ছিঁড়ে নিয়ে যায় ড্রেনের দিকে। সেই মুহূর্তে যেন প্রশ্ন ভেসে ওঠে বাতাসে, ধূপ জ্বালিয়ে প্রার্থনার ধোঁয়ার সঙ্গে উড়ে যাচ্ছে না তো আমাদের আন্তরিকতার সারাংশ!

# ২০০২ সালের ভোটার তালিকা থেকে নাম উধাও পাঁচবারের পুরপিতার

**নিজস্ব প্রতিবেদন, ব্যারাকপুর:** ১৯৯৫ সাল থেকে ২০২২ সাল পর্যন্ত একটানা খড়দা পুরসভার কাউন্সিলর ছিলেন তাপস দাশগুপ্ত। অথচ ২০০২ সালের ভোটার তালিকা থেকে নাম উধাও তাপসবাবু-সহ তাঁর পরিবারের। তবে ২০০২ সালের ভোটার তালিকায় নিজের নাম না থাকায় হতবাক বর্ষীয়ান এই তৃণমূল নেতা। রবিবার সংবাদ মাধ্যমের মুখোমুখি হয়ে প্রাক্তন কাউন্সিলর তাপস দাশগুপ্ত বলেন, ২০০২ সালের ভোটার তালিকায় তাঁর নাম নেই। পাশাপাশি তাঁর পরিবারের সদস্য-সহ এলাকার আরও কমপক্ষে ৫০ জনের বেশি প্রবীণ বাসিন্দার নাম উধাও।

কিভাবে তালিকা থেকে তাঁর নাম বাদ গেল, তা তিনি বুঝতে পারছেন না। তাঁর অভিযোগ, তাড়াহুড়ো করে ২০০২ সালের ত্রুটিপূর্ণ ভোটার তালিকা সামনে রেখে এসআইআর হচ্ছে।



বিনা হেলমেটে বাইকে জয় রাইড।

# মন্দিরে এসআইআর-এর ফর্ম বিলি, তীব্র রাজনৈতিক তরজা

**নিজস্ব প্রতিবেদন, হাওড়া:** ধর্ম ও গণতন্ত্র কি একসঙ্গে মেশানো যায়? শিবপুরের ঘটনায় সেই বিতর্ক ফের জোরালো। অভিযোগ, মুচিপাড়া এলাকার শীতলা কালী মন্দিরে টানা তিন দিন ধরে ভোটের ফর্ম বিলি করছিলেন এক বুথ লেভেল অফিসার (বিএলও)। ঘটনাটি প্রকাশ্যে আসতেই শুরু হয়েছে তীব্র রাজনৈতিক তরজা। ঘটনা ৯৯ নম্বর বুথের বিএলও দেবাশিস দাসকে ঘিরে। অভিযোগ, তিনি ওই মন্দিরের প্রাঙ্গণে বসেই এসআইআর ফর্ম বিলি করছিলেন। সাংবাদিকরা উপস্থিত হতেই তড়িঘড়ি ব্যাগে ফর্ম ঢোকাতে শুরু করেন তিনি। পরে স্বীকারও করেন;হ্যাঁ, এখানে বসেই ফর্ম দিচ্ছিলাম।

নিজের সাফাইয়ে দেবাশিসবাবুর বক্তব্য, মানুষের সুবিধার কথা ভেবেই মন্দিরে বসেছিলাম। এতে কারও ক্ষতি হয়নি। তবে বিতর্ক ছড়াতেই তিনি জানান, সোমবার থেকে বাড়ি বাড়ি গিয়েই ফর্ম বিলি করব।

কিন্তু বিজেপি সমর্থিত কর্মী ও বুথ লেভেল এজেন্টদের (বিএলএ) দাবি, এটা সরাসরি নির্বাচন কমিশনের নিয়ম ভঙ্গ। ধর্মীয় স্থানে ভোটের কাজ করা সম্পূর্ণ বেআইনি। তাঁদের অভিযোগ, এভাবে প্রশাসন তৃণমূল ঘনিষ্ঠ বিএলওদের ছাড় দিচ্ছে।

রাজ্যের অন্যান্য এলাকাতেও সম্প্রতি অনুরূপ অভিযোগ উঠেছে; কোথাও মসজিদে, কোথাও ক্লাবে, কোথাও আবার বেসরকারি বাড়িতে বসে ফর্ম বিলির নজির মিলেছে। ফলে প্রশ্ন উঠছে, নির্বাচন কমিশন কি সত্যিই মাঠপর্যায়ের কর্মকাণ্ডে নজরদারি রাখতে পারছে?

শিবপুর বিধানসভা কেন্দ্রের এই ঘটনায় প্রশাসন ও নির্বাচন দপ্তর এখনো কোনো মন্তব্য করেনি। কিন্তু বিজেপি শিবির ইতিমধ্যেই এটিকে বড় রাজনৈতিক ইস্যু করে তুলেছে। তাঁদের দাবি, ধর্মীয় আবহে প্রশাসনের এই নীরবতা গণতন্ত্রের জন্য বিপজ্জনক। সামনে বিধানসভা ভোট, আর তাতে ধর্মস্থানে ফর্ম বিলির এই ঘটনা রাজ্যের রাজনৈতিক বাতাসে নতুন উত্তাপ যোগ করেছে।



কুমোরটুলি ঘাটে যত্রতত্র ছড়িয়ে রয়েছে আবর্জনা, বাড়ছে গঙ্গা দূষণ।



২০২৫ সালের সতর্কতা সপ্তাহ পালনের অংশ হিসেবে বর্ধমান জোনের ব্যাংক অফ ইন্ডিয়ার শাখায় সততা, স্বচ্ছতা এবং নীতিগত আচরণ প্রচারের জন্য একাধিক কর্মসূচির আয়োজন করা হয়েছিল। ২৮ অক্টোবর জোনাল অফিসের জোনাল ম্যানেজার গয়ালাল মাঝির প্রতিনিধিত্বে একটি সততা অঙ্গীকার কর্মসূচি পরিচালনা করা হয়।

# আগামী ২৩ নভেম্বর রাজভবনে গণবিবাহের আয়োজন

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** আগামী ২৩ নভেম্বর বাংলার রাজ্যপাল হিসেবে তিন বছর পূর্ণ করবেন সিভি আনন্দ বোস। ওইদিনই রাজভবনে গণবিবাহের আয়োজন করা হচ্ছে।

রাজ্যপাল হিসেবে চলতি মাসে তাঁর তৃতীয় বর্ষপূর্তি হচ্ছে। আর সেই উপলক্ষে জনসংযোগে অভিনবত্ব আনতে চলেছে রাজভবন। সূত্রের খবর, এবার রাজভবনেই বসছে বিয়ের আসর। দায়িত্ব নিয়ে ১০০ জন পিছিয়ে পড়া, দুঃস্থ যুগলের গণবিবাহ দেবেন রাজ্যপাল আনন্দ বোস নিজে।

আগ্রহীরা ১৬ নভেম্বরের মধ্যে আবেদন জানাতে পারবেন। রাজভবন থেকে প্রকাশিত বিজ্ঞপ্তিতে জানা গিয়েছে, আবেদনপত্রে পাত্র-পাত্রীর নাম, অভিভাবকের নাম, ঠিকানা, বয়সের প্রমাণপত্র, আধার কার্ডের নম্বর, পেশা, পরিবারের বাৎসরিক আয় , এসব খুব স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। সেইসঙ্গে বিয়েতে অভিভাবকদের অনুমতি সম্বলিত স্বাক্ষরও দিতে হবে।

বিয়ের রেজিস্ট্রেশন প্রক্রিয়া শুরু হয়ে থাকলে সেই সংক্রান্ত নথিও জমা দিতে হবে আবেদনপত্রের সঙ্গে। এগুলি সবই স্থানীয় কোনও গেজেটেড অফিসারকে দিয়ে সই করাতে হবে। তাহলেই তা গৃহীত হবে।

# 'বন্দে মাতরম'- এর দেড়শো বছর পূর্তি উদ্‌যাপনে সামিল হচ্ছে কলকাতা রাজভবন

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** দেশজুড়ে বন্দে মাতরম এর দেড়শো বছর পূর্তি উদ্‌যাপনে সামিল হচ্ছে কলকাতা রাজভবন। সোমবার এক বৃহৎ কর্মসূচির মধ্য দিয়ে উদযাপিত হতে চলেছে 'বন্দে মাতরম'-এর ১৫০ বছর। আয়োজক ভারতীয় জাদুঘর, আর কর্মসূচির নেতৃত্বে থাকবেন রাজ্যপাল ডঃ সিভি আনন্দ বোস।

১৮৭৫ সালে সাহিত্য সম্রাট বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচনা করেছিলেন 'বন্দে মাতরম'। পরে তা 'আনন্দমঠ'-এর পৃষ্ঠা থেকে স্বাধীনতার আন্দোলনের প্রাণস্পন্দন হয়ে ওঠে। মাতৃভূমির প্রতি ভালোবাসা আর মুক্তির ডাক মিশে গিয়েছিল এই গানের প্রতিটি পংক্তিতে। আন্দোলনের সভা থেকে রাস্তাঘাট; সর্বত্র প্রতিধ্বনিত হয়েছিল 'বন্দে মাতরম'-এর আহ্বান।

দেশজুড়ে এই ঐতিহাসিক গানের দেড়শো বছর উদ্‌যাপন করছে কেন্দ্রীয় সরকার। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর উদ্যোগে শুরু হয়েছে 'বন্দে মাতরম ১৫০' উদ্‌যাপন। প্রধানমন্ত্রী বলেছেন, 'বন্দে মাতরম' শুধুই একটি গান নয়, এটি ভারতের ঐক্য, শ্রদ্ধা ও আত্মমর্যাদার প্রতীক। 'এক ভারত, শ্রেষ্ঠ ভারত'-এর দর্শনে অনুপ্রাণিত হয়ে দেশজুড়ে আয়োজিত হচ্ছে সাংস্কৃতিক উৎসব, সংগীতানুষ্ঠান ও দেশাত্মবোধের কর্মসূচি। প্রধানমন্ত্রী যে 'বিকসিত ভারত'-এর স্বপ্ন দেখছেন, সেই ভাবনাকেই এগিয়ে নিয়ে যাচ্ছে এই উদ্‌যাপন।



এই প্রেক্ষাপটেই কলকাতার ভারতীয় জাদুঘরে অনুষ্ঠিত হতে চলেছে 'বন্দে মাতরম ১৫০'-এর রাজ্যস্তরীয় অনুষ্ঠান। অধীনে ঘোষিত একটি জাতীয় গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান। রাজ্যপাল ও ভারতীয় জাদুঘরের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ডঃ সিভি আনন্দ বোসের উদ্যোগে এই অনুষ্ঠান ঘিরে তৈরি হয়েছে উচ্ছ্বাস।

ডঃ বোস বলেছেন, 'বন্দে মাতরম' ছিল এক আহ্বান যা নিপীড়িত ভারতবাসীকে একত্রিত করেছিল। মাতৃভূমির মুক্তির জন্য একযোগে সংগ্রামের শপথ নিয়েছিল সমগ্র জাতি। রাজভবন সূত্রে জানা গিয়েছে, এদিন বিকেলে ভারতীয় জাদুঘর থেকে রাজভবন পর্যন্ত একটি 'বন্দে মাতরম্ মার্চ'-এর নেতৃত্ব দেবেন রাজ্যপাল। এরপর রাজভবনে অনুষ্ঠিত হবে এক সাংস্কৃতিক অনুষ্ঠান; Vande Mataram Spirit of the Nation। এছাড়াও আয়োজিত হবে 'বন্দে মাতরম ক্যালিগ্রাফি ওয়ার্কশপ' এবং জনসাধারণের অংশগ্রহণে সমবেত সংগীত পরিবেশনা।

এই উদ্যোগের মূল উদ্দেশ্য; নতুন প্রজন্মের মধ্যে দেশাত্মবোধ, ঐক্য ও মাতৃভূমির প্রতি শ্রদ্ধাবোধকে পুনরুজ্জীবিত করা। রাজ্যপালের বার্তা,ত্প্রত্যেক নাগরিক যেন মাতৃভূমির সেবায় নিজেকে উৎসর্গ করে। ভাবনা, কথা ও কাজে 'বন্দে মাতরম'-এর চেতনাই হোক আমাদের পথপ্রদর্শক।

কলকাতার এই মহা-আয়োজনে অংশ নেবেন বহু শিল্পী, শিক্ষার্থী ও সাধারণ মানুষ। ভারতীয় জাদুঘর ও রাজভবন একযোগে যে উদ্‌যাপন আয়োজন করছে, তা নিঃসন্দেহে বাংলার সাংস্কৃতিক ইতিহাসে এক স্মরণীয় অধ্যায় হয়ে থাকবে।

একদিন
# আমার শহর
কলকাতা ১০ নভেম্বর ২০২৫, ২৩ কার্তিক ১৪৩১ সোমবার

# মৃত ভোটারের নামে ফর্ম বিলির অভিযোগে উত্তপ্ত রাজ্য

## ৮ জন বিএলএ'র বিরুদ্ধে এফআইআর দায়েরের নির্দেশ কমিশনের




**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** পশ্চিমবঙ্গে ভোটার তালিকা সংশোধনের কাজ ঘিরে ফের বিতর্ক। রাজ্যজুড়ে চলছে স্পেশ্যাল ইনটেনসিভ রিভিশন (এসআইআর) প্রক্রিয়া, আর সেই পর্বেই উঠে এসেছে চাঞ্চল্যকর অভিযোগ। মৃত ভোটারদের নামেও ফর্ম বিলি করতে বাধ্য করা হচ্ছে বুথ লেভেল এজেন্টদের (বিএলএ)। নির্বাচন কমিশন সূত্রে খবর, অভিযোগের সত্যতা যাচাইয়ের পর আটজন বিধায়ক স্তরের আধিকারিকের বিরুদ্ধে এফআইআর দায়েরের নির্দেশ দেওয়া হয়েছে।

অভিযোগ, ভোটার তালিকা পরিষ্কারের নামে অনিয়ম চলছে একাধিক জায়গায়। মৃত ব্যক্তিদের নামেও জোর করে ফর্ম পূরণ করানো হচ্ছে, যা নির্বাচন প্রক্রিয়ার নিরপেক্ষতা ও স্বচ্ছতার ওপর প্রশ্ন তুলেছে। কমিশনের মতে, এই আচরণ সরাসরি নির্বাচনী বিধি লঙ্ঘন। অভিযুক্ত আটজনের অধিকাংশই রাজ্যের শাসক দল তৃণমূল কংগ্রেসের সঙ্গে যুক্ত বলে জানা গেছে।

সবচেয়ে গুরুতর অভিযোগ উঠেছে পূর্ব বর্ধমানের কাটোয়া ২ নম্বর ব্লকের কোয়ারা গ্রামের ২৫৮ নম্বর বুথে। বিজেপির দাবি, সেখানে ১১২৫ জন ভোটারের মধ্যে ৫৯ জনের নাম মৃতদের তালিকায় থাকা সত্ত্বেও ফর্ম বিলি করা হয়েছে। বিজেপির অভিযোগ, এইভাবে মৃত ভোটারদের নাম তালিকায় রেখে তৃণমূল ভোট 'চুরির' প্রস্তুতি নিচ্ছে।

জেলা বিজেপি নেতারা বিষয়টি নিয়ে নির্বাচন কমিশনে লিখিত অভিযোগ জমা দিয়েছেন। তাঁদের বক্তব্য, এটি শুধু অনিয়ম নয়, এটি ভোট গণতন্ত্রের প্রতি অবমাননা।

অন্যদিকে, অভিযুক্ত বুথ সভাপতি প্রাণচন্দ্র ঘোষ (তৃণমূল) অভিযোগ উড়িয়ে দিয়ে বলেন, মৃত ব্যক্তি ভোট দিতে পারেন না। ভোট কেন্দ্রীয় বাহিনীর নজরদারিতেই হয়। এসব অভিযোগ শুধুই রাজনৈতিক প্রচার।দ

কমিশন জানিয়েছে, নভেম্বরের শুরু থেকে রাজ্যজুড়ে চলা এই এসআইআর অভিযানের লক্ষ্য ছিল ভোটার তালিকাকে হালনাগাদ ও নির্ভুল করা। বিএলএ ও বিএলওরা বাড়ি-বাড়ি গিয়ে ফর্ম বিলি ও সংগ্রহের কাজ করছেন। কিন্তু মৃতদের নামে ফর্ম বিতরণের অভিযোগ প্রশাসনিক সততা ও নির্বাচনী প্রক্রিয়ার বিশ্বাসযোগ্যতাকে প্রশ্নের মুখে ফেলেছে। এই ঘটনায় রাজ্যের নির্বাচনী দপ্তরও নড়েচড়ে বসেছে। সূত্রের খবর, প্রতিটি জেলার নির্বাচন আধিকারিকদের নির্দেশ দেওয়া হয়েছে; যেখানে এমন অভিযোগ আসছে, তা দ্রুত তদন্ত করে ব্যবস্থা নিতে হবে। রাজনৈতিক মহলে মত, এই ধরনের অনিয়ম শুধু নির্বাচনী প্রক্রিয়ার মর্যাদাকেই ক্ষুণ্ণ করছে না, গণতান্ত্রিক বিশ্বাসের ভিতও নাড়া দিচ্ছে।

# চাঁদনি চকে সিইএসসির ট্রান্সফর্মারে আগুন, বিস্ফোরণে আতঙ্ক!

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** আবারও আগুনের লেলিহান কলকাতা। রবিবার সকালেই চাঁদনি চক এলাকায় সিইএসসি-র একটি অফিসের ট্রান্সফর্মার থেকে আচমকা আগুনের লেলিহান শিখা ছড়িয়ে পড়ে। মুহূর্তের মধ্যে ঘটে বিস্ফোরণ। আতঙ্কে ছুটোছুটি শুরু হয় স্থানীয়দের মধ্যে। খবর পৌঁছতেই ঘটনাস্থলে ছুটে আসে দমকলের একাধিক ইঞ্জিন।

দমকল সূত্রে জানা গিয়েছে, সকাল প্রায় ৭টা ১০ মিনিটে ওই ট্রান্সফর্মার থেকে আগুন বেরোতে দেখা যায়। কিছু ক্ষণের মধ্যেই শোনা যায় জোরালো বিস্ফোরণের শব্দ। আশপাশের বাসিন্দারা ভয় পেয়ে বাড়ি ছেড়ে বাইরে বেরিয়ে আসেন। দ্রুত আগুনের দাপট বাড়তে থাকায় পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে নামানো হয় চারটি দমকল ইঞ্জিন। প্রায় এক ঘণ্টা ধরে টানা চেষ্টার পর আগুন নিয়ন্ত্রণে আসে। স্থানীয় এক বাসিন্দার কথায়, দমকল তাড়াতাড়ি না এলে বড় বিপদ ঘটতে পারত। অনেক জায়গায় বিদ্যুৎ চলে যেত।

এখনও পর্যন্ত আগুন লাগার কারণ স্পষ্ট নয়। প্রাথমিক অনুমান, ট্রান্সফর্মারে ত্রুটির জেরেই এই অগ্নিকাণ্ড ঘটেছে। বিদ্যুৎ সংযোগের ক্ষতি কতটা হয়েছে, তা খতিয়ে দেখছেন সিইএসসি-র প্রকৌশলীরা।

তিন দিন আগেই লালবাজারের কাছে একটি গাড়ির যন্ত্রাংশের গুদামে ভয়াবহ আগুন লাগে। ঘণ্টার পর ঘণ্টা চেষ্টার পর সেই আগুন নিয়ন্ত্রণে আসে। তার রেশ কাটতে না কাটতেই ফের শহরে অগ্নিকাণ্ডে চাঞ্চল্য। দমকলের এক আধিকারিক জানান, সকালে দ্রুত খবর পাওয়ায় আমরা সময়মতো পৌঁছে যাই। আগুন যাতে আশেপাশের বিল্ডিংয়ে না ছড়ায়, সে দিকটিতে বিশেষ নজর রাখা হয়েছে। কলকাতায় এই লাগাতার অগ্নিকাণ্ডের ঘটনায় উদ্বেগ বাড়ছে প্রশাসনের মধ্যেও। কারণ, পরপর এই আগুনের ঘটনাগুলি শহরের বিদ্যুৎ ও নিরাপত্তা ব্যবস্থার ঘাটতি নিয়ে প্রশ্ন তুলছে। এদিন রবিবার ছুটির দিন হওয়ায় ভিড় বেশি ছিল না, ফলে বড় দুর্ঘটনা এড়ানো সম্ভব হয়েছে বলেই মনে করা হচ্ছে।

ইন্ডিয়ান ব্যাঙ্ক Indian Bank
ইলাহাবাদ ALLAHABAD

জোনাল অফিস : কলকাতা দক্ষিণ
১৪, ইন্ডিয়া এক্সচেঞ্জ প্লেস, ৪র্থ তল
কলকাতা - ৭০০ ০০১

স্থাবর সম্পত্তি বিক্রয়ের জন্য বিক্রয় বিজ্ঞপ্তি

পরিশিষ্ট - ৪ - এ [রুল ৮(৬) এবং ৯(১) -এর বন্দোবস্ত দেখুন]

**সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস ২০০২ এর রুল ৮(৬) এবং ৯(১) -এর বন্দোবস্তের সঙ্গে পঠিত সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল এ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি অ্যাক্ট, ২০০২ এর অধীনে স্থাবর/অস্থাবর পরিসম্পাদি বিক্রয়-এর জন্য ই-অকশন বিক্রয় বিজ্ঞপ্তি।**

এতদ্বারা সাধারণভাবে জনসাধারণকে এবং বিশেষ করে ঋণগ্রহীতা(গণ)/জামিনদার(গণ) কে নোটিশ দেওয়া হচ্ছে যে নীচে বর্ণিত স্থাবর/অস্থাবর সম্পত্তিগুলি সুরক্ষিত পাওনাদারের কাছে বন্ধক/চার্জ করা হয়েছে, যার **প্রতীকী দখল ইন্ডিয়ান ব্যাঙ্ক, খিদিরপুর শাখা (সুরক্ষিত পাওনাদার)** -এর অনুমোদিত অফিসার দ্বারা নেওয়া হয়েছে, যা "**যেখানে যেমন আছে**", "**যা আছে তা আছে**" এবং "**সেখানে যা কিছু আছে**" ভিত্তিতে **২৬.১১.২০২৫** তারিখে বিক্রি করা হবে **ইন্ডিয়ান ব্যাঙ্ক, খিদিরপুর শাখা (সুরক্ষিত পাওনাদার)** -এর বকেয়া **১,১৭,২১,৯৬৮.৫৫ টাকা** (এক কোটি সতেরো লক্ষ একুশ হাজার নয়শো আটষট্টি টাকা এবং পঞ্চান্ন পয়সা মাত্র) **১৪.০৮.২০২৪** অনুযায়ী সেইসঙ্গে আরও সুদ, খরচ, অন্যান্য চার্জ এবং তার উপর খরচ পুনরুদ্ধারের জন্য **মেসার্স কন্টিনেন্টাল কনসোর্টিয়াম কেমিক্যাল কোম্পানি (ঋণগ্রহীতা), নিবন্ধিত ঠিকানা**- ১০১/বি, টালিগঞ্জ রোড, সাহানগর পোস্ট অফিসের কাছে, সাহানগর, কলকাতা - ৭০০ ০২৬, **ইউনিট ঠিকানা**- ৭এ, সাধু তারাচরণ রোড, কলকাতা- ৭০০ ০২৬, **অংশীদার/বন্ধকদাতা: শ্রী অরূপ কুমার দাস,** ১০১/বি, টালিগঞ্জ, সাহানগর পোস্ট অফিসের কাছে, সাহানগর, কলকাতা - ৭০০ ০২৬, **অংশীদার: শ্রীমতি মঞ্জু প্রামাণিক,** ১০১/বি, টালিগঞ্জ, সাহানগর পোস্ট অফিসের কাছে, সাহানগর, কলকাতা - ৭০০ ০২৬, **অংশীদার: শ্রীমতি সুলেখা দাস,** ১০১/বি, টালিগঞ্জ, সাহানগর পোস্ট অফিসের কাছে, সাহানগর, কলকাতা - ৭০০ ০২৬ -এর থেকে।
ই-নিলাম মোডের মাধ্যমে বিক্রয়ে আনার উদ্দেশ্যে সম্পত্তির নির্দিষ্ট বিবরণ নীচে বর্ণনা করা হয়েছে:

| ক্র নং | ক) অ্যাকাউন্ট / ঋণগ্রহীতার নাম<br>খ) শাখার নাম | স্থাবর সম্পত্তির বিশদ বিবরণ | সুরক্ষিত ঋণদাতার বকেয়া পাওনা | ক) সংরক্ষিত মূল্য<br>খ) ইএমডি পরিমাণ<br>গ) দর বৃদ্ধির পরিমাণ<br>ঘ) সম্পত্তি আইডি<br>ঙ) সম্পত্তির উপর দায়বদ্ধতা<br>চ) দখলের ধরন |
|---|---|---|---|---|
| ১. | **ক) মেসার্স কন্টিনেন্টাল কনসোর্টিয়াম কেমিক্যাল কোম্পানি (ঋণগ্রহীতা),**<br>**নিবন্ধিত ঠিকানা**- ১০১/বি, টালিগঞ্জ রোড, সাহানগর পোস্ট অফিসের কাছে, সাহানগর, কলকাতা - ৭০০ ০২৬।<br>**ইউনিট ঠিকানা**- ৭এ, সাধু তারাচরণ রোড, কলকাতা-৭০০০২৬<br>**অংশীদার/বন্ধকদাতা: শ্রী অরূপ কুমার দাস**<br>১০১/বি, টালিগঞ্জ, সাহানগর পোস্ট অফিসের কাছে, সাহানগর, কলকাতা - ৭০০ ০২৬।<br>**অংশীদার: শ্রীমতি মঞ্জু প্রামাণিক**<br>১০১/বি, টালিগঞ্জ, সাহানগর পোস্ট অফিসের কাছে, সাহানগর, কলকাতা - ৭০০ ০২৬।<br>**অংশীদার: শ্রীমতি সুলেখা দাস**<br>১০১/বি, টালিগঞ্জ, সাহানগর পোস্ট অফিসের কাছে, সাহানগর, কলকাতা - ৭০০ ০২৬।<br>**খ) খিদিরপুর শাখা** | কমবেশি ২ কাঠা, ০৪ ছটাক, ২৬ বর্গফুট পরিমাপের জমি ও তার উপর দাঁড়িয়ে থাকা দোতলা বাড়ির এক ও অবিচ্ছেদ্য অংশের সকল যা ১০১ বি, কবিশেখর কালিদাস রায় রোড, পূর্বে টালিগঞ্জ রোড নামে পরিচিত প্রেমিসেসে অবস্থিত। কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের সীমার মধ্যে , ওয়ার্ড নং ০৮৮, মূল্যায়ন নং ১১০৮৮২১০১৫৬৩, থানা - টালিগঞ্জ, কলকাতা - ৭০০০২৬, জেলা - দক্ষিণ ২৪ পরগনা। **চতুর্দিক পরিবেষ্টিত:**- উত্তর-১০ ফুট চওড়া সাধারণ পথ দিয়ে, দক্ষিণ- কর্পোরেশন ড্রেন, পূর্ব- প্রেমিসেস নং ১০১এ, টালিগঞ্জ রোড, পশ্চিম- প্রেমিসেস নং ১০১সি, টালিগঞ্জ রোড দ্বারা। | **১,১৭,২১,৯৬৮.৫৫ টাকা**<br>(এক কোটি সতেরো লক্ষ একুশ হাজার নয়শো আটষট্টি টাকা এবং পঞ্চান্ন পয়সা মাত্র)<br>১৪.০৮.২০২৪ অনুযায়ী সেইসঙ্গে তদুপরি পরবর্তী সুদ, খরচ, অন্যান্য চার্জ এবং খরচ। | **ক) ৭৫,৭৫,০০০.০০ টাকা (*)**<br>(পঁচাত্তর লক্ষ পঁচাত্তর হাজার টাকা মাত্র)<br>**খ) ৭,৫৭,৫০০.০০ টাকা**<br>(সাত লক্ষ সাতান্ন হাজার পাঁচশো টাকা মাত্র)<br>**গ) ১০,০০০.০০ টাকা**<br>(দশ হাজার টাকা মাত্র)<br>**ঘ) IDIB461817289**<br>**ঙ) ব্যাঙ্কের কাছে অজানা**<br>**চ) প্রতীকী দখল** |

**(*) বিক্রয় মূল্য সংরক্ষিত মূল্যের উপর হতে হবে**

**ই-অকশনের তারিখ ও সময়: তারিখ : ২৬.১১.২০২৫; সময় : সকাল ১১.০০টা থেকে বিকাল ০৪.০০টা**
**ই-অকশন পরিষেবা প্রদানকারীর প্ল্যাটফর্ম : https://baanknet.com**

**যোগাযোগের বিশদ : ৮১০০০ ০২০২১**

দরদাতাদের অনলাইন বিডে অংশ নিতে আমাদের ই-অকশন পরিষেবা প্রদানকারী **পিএসবি অ্যালায়েন্স প্রাঃ লিঃ** -এর পোর্টাল ওয়েবসাইট **(https://baanknet.com)** দেখার পরামর্শ দেওয়া হচ্ছে। প্রযুক্তিগত সহায়তার জন্য অনুগ্রহ করে **পিএসবি অ্যালায়েন্স প্রাঃ লিঃ -এর হেল্পডেস্ক নং ৮২৯১২ ২০২২০, ইমেইল আইডি- support.BAANKNET@psballiance.com** এবং পরিষেবা প্রদানকারীদের হেল্প ডেস্কে উপলব্ধ অন্যান্য হেল্প লাইন নম্বরে যোগাযোগ করুন। **পিএসবি অ্যালায়েন্স প্রাঃ লিঃ** এর সঙ্গে রেজিস্ট্রেশন স্ট্যাটাস এবং ইএমডি স্ট্যাটাসের জন্য অনুগ্রহ করে - **support.BAANKNET@psballiance.com** -এ যোগাযোগ করুন।
সম্পত্তির বিশদ বিবরণ এবং সম্পত্তির ছবি এবং অকশনের নিয়ম ও শর্তাবলীর জন্য অনুগ্রহ করে দেখুন: **https://baanknet.com** এবং এই পোর্টাল সম্পর্কিত ব্যাখ্যার জন্য, **অনুগ্রহ করে যোগাযোগ করুন, হেল্পডেস্ক নং : ৮২৯১২ ২০২২০।**
**দরদাতাদের https://baanknet.com ওয়েবসাইটে সম্পত্তি অনুসন্ধান করার সময় উপরে উল্লিখিত সম্পত্তি আইডি নম্বর ব্যবহার করার পরামর্শ দেওয়া হচ্ছে।**

**দ্রষ্টব্য: এই বিজ্ঞপ্তিটি ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ)/ বন্ধকদাতা(গণ)/ অংশীদার(গণ) -এরও প্রতি**

**তারিখ: ০৩.১০.২০২৫**
**স্থান: কলকাতা**

**অনুমোদিত অফিসার**
**ইন্ডিয়ান ব্যাঙ্ক**

# 'তৃণমূল এখন অপরাধীদের সিন্ডিকেট'

## তৃণমূলের সংখ্যালঘু সেলের রাজ্য সম্পাদকের বিরুদ্ধে ইডির অভিযানে তোপ



**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** তৃণমূলের সংখ্যালঘু সেলের রাজ্য সম্পাদক আজমল সিদ্দিকির বিরুদ্ধে ইডি-র অভিযানের পর রাজনৈতিক অঙ্গনে তীব্র বিতর্ক শুরু হয়েছে। বিজেপির অভিযোগ, এই ঘটনাই প্রমাণ করে দিয়েছে; তৃণমূল কংগ্রেস এখন দুর্নীতি, পাচার ও অপরাধে নিমজ্জিত এক 'সিন্ডিকেট'-এ পরিণত হয়েছে।

বিজেপির তরফে জারি করা বিবৃতিতে বলা হয়েছে, তৃণমূলের আরও একটি উল্লেখযোগ্য চেহারা প্রকাশ্যে এল! আজমল সিদ্দিকি, তৃণমূল সংখ্যালঘু সেলের রাজ্য সম্পাদক, ধরা পড়েছেন এক বৃহৎ যৌন পাচার চক্র ও দুর্নীতির জাল বুনে কোটি কোটি টাকা উপার্জনের অভিযোগে। তাঁর বাড়ি থেকে উদ্ধার হয়েছে নগদ টাকার স্তূপ ও বিলাসবহুল গাড়ি; নারী পাচার ও বেআইনি মদের ব্যবসা থেকে গড়া তাঁর অপরাধ সাম্রাজ্যের নিদর্শন।

বিবৃতিতে আরও বলা হয়েছে, তৃণমূলের শীর্ষ নেতৃত্ব এই সব অপরাধ সম্পর্কে কিছুই জানত না; এটা বিশ্বাসযোগ্য নয়। তারা নিজেরাই এই নোংরামিতে গলা পর্যন্ত ডুবে আছে। এই দল এখন আর রাজনৈতিক সংগঠন নয়, এক সংঘবদ্ধ অপরাধ চক্রে পরিণত হয়েছে। আইন যেন প্রত্যেক অপরাধীকে আইনের কাঠগড়ায় দাঁড় করায়।

রাজনৈতিক বিশ্লেষকদের মতে, নিয়োগ কেলেঙ্কারি থেকে আর্থিক দুর্নীতি; একের পর এক মামলায় তৃণমূলের নেতাদের নাম জড়িয়ে পড়েছে। ৭ নভেম্বরের অভিযানকে সেই ধারাবাহিকতারই আরেকটি দৃষ্টান্ত হিসেবে দেখছেন অনেকে।

ইডি সূত্রে জানা গিয়েছে, ৭ নভেম্বর সকাল থেকেই কলকাতা ও বিধাননগরের মোট ছ'টি জায়গায় একযোগে অভিযান চালানো হয়। আজমল সিদ্দিকির বাড়ি থেকে উদ্ধার হয় প্রায় এক কোটি টাকা নগদ অর্থ, দু'টি দামি গাড়ি, একাধিক ডিজিটাল ডিভাইস এবং কিছু সম্পত্তির নথি। তদন্তকারীদের দাবি, পানশালা পরিচালনার আড়ালে চলত নারী পাচার ও অবৈধ মদের ব্যবসা, যার মাধ্যমে দীর্ঘদিন ধরে কোটি টাকার লেনদেন হচ্ছিল।

ইডি ইতিমধ্যেই সন্দেহভাজন বেশ কিছু ব্যাংক অ্যাকাউন্টে নজরদারি শুরু করেছে এবং পরবর্তী পর্যায়ে যুক্ত ব্যক্তিদের জিজ্ঞাসাবাদের জন্য তলব করা হতে পারে বলে জানা গিয়েছে। তৃণমূলের পক্ষ থেকে এখনও পর্যন্ত এই বিষয়ে কোনও আনুষ্ঠানিক প্রতিক্রিয়া জানানো হয়নি। তবে রাজনৈতিক মহলের মতে, এই ঘটনাটি শাসক দলের ভাবমূর্তিতে আরও একবার বড় ধাক্কা দিল।

# 'বন্দে মাতরম'-এর ১৫০ বছরেও বাংলায় অপমান!

## বঙ্কিমভবনে তালা, মূর্তির গায়ে জামা শুকোচ্ছে, এ রাজ্যের লজ্জা: শমীক



**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** যে গান স্বাধীনতার মন্ত্র হয়ে প্রতিটি ভারতবাসীর হৃদয়ে জ্বালিয়েছিল আলো, আজ সেই 'বন্দে মাতরম' বাংলায় অপমানিত হচ্ছে; রবিবার সল্টলেকের বিজেপি দপ্তর থেকে একথা বললেন দলের রাজ্য সভাপতি ও রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য। 'বন্দে মাতরম'-এর ১৫০ বছর পূর্তি উপলক্ষে আয়োজিত এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, এই অনুষ্ঠান সম্পূর্ণ অরাজনৈতিক। এখানে কেবল বঙ্কিমচন্দ্র ও তাঁর সৃষ্টি 'বন্দে মাতরম'-এর প্রতি শ্রদ্ধা নিবেদন করা হচ্ছে। শমীকবাবুর বক্তব্যে ইতিহাস ও ক্ষোভ মিলেমিশে ওঠে এক আবেগঘন সুর। 'বন্দে মাতরম' শুধু স্বাধীনতা সংগ্রামীদের মুখে মুখে ছিল না, রবীন্দ্রনাথ ঠাকুরও ১৮৯৬ সালের কংগ্রেস অধিবেশনে গানটি আবৃত্তি করেছিলেন। আবার ঋষি অরবিন্দ একে 'মন্ত্র' বলেছেন। বিজেপি রাজ্যজুড়ে প্রায় ১৫০০ স্থানে 'বন্দে মাতরম'-এর পূর্ণ আবৃত্তির আয়োজন করেছে; একদম অরাজনৈতিক, জাতীয় পতাকা হাতে।

তিনি জানান, চুঁচুড়ার 'বন্দে মাতরম ভবনে' নিজে উপস্থিত ছিলেন, পুরুলিয়ার সাংসদ ও কেন্দ্রীয় মন্ত্রী সুকান্ত মজুমদার ছিলেন বঙ্কিমচন্দ্রের জন্মভূমি নাইহাটিতে; বিজেপি নেতা রাহুল সিনহা গিয়েছিলেন মুর্শিদাবাদের লালবাগে; যেখানে রচিত হয়েছিল আনন্দমঠ; কেন্দ্রীয় মন্ত্রী ভূপেন্দ্র যাদব ছিলেন বারাসাতে, যেখানে বঙ্কিমচন্দ্রবাবু ডেপুটি ম্যাজিস্ট্রেট ছিলেন; এবং বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী গিয়েছিলেন কলকাতার ৫, প্রতাপ চট্টোপাধ্যায় লেনে; যেখানে কবিগুরু রবীন্দ্রনাথ নিজে যেতেন নিয়মিত।

# নোবেলটাই পাওয়া বাকি মুখ্যমন্ত্রীর!

## মমতা বন্দ্যোপাধ্যায়কে নিশানা করে তীব্র কটাক্ষ সুকান্ত মজুমদারের



**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** আবারও মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে ঘিরে রাজনৈতিক অগ্নিবর্ষণ করলেন বিজেপির প্রাক্তন রাজ্য সভাপতি তথা কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার। রবিবার রাজ্যের নানা ইস্যুতে মুখ্যমন্ত্রীর সাম্প্রতিক মন্তব্যের প্রতিক্রিয়া জানাতে গিয়ে একেবারে ব্যঙ্গের সুরে বলেন, নোবেলটাই পাওয়া বাকি আছে মুখ্যমন্ত্রীর! বাকি সবই তো পেয়ে গেছেন।

তাঁর কটাক্ষে তীব্র রাজনৈতিক উত্তাপ ছড়িয়েছে। সুকান্ত বলেন, সেরা খেলোয়াড়, সেরা সাহিত্যিক; সব কিছুই উনি। রবীন্দ্রনাথের গানকেও পরিবর্তন করে দিতে পারেন যিনি, তাঁর পক্ষে কিছুই অসম্ভব নয়! তবে যত বেশি মুখ খোলেন, ততই আমাদের মুশকিল বাড়ে। হাজার হোক, বাঙালি জাতিটা কিন্তু গর্বের, এই জাতি রবীন্দ্রনাথ, নজরুল, জগদীশচন্দ্র বোস, সত্যেন্দ্রনাথ বোসের জন্ম দিয়েছে। সেই জাতির সন্তান হয়ে মুখ্যমন্ত্রী যদি এমনভাবে কথা বলেন, তাহলে দুঃখ ই লাগে।

কেন্দ্রীয় মন্ত্রীর ভাষায়, মুখ্যমন্ত্রীর সাম্প্রতিক কিছু মন্তব্যে রাজ্যের ভাবমূর্তি ক্ষুণ্ণ হচ্ছে। তাঁর তীব্র ব্যঙ্গ, আমি কোনোদিন তাঁকে খেলতে দেখিনি, তবে উনি যখন বলছেন, তা-ও নিশ্চয়ই সত্যি হতে পারে! এই বাক্যেই স্পষ্ট, বিজেপি নেতৃত্ব এবার সরাসরি মমতা বন্দ্যোপাধ্যায়ের ব্যক্তিগত বক্তব্য ও জনসম্মুখে তাঁর আচরণকে নিশানা করছে।

রাজনৈতিক মহল মনে করছে, রাজ্য রাজনীতিতে ক্রমবর্ধমান রাজনৈতিক তাপমাত্রার মধ্যেই সুকান্ত মজুমদারের এই মন্তব্য তৃণমূল-বিজেপি সংঘাতকে আরও তীব্র করে তুলবে। মমতা বন্দ্যোপাধ্যায় এখনও এই মন্তব্যের জবাব দেননি, তবে তৃণমূল সূত্রে জানা গিয়েছে, দল খুব শীঘ্রই এ নিয়ে আনুষ্ঠানিক প্রতিক্রিয়া জানাবে।

SBI

স্ট্রেসড অ্যাসেটস রিকভারি ব্রাঞ্চ, সাউথ বেঙ্গল
জীবনদীপ বিল্ডিং, ৩য় তল, ১, মিডলটন স্ট্রিট, কলকাতা - ৭০০ ০৭১
ফোন - (০৩৩) ২২৮৮ ৪৪৩৭, ফ্যাক্স - (০৩৩) ২২৮৮ ৪৩০২, ই-মেল - sbi.15196@sbi.co.in

ই-নিলাম বিক্রয় নোটিশ

অনুমোদিত অফিসারের বিস্তারিত - নাম - টি ভট্টাচার্য, ই-মেল আইডি - sbi.15196@sbi.co.in মোবাইল নং - ৯৬৭৪৭৪১৬০৫

স্থাবর সম্পদ বিক্রির জন্য ই-নিলাম বিক্রয় নোটিশ ২০০২ সালের সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট আইন এবং ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের রুল ৯(১) তৎসহ পঠিত রুল ৮(৬) অধীনে স্থাবর সম্পত্তির ক্ষেত্রে।
এতদ্বারা সাধারণের প্রতি সাধারণভাবে এবং ঋণগ্রহীতা/জামিনদাতাগণের প্রতি বিশেষভাবে অবগত করা হচ্ছে জামিন অধীনে ঋণদাতার নিকট বন্ধকদত্ত নিম্নোক্ত বিস্তারিত মতে স্থাবর সম্পত্তি জামিন অধীনে ঋণদাতা স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার অনুমোদিত অফিসার কর্তৃক **প্রতীকী দখলীকৃত** এবং '**যেখানে যা আছে**', '**যেখানে যেমন আছে' এবং 'যেখানে যে অবস্থায় আছে**' ভিত্তিতে বকেয়া আদায়ের জন্য বিক্রয় করা হবে নিম্নোক্ত তারিখ মোতাবেক।

**ই-নিলামের তারিখ এবং সময় - তারিখ - ২৫.১১.২০২৫**
**নিলামের সময় - সকাল ১১টা থেকে বেলা ৪টে পর্যন্ত প্রতিটি অসীমামিয়ত ১০ মিনিটের সম্প্রসারণ সহ**

| ক্রম নং | ইউনিট/ঋণগ্রহীতা/ জামিনদাতাগণের নাম | বিক্রয়দত্ত সম্পত্তির বিস্তারিত | বকেয়া পরিমাণ | ক) সংরক্ষিত মূল্য<br>খ) ইএমডি ১০ শতাংশ<br>গ) ডাক বর্ধিত পরিমাণ |
|---|---|---|---|---|
| ১ | **ঋণগ্রহীতা :**<br>**শ্রীমতি সীমা মন্ডল,**<br>স্বামী সঞ্জিত মন্ডল,<br>**ঠিকানা :** সাধুর বাগান, পো এবং থানা : রানাঘাট, নদিয়া, পিন : ৭৪১২০১ **এবং** নিওন রেসিডেন্সি, ফ্ল্যাট নং ৩এল, ব্লক -সি, ৪র্থতল, ১৮, গুহ পার্ক (পূর্বতন ৭ গুহ পার্ক), থানা : লিলুয়া, হাওড়া - ৭১১২০৪ (সিলভার জুবিলি হসপিটালের নিকট)<br>**এবং**<br>**শ্রীমতি সীমা মন্ডল, স্বত্বাধিকারী -সীমা এন্টারপ্রাইজ।**<br>**ঠিকানা :** ১৬৫, সাধুর বাগান, পো এবং থানা : রানাঘাট, নদিয়া-৭৪১২০১। | সংশ্লিষ্ট সকল অংশ বসবাসের ফ্ল্যাট নং ৩এল, সুপার বিল্ট আপ এরিয়া ৯৯৮ বর্গফুট কমবেশি, চারতলায়, ব্লক সি, "**নিওন রেসিডেন্সি**", এবং অবিভক্ত সম্পত্তির যথাযথ ভাগ অংশ স্বার্থ জমির এবং সকল সুবিধা এবং বাস্তু জমি পরিমাণ ৫১ ডেসিমেল (কমবেশি), মৌজা : লিলুয়া, থানা : লিলুয়া, জেলা : হাওড়া, বর্তমান প্রেমিসেস/হোল্ডিং নং ১৮ গুহ পার্ক, (পূর্বতন ৭, গুহ পার্ক), ওয়ার্ড নং ৬৫, দাগ নং ১৯৯৬, খতিয়ান নং ১৪০৭ (বর্তমানে ৬৩৯), এলআর খতিয়ান নং ৬৭১৪, পিন : ৭১১২০৪, হাওড়া পৌর নিগম অধীন।<br>**সম্পত্তি শ্রীমতি সীমা মন্ডল এর নামে উল্লেখ্য দলিল নং ১৯০১০৫২৬১ -২০২১ সালের, ভল্যুম নং ১৯০১-২০২১,** পৃষ্ঠা ৩০৪৬০১ থেকে ৩০৪৬৬০, নথিভুক্ত বুক নং ১, অতিরিক্ত রেজিস্ট্রার অব অ্যাসিওরেন্স অফিস এ আর এ-১, কলকাতা, পশ্চিমবঙ্গ।<br>**সম্পত্তি প্রতীকী দখলীকৃত।**<br>**দ্রষ্ট্যব : সংশ্লিষ্ট সম্পত্তি বিক্রির ক্ষেত্রে কোনও স্থগিতাদেশ নেই।** | **৩৪,১১,০০০.০০ টাকা (চৌত্রিশ লাখ এগার হাজার টাকা) ০২.১১.২০২৫ অনুযায়ী (পুঞ্জীভূত অনাদায়ী সুদ এবং চার্জ সহ)** পরবর্তী সুদ, মূল্য, চার্জ ইত্যাদি সহ ২৫.০৪.২০২৪ থেকে বকেয়া | ক)২৯,৯৮,০০০.০০ টাকা<br>খ) ২,৯৯,৮০০.০০ টাকা<br>গ)১০,০০০.০০ টাকা<br>**যোগাযোগের ব্যক্তি**<br>**৯৬৭৪৭৪১৬০৫**<br>**৯৬৭৪৭২৯১৪৯** |
| | | | **পর্যবেক্ষণের তারিখ - ১২.১১.২০২৫**<br>**সময় - সকাল ১১টা থেকে বিকেল ৪টে পর্যন্ত** | |
| ২ | **ঋণগ্রহীতা(গণ) :**<br>**১. মহ মজিদ,**<br>পিতা প্রয়াত আবদুল জব্বর,<br>**২. নাহিদা খাতুন,**<br>স্বামী মহ মজিদ,<br>**উভয়ের ঠিকানা :** ৪৭বি, ক্যানাল ইস্ট রোড, ফসি মসজিদের নিকট, নারকেলডাঙ্গা, কলকাতা- ৭০০০১১, **আরও ঠিকানা :** এফআর২, ৫মতল, গ্যালাক্সি অ্যাপার্টমেন্ট, হোল্ডিং নং ৮২৮, নর্থ ইস্ট ফরতাবাদ, স্কিম প্লট নং এসসি ১, ফেজ -২, গুলমোহর পার্ক, পো : গড়িয়া, কলকাতা- ৭০০০৮৪, **আরও ঠিকানা :** ৩/৪এ/এইচ/১৭, নারকেলডাঙ্গা, ফসি মসজিদের নিকট, কলকাতা - ৭০০০১১। | সংশ্লিষ্ট সকল অংশ স্বয়ংসম্পূর্ণ বসবাসের ফ্ল্যাট নং এফআর -২ ৫মতলে, দক্ষিণ পূর্ব-পশ্চিম দিকে পরিমাপ ১১৩২ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া কমবেশি এবং এক কার পার্কিং স্পেস নং ২ একতলায় পরিমাপ ১২০ বর্গফুট এবং অবিভক্ত জমি সম্পত্তির যথাযথ ভাগ অংশ এবং সুবিধা ভোগ দখলের অধিকার সহ জমির পরিমাপ কমবেশি ৯.৯০ ডেসিমেল সমপরিমাপ ৬ কাঠা (আনুমানিক) অবস্থিত মৌজা : বারহানস ফরতাবাদ, জেএল নং ৪৭, আরএস দাগ নং ৩৯৭৩, এবং ৩৯৭৪, আরএস খতিয়ান নং ৯৫, ১৭৪০, ১৭৪২, ১৭৪৩, স্কিম প্লট নং এসসি-১,ফেজ -২ , গুলমোহর পার্ক, থানা : সোনারপুর,পো : গড়িয়া, কলকাতা- ৭০০০৮৪, হোল্ডিং নং ৮২৮, উত্তর-পূর্ব- ফরতাবাদ, স্থানীয় রাজপুর -সোনারপুর পুরসভার ওয়ার্ড নং ২৮ অধীন, থানা : সোনারপুর, এডিএসআরও গড়িয়া, জেলা : দক্ষিণ ২৪ পরগনা।<br>**সম্পত্তি মহ মজিদ এর নামে উল্লেখ্য দলিল নং ১৬২৯০৪৪৩১-২০১৮ সালের,** নথিভুক্ত বুক নং ১, ভল্যুম নং ১৬২৯-২০১৮, পৃষ্ঠা ১৩৪৬০৬ থেকে ১৩৪৬৪০, অতিরিক্ত জেলা সাব রেজিস্ট্রার অফিস -এডিএসআর গড়িয়া, পশ্চিমবঙ্গ।<br>**(সম্পত্তি ব্যাঙ্কের প্রতীকী দখলীকৃত)।**<br>**দ্রষ্টব্য : সংশ্লিষ্ট সম্পত্তি বিক্রির ক্ষেত্রে কোনও স্থগিতাদেশ নেই।** | **৫৭,৩০,০০০.০০ টাকা (সাতান্ন লাখ তিরিশ হাজার টাকা) ০২.১১.২০২৫ অনুযায়ী** পরবর্তী সুদ, মূল্য, চার্জ ইত্যাদি সহ | ক) ৪৪,৭৬,০০০.০০ টাকা<br>খ) ৪,৪৭,৬০০.০০ টাকা<br>গ) ২৫,০০০.০০ টাকা<br>**যোগাযোগের ব্যক্তি**<br>**৯৬৭৪৭৪১৬০৫**<br>**৯৬৭৪৭২৯১৪৯** |
| | | | **পর্যবেক্ষণের তারিখ - ১৩.১১.২০২৫**<br>**সময় - সকাল ১১টা থেকে বিকেল ৪টে পর্যন্ত** | |

ক) বিক্রয়ের বিশদ নিয়ম এবং শর্তাবলীর জন্য, অনুগ্রহ করে স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, সিকিউরড ক্রেডিটরের ওয়েবসাইট www.sbi.co.in এবং নির্দিষ্ট ই-নিলামের জন্য নির্দিষ্ট লিঙ্কে দেওয়া লিঙ্কটি দেখুন https://BAANKNET.com
খ) ইচ্ছুক দরদাতা/গণ তার ইএমডির পরিমাণ PSB Alliance Pvt. Ltd. সাথে রক্ষণাবেক্ষণ করা তার বিডার অ্যাকাউন্টে তৈরি করা চালানের মাধ্যমে স্থানান্তর করতে হবে। নিলামের তারিখের আগে তার ব্যাঙ্ক অ্যাকাউন্ট থেকে NEFT/RTGS স্থানান্তর করে। কোনও জিজ্ঞাস্য থাকলে অনুগ্রহ করে support.baanknet@psballiance.com বা ৮২৯১২২০২২০ যোগাযোগ করুন

ই-নিলাম প্রক্রিয়ায় অংশগ্রহণের পূর্বে আগ্রহী ডাকদাতাদের পরামর্শ দেওয়া হচ্ছে উক্ত ওয়েবসাইটে সংযুক্ত নিয়ম এবং শর্তাদি অনুধাবন করতে

তারিখ : ১০.১১.২০২৫
স্থান : কলকাতা

সংশ্লিষ্ট ক্ষেত্রে কোনও বিতর্কের সৃষ্টি হলে ইংরাজি মাধ্যমকেই সঠিক গণ্য করতে হবে

অনুমোদিত অফিসার
স্টেট ব্যাংক অফ ইন্ডিয়া

একদিন
আমার শহর
কলকাতা ১০ নভেম্বর ২০২৫, ২৩ কার্তিক ১৪৩১ সোমবার

## সব পুরসভায় চালু হচ্ছে স্বয়ংক্রিয় পুর-মিউটেশন ব্যবস্থা

# ক্রেতাদের ঝক্কি কমাতে উদ্যোগ রাজ্যের



**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** জমি বা বাড়ি কেনার পর আর আলাদা করে পুর-মিউটেশনের আবেদন করতে হবে না, এমনই যুগান্তকারী ব্যবস্থা চালু করতে চলেছে রাজ্য সরকার। রেজিস্ট্রেশনের সময়ই ক্রেতার নাম স্বয়ংক্রিয়ভাবে পুরসভার রেকর্ডে যুক্ত হয়ে যাবে। প্রশাসনের মতে, এতে একদিকে নাগরিক পরিষেবা হবে সহজ, অন্যদিকে রাজস্ব আদায়ও হবে আরও দ্রুত ও স্বচ্ছ। পুর ও নগরোন্নয়ন দপ্তরের এক আধিকারিক জানিয়েছেন, অনেকে মিউটেশনের প্রক্রিয়াকে জটিল মনে করেন। আমরা যে নতুন পদ্ধতি চালু করতে চলেছি, তা কার্যকর হলে এই ঝামেলা সম্পূর্ণ দূর হবে। এতে প্রশাসনিক কাজও আরও দ্রুত করা সম্ভব হবে।

সূত্রের খবর, নতুন এই স্বয়ংক্রিয় মিউটেশন ব্যবস্থার জন্য সমন্বিতভাবে কাজ করছে পুর ও নগরোন্নয়ন দপ্তর, অর্থ দপ্তরের রেজিস্ট্রেশন ও স্ট্যাম্প ডিউটি দপ্তর এবং রাজ্যের সব পুরসভা। ইতিমধ্যেই কলকাতা পুরসভা ও নিউ টাউন কলকাতা ডেভেলপমেন্ট অথরিটির (এনকেডিএ) পোর্টাল রেজিস্ট্রেশন ডিরেক্টরেটের সঙ্গে যুক্ত করা হয়েছে। ফলে সম্পত্তির নথি যাচাইয়ের প্রক্রিয়া হবে আরও দ্রুত ও নির্ভুল।

বর্তমানে সম্পত্তি কেনার পর রেজিস্ট্রেশন সম্পন্ন হলেও পুর-মিউটেশনের জন্য আলাদা আবেদন করতে হয় সংশ্লিষ্ট পুরসভায়। আবেদনকারীর কাছ থেকে দলিল, আগের ত্রৈমাসিকের কর রসিদ, পরিচয়পত্র-সহ একাধিক নথি জমা নেওয়া হয়। যদিও এই প্রক্রিয়া এখন অনলাইনেও করা যায়, অনেক ক্রেতা আলাদা আবেদন না করায় পুরসভার নথিতে থেকে যায় আগের মালিকের নাম। এর ফলে পুরসভার রাজস্ব আদায়ে গরমিল হয় এবং নতুন মালিককে বকেয়া করের দায় বহন করতে হয়। প্রশাসনিক সূত্রে জানা গিয়েছে, গত দু’বছরে রাজ্যের বিভিন্ন পুরসভায় অনলাইনে প্রায় ৩ লক্ষ ৫২ হাজার মিউটেশন সম্পন্ন হয়েছে। তবু কর্মকর্তাদের মতে, এই সংখ্যা আরও বেশি হওয়া উচিত ছিল। তাই স্বয়ংক্রিয় পুর-মিউটেশন ব্যবস্থা চালুর প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। ভূমি দপ্তরের অধীনে আগে থেকেই জমি রেজিস্ট্রেশনের সঙ্গে স্বয়ংক্রিয় নাম পরিবর্তনের ব্যবস্থা চালু আছে। এবার পুর-মিউটেশনে সেই একই সুবিধা চালু হলে নাগরিকদের প্রশাসনিক ঝক্কি কমবে এবং রাজ্যজুড়ে পুরসভার রাজস্ব আদায় প্রক্রিয়াও হবে আরও কার্যকর ও স্বচ্ছ।

# নিজেদের সুরক্ষায় অস্ত্র রাখার পরামর্শ অর্জুন সিংয়ের

**নিজস্ব প্রতিবেদন, ব্যারাকপুর:** নিজেদের সুরক্ষায় অস্ত্র রাখার পরামর্শ দিলেন ব্যারাকপুরের প্রাক্তন সাংসদ অর্জুন সিং। প্রসঙ্গত, রবিবার বঙ্গীয় সেনার নোয়াপাড়া ও ব্যারাকপুর ইউনিটের তরফে বাদামতলায় একটি অনুষ্ঠান বাড়িতে কর্মী সম্মেলনের আয়োজন করা হয়েছিল। সেখানে হাজির হয়ে দলীয় কর্মীদের তাঁর পরামর্শ, নিজেকে বাঁচাতে এবং মা-স্ত্রী ও কন্যার সুরক্ষায় বাড়িতে অস্ত্র রাখতে হবে। এসআইআর প্রক্রিয়া নিয়ে শাসকদলকে নিশানা করে প্রাক্তন সাংসদ অর্জুন সিং বলেন, দেশের ১২টা রাজ্যে এসআইআর চালু হয়েছে। একমাত্র বাংলায় লোক মরছে। আসলে মমতা ব্যানার্জি লাশের ওপর রাজনীতি করে থাকেন। তাঁর কথায়, কারও রোগভোগে মৃত্যু হচ্ছে। আবার কেউ হৃদরোগে আক্রান্ত হয়ে মারা যাচ্ছেন। অথচ মমতা ব্যানার্জি বলছেন, এসআইআর আতঙ্কে নাকি মৃত্যু হয়েছে। মানুষের মৃত্যু নিয়েও উনি রাজনীতি করেন। তাঁর দাবি, এসআইআর নিয়ে সবচেয়ে বেশি ভয় পাওয়া উচিত মমতা ব্যানার্জির। কারণ, ওনার সরকার আর থাকছে না। কিন্তু উনি তো সুইসাইড করছেন না। কিংবা ওনার দলের কেউ সুইসাইড করছে না। বঙ্গের সনাতনীদের আশ্বস্ত করে তিনি বলেন, কোনও হিন্দুকেই বাংলা ছেড়ে পালাতে হবে না। দেশে সিএএ আইন পাশ হয়েছে। ২০২৪ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত হিন্দু যারা বাংলাদেশ, পাকিস্তান কিংবা আফগানিস্তান থেকে এদেশে এসেছেন। তাদেরকে শরণার্থী হিসেবে নাগরিকত্ব দেওয়া হবে। কিন্তু যারা বাংলাদেশি রোহিঙ্গা কিংবা পাকিস্তানি মুসলমান, যাদের বাংলাদেশে ভোটার তালিকায় নাম আছে। আবার বাংলায় এসে ভোটার তালিকায় নাম তুলেছে। তাঁদেরকে বাংলা থেকে তাড়ানো হবে। এদিন তিনি আক্ষেপের সুরে বলেন, বাংলায় সনাতনীদের অস্তিত্ব প্রায় বিপন্ন।




রাজ্যের নয়টি জেলার ‘ডেমোগ্রাফি’ ইতিমধ্যেই বদলে গিয়েছে। মুর্শিদাবাদ, মালদা, রায়গঞ্জ, দিনাজপুর প্রকৃতি জায়গায় ৩০ শতাংশ গ্রামে দুর্গাপুজো বন্ধ করে দেওয়া হয়েছে। উক্ত সম্মেলনে এদিন হাজির ছিলেন বিজেপির ব্যারাকপুর জেলার সহ-সভাপতি প্রিয়াঙ্গু পান্ডে, জেলার সম্পাদক কুন্দন সিং, বঙ্গীয় সেনার ব্যারাকপুর সাংগঠনিক জেলার সভাপতি সুমন ব্যানার্জি, বঙ্গীয় সেনার দমদম সাংগঠনিক জেলার সভাপতি পার্থ দেবনাথ, রবীন মাল প্রমুখ।

## রাজভবনে পালিত উত্তরাখণ্ড প্রতিষ্ঠা দিবস

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** রাজ্যের রাজভবনে রবিবার আয়োজন করা হল উত্তরাখণ্ড রাজ্যের প্রতিষ্ঠা দিবস। ‘এক ভারত শ্রেষ্ঠ ভারত’ কর্মসূচির অঙ্গ হিসেবে এই অনুষ্ঠান অনুষ্ঠিত হয় রাজ্যপাল ড. সিভি আনন্দ বোসের তত্ত্বাবধানে ও দিকনির্দেশনায়। রাজভবনের বিশেষ দায়িত্বপ্রাপ্ত আধিকারিক জানিয়েছেন, দেশের বিভিন্ন প্রান্তের সাংস্কৃতিক ঐক্য ও সম্প্রীতির বার্তা ছড়িয়ে দিতে এই অনুষ্ঠান বিশেষ তাৎপর্য বহন করে। উত্তরাখণ্ডের ঐতিহ্য, সংস্কৃতি ও ইতিহাসকে শ্রদ্ধা জানাতে রাজভবন সেজে উঠেছিল রাজ্যটির স্বতন্ত্র রঙে। অনুষ্ঠানে প্রদর্শিত হয় উত্তরাখণ্ডের রাজ্যপালের ভিডিও বার্তা, যেখ ানে তিনি দুই রাজ্যের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক ও জাতীয় সংহতির গুরুত্বের উপর জোর দেন। উপস্থিত অতিথিরা দাঁড়িয়ে জাতীয় সংগীত গেয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।


### TENDER NOTICE

| N.I.T No. | Name of Work | Estimated Amount |
|---|---|---|
| WBMAD/ULB/ RSM/1531/25-26 Dated 04.11.2025 | Repair Upgradation work of RCC Slab casting Cover Drain from Kiran chandra Sikder to Rathin Mondal at Natunpally (Purbo) in Ward No.- 12 under Rajpur-Sonarpur Municipality, Project Name-A.P.A.S., Booth No - 92 (Proposul Serial No - 02), within 147 Sonarpur Dakshin A.C. | Rs. 1,06,727.00 |
| WBMAD/ULB/ RSM/1532/25-26 Dated 04.11.2025 | Repair Upgradation work of Covered Drain from Asish Sanfui to Baren Sanfui at Natunpally (Purbo) in Ward No.- 12 under Rajpur-Sonarpur Municipality, Project Name - A.P.A.S., Booth No - 92 (Proposul Serial No - 06), within 147 Sonarpur Dakshin A.C. | Rs. 1,52,266.00 |
| WBMAD/ULB/ RSM/1533/25-26 Dated 04.11.2025 | Estimate for the Repairing of Bituminous Road (marked as sl. 1/165) beside Horimoti Girls School (Shivani Oil Mill Gali) at Booth No.-165 of Ward No.-29, under Rajpur - Sonarpur Municipality. | Rs. 2,33,440.00 |
| WBMAD/ULB/ RSM/1534/25-26 Dated 04.11.2025 | Estimate for Repair and Renovation of Proposed C.C. Road (marked as Sl. 5/165) beside Uttarayan Appt. at Booth No.-165 of Ward No.-29 under Rajpur - Sonarpur Municipality. | Rs. 2,56,912.00 |
| WBMAD/ULB/ RSM/1535/25-26 Dated 04.11.2025 | Estimate for Repair and Renovation Proposed Surface Drain with Slab (marked as Sl. 6/165) beside Welness Clinic at Booth No.-165 of Ward No.-29 under Rajpur - Sonarpur Municipality. | Rs. 3,16,747.00 |
| WBMAD/ULB/ RSM/1536/25-26 Dated 04.11.2025 | Estimate for Repair and Renovation of Proposed concrete slab over existing surface drain (marked as Sl.- 1/258) from Mainak Garden to Lalit Tiku's Shop at Booth No.-258 of Ward No.-30 Under Rajpur - Sonarpur Municipality. | Rs. 2,14,557.00 |
| WBMAD/ULB/ RSM/1537/25-26 Dated 04.11.2025 | Estimate for Repair and Renovation of Proposed concrete slab over existing surface drain (marked as Sl.- 2/258) from Kali Mandir to Kamal Guha at Booth No.-258 of Ward No.-30 Under Rajpur - Sonarpur Municipality. | Rs. 1,15,839.00 |
| WBMAD/ULB/ RSM/1538/25-26 Dated 04.11.2025 | Estimate for Repair and Renovation of Proposed concrete slab over existing surface drain (marked as Sl.- 6/258) near Suman Das's House at Booth No.-258 of Ward No.-30 Under Rajpur - Sonarpur Municipality. | Rs. 1,27,994.00 |
| WBMAD/ULB/ RSM/1539/25-26 Dated 04.11.2025 | Estimate for Repair and Renovation of Proposed concrete slab over existing surface drain (marked as Sl.- 8/258) Near Malin Kanti Barua's House at Booth No.-258 of Ward No.-30 Under Rajpur - Sonarpur Municipality. | Rs. 1,15,839.00 |
| WBMAD/ULB/ RSM/1540/25-26 Dated 04.11.2025 | Estimate for Repair and Renovation of Proposed concrete slab over existing surface drain (marked as Sl.- 9/258) near Shreelekha Paul's House at Booth No.-258 of Ward No.-30 Under Rajpur - Sonarpur Municipality. | Rs. 1,64,567.00 |
| WBMAD/ULB/ RSM/1541/25-26 Dated 04.11.2025 | Estimate for Repair and Renovation of Proposed C.C. Road & Surface Drain with Slab (marked as Sl. 1/304) from H/o Chanda's to H/o Aman Mondal at Booth No.-304 of Ward No.-27 under Rajpur - Sonarpur Municipality. | Rs. 4,08,348.00 |
| WBMAD/ULB/ RSM/1542/25-26 Dated 04.11.2025 | Estimate for Repair and Renovation of Proposed C.C. Road & Surface Drain with Slab (marked as Sl. 2/304) from Ananda Mondal's Shop to H/o Santosh Mondal at Booth No.-304 of Ward No.-27 under Rajpur - Sonarpur Municipality. | Rs. 4,79,707.00 |

Bid Submission end date: **01.12.2025 at 11-00 hrs**. For more information please visit **http://www.wbtenders.gov.in**

**Sd/- E.O.,**
**Rajpur-Sonarpur Municipality**

### TENDER NOTICE

| N.I.T No. | Name of Work | Estimated Amount |
|---|---|---|
| WBMAD/ULB/ RSM/1557/25-26 Dated 06.11.2025 | Estimate for Repair & Upgradation Work of Concrete Road with Drain from H/O Mukti Ghosh to H/O Kamal Saha at Sharada Pally in Ward No.- 04 under Rajpur-Sonarpur Municipality,Project Name-A.P.A.S., Booth No.-231,(Proposal Serial No.-1)Within 151, Sonarpur Uttar A.C. | Rs. 2,56,583.00 |
| WBMAD/ULB/ RSM/1558/25-26 Dated 06.11.2025 | Estimate for Repair & Upgradation Work of Concrete Road with Drain from H/O Pradip Biswas to H/O Brishpati Kayel in Ward No. - 04 under Rajpur-Sonarpur Municipality, Project Name-A.P.A.S.,Booth No.-231, (Proposal Serial No.-5)Within 151, Sonarpur Uttar A.C. | Rs. 4,12,838.00 |
| WBMAD/ULB/ RSM/1559/25-26 Dated 06.11.2025 | Estimate for Repair & Upgradation Work of Covered Drain From H/O Goutam Bosh to H/O Dilip Das at Sharada Pally in Ward No. - 04 under Rajpur-Sonarpur Municipality, Project Name-A.P.A.S., Booth No.-231, (Proposal Serial No.-08),Within 151 Sonarpur Uttar A.C. | Rs. 1,97,017.00 |
| WBMAD/ULB/ RSM/1560/25-26 Dated 06.11.2025 | Estimate for Repair & Upgradation Work of Concrete Road with Drain fromH/O Tapan Sarder to H/O Kashinath Purkaite in Ward No.- 04 under Rajpur-Sonarpur Municipality, Project Name-A.P.A.S., Booth No.-234, (Proposal Serial No.-1) Within 151, Sonarpur Uttar A.C. | Rs. 3,01,246.00 |
| WBMAD/ULB/ RSM/1561/25-26 Dated 06.11.2025 | Estimate for Repair & Upgradation Work of Concrete Road with Drain fromH/O Sudhangshu Shekar Mandal to H/O Sannashi Mandal in Ward No. - 04 under Rajpur-SonarpurMunicipality,Project Name-A.P.A.S., Booth No.-234, (Proposal Serial No.-2) Within 151, Sonarpur Uttar A.C. | Rs. 2,56,583.00 |
| WBMAD/ULB/ RSM/1562/25-26 Dated 06.11.2025 | Estimate for Repair & Upgradation Work of Drain Covere from H/O Shibu Karmaakar to Amit Sardar in Ward No.- 04 under Rajpur-Sonarpur Municipality,Project Name-A.P.A.S., Booth No.-234,(Proposal Serial No.-04), Within 151 Sonarpur Uttar A.C. | Rs. 1,95,398.00 |
| WBMAD/ULB/ RSM/1563/25-26 Dated 06.11.2025 | Estimate for Repair & Upgradation Work of Covered Drain From H/O Sujoy Naiyar to Nitai Mandal in Ward No. - 04 under Rajpur-Sonarpur Municipality,Project Name-A.P.A.S., Booth No.-234, (Proposal Serial No.-05), Within 151 Sonarpur Uttar A.C. | Rs. 2,25,635.00 |
| WBMAD/ULB/ RSM/1564/25-26 Dated 06.11.2025 | Repair & Upgradation Work of Covered Drain From H/O Apalak Ghosh to H/O Samar Ganguly in Ward No. - 06 under Rajpur-Sonarpur Municipality,Project Name-A.P.A.S., Booth No.-218, (Proposal Serial No.-2), Within 151 Sonarpur Uttar A.C | Rs. 3,17,867.00 |
| WBMAD/ULB/ RSM/1565/25-26 Dated 06.11.2025 | Repair and Upgradation work of Concrete Road from Sunil Das towards Vim Das at Kabardangha in Ward No.- 15 under Rajpur-Sonarpur Municipality, Booth No-140 (Proposal Serial No-02),within 147 Sonarpur Dakshin A.C. | Rs. 1,93,764.00 |
| WBMAD/ULB/ RSM/1566/25-26 Dated 06.11.2025 | Estimate for Repair & Upgradation Work of Concrete Road from H/O Rajni Dalui to H/O Partha Mandal in Ward No.-01 under Rajpur-Sonarpur Municipality,Project Name-A.P.A.S., Booth No.-151, (Proposal Serial No.-03), Within 151 Sonarpur Uttar A.C. | Rs. 2,68,485.00 |
| WBMAD/ULB/ RSM/1567/25-26 Dated 06.11.2025 | Estimate for Repair & Upgradation Work of Concrete Road from Dhalua Panchpota Border Road to H/O Pradip Biswas via H/O Jayanta Dutta Banik in Ward No. -02 under Rajpur-Sonarpur Municipality, Booth No.-124, (Proposal Serial No.-03), Within 151 Sonarpur Uttar A.C. | Rs. 2,87,675.00 |

Bid Submission end date: **01.12.2025 at 11-00 hrs**. For more information please visit **http://www.wbtenders.gov.in** **Sd/- E.O., Rajpur-Sonarpur Municipality**

শ্রেণীবদ্ধ বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন- মোবাইল
৯৩৩১০৫৯০৬০/ ৯০০৭২৯৯৩৫৩/৯৮৭৪০ ৯২২২০

### TENDER NOTICE

| N.I.T No. | Name of Work | Estimated Amount |
|---|---|---|
| WBMAD/ULB/RSM/1568/25-26 Dated 06.11.2025 | Estimate for Repair & Upgradation Work of Covered Drain From H/O aloke Jana to H/O Anil Das in Ward No. - 04 under Rajpur-Sonarpur Municipality,Project Name-A.P.A.S., Booth No.-235, (Proposal Serial No.-02), Within 151 Sonarpur Uttar A.C. | Rs. 3,49,549.00 |
| WBMAD/ULB/RSM/1569/25-26 Dated 06.11.2025 | Estimate for Repair & Upgradation Work of Drain Covere from H/O Sukumar Pandit to Ramananda Biswas in Ward No. - 04 under Rajpur-Sonarpur Municipality, Project Name-A.P.A.S., Booth No.-235, (Proposal Serial No.-03), Within 151 Sonarpur Uttar A.C. | Rs. 1,05,269.00 |
| WBMAD/ULB/RSM/1570/25-26 Dated 06.11.2025 | Estimate for Repair & Upgradation Work of Concrete Road with Drain from H/O Dr.Joydev Mondal to H/O Debnath in Ward No. - 04 under Rajpur-Sonarpur Municipality,Project Name-A.P.A.S.,Booth No.-236,(Proposal Serial No.-1) Within 151, Sonarpur Uttar A.C. | Rs. 2,78,914.00 |
| WBMAD/ULB/RSM/1571/25-26 Dated 06.11.2025 | Estimate for Repair & Upgradation Work of Concrete Road from H/O Manik Bhadra to H/O Kuntal Samadder in Ward No. - 04 under Rajpur-Sonarpur Municipality,Project Name-A.P.A.S., Booth No.-239, (Proposal Serial No.-01), Within 151 Sonarpur Uttar A.C. | Rs. 1,30,097.00 |
| WBMAD/ULB/RSM/1572/25-26 Dated 06.11.2025 | Estimate for Repair & Upgradation Work of Concrete Road with Drain from Sath Sangha to H/O Tanmoy Banik in Ward No.- 04 under Rajpur-Sonarpur Municipality,Project Name-A.P.A.S.,Booth No.-239,(Proposal Serial No.-2)Within 151, Sonarpur Uttar A.C. | Rs. 1,67,388.00 |
| WBMAD/ULB/RSM/1573/25-26 Dated 06.11.2025 | Estimate for Repair & Upgradation Work of Concrete Road with Drain from H/O Gobinda er Dokan to H/O Nabakumar Das at Giribala Link Road in Ward No. - 04 under Rajpur-Sonarpur Municipality,Project Name-A.P.A.S., Booth No.-239,(Proposal Serial No.-4)Within 151, Sonarpur Uttar A.C. | Rs. 2,51,062.00 |
| WBMAD/ULB/RSM/1574/25-26 Dated 06.11.2025 | Estimate for Repair & Upgradation Work of Concrete Road with Drain from Ganga Jour Road to H/O Joyata Das in Ward No. - 04 under Rajpur-Sonarpur Municipality,Project Name-A.P.A.S., Booth No.-239,(Proposal Serial No.-5) Within 151, Sonarpur Uttar A.C. | Rs. 4,28,411.00 |
| WBMAD/ULB/RSM/1575/25-26 Dated 06.11.2025 | Estimate for Repair & Upgradation Work of Bituminous Road from H/O Tapan Dev to Nabagram Giribala School via H/O Subhra Barua in Ward No. - 04 under Rajpur-Sonarpur Municipality,Project Name-A.P.A.S., Booth No.-240, (Proposal Serial No.-01), Within 151 Sonarpur Uttar A.C. | Rs. 4,55,821.00 |
| WBMAD/ULB/RSM/1576/25-26 Dated 06.11.2025 | Estimate for Repair & Upgradation Work of Concrete Road with Drain from H/O Ganesh Devnath to H/O Shibkumar Singha in Ward No.- 04 under Rajpur-Sonarpur Municipality,Project Name-A.P.A.S., Booth No.-240,(Proposal Serial No.-4)Within 151, Sonarpur Uttar A.C. | Rs. 2,23,118.00 |
| WBMAD/ULB/RSM/1577/25-26 Dated 06.11.2025 | Estimate for Repair & Upgradation Work of Drain Covere from Naba Gram Yuva Sangha Club to Yuva Sangha Ground in Ward No. - 04 under Rajpur-Sonarpur Municipality, Project Name-A.P.A.S., Booth No.-240, (Proposal Serial No.-05), Within 151 Sonarpur Uttar A.C. | Rs. 2,96,816.00 |
| WBMAD/ULB/RSM/1578/25-26 Dated 06.11.2025 | Estimate for Repair & Upgradation Work of Concrete Road with Drain from H/O Umapati Halder to H/O Manik Shaw in Ward No. - 04 under Rajpur-Sonarpur Municipality,Project Name-A.P.A.S.,Booth No.-241,(Proposal Serial No.-4)Within 151, Sonarpur Uttar A.C. | Rs. 2,23,118.00 |
| WBMAD/ULB/RSM/1579/25-26 Dated 06.11.2025 | Estimate for Repair & Upgradation Work of Concrete Road with Drain from H/O Amit Kha to H/O Sunil Doloi in Ward No.- 04 under Rajpur-Sonarpur Municipality, Project Name-A.P.A.S.,Booth No.-241,(Proposal Serial No.-5) Within 151, Sonarpur Uttar A.C. | Rs. 3,06,858.00 |
| WBMAD/ULB/RSM/1580/25-26 Dated 06.11.2025 | Estimate for Repair & Upgradation Work of Concrete Road with Drain from H/O Bhakta Das Nandi to H/O Arun Mandal in Ward No. - 04 under Rajpur-Sonarpur Municipality,Project Name-A.P.A.S.,Booth No.-241,(Proposal Serial No.-6)Within 151, Sonarpur Uttar A.C. | Rs. 3,06,858.00 |
| WBMAD/ULB/RSM/1581/25-26 Dated 06.11.2025 | Estimate for Repair & Upgradation Work of Drain Covere from H/O Kanai Mandal to H/O Supriya Das in Ward No. - 04 under Rajpur-Sonarpur Municipality, Project Name-A.P.A.S., Booth No.-241, (Proposal Serial No.-07), Within 151 Sonarpur Uttar A.C. Length :- 139 M. | Rs. 1,04,499.00 |

Bid Submission end date: **01.12.2025 at 11-00 hrs**. For more information please visit **http://www.wbtenders.gov.in**

**Sd/- E.O., Rajpur-Sonarpur Municipality**

### TENDER NOTICE

| N.I.T No. | Name of Work | Estimated Amount |
|---|---|---|
| WBMAD/ULB/RSM/1445/25-26 Dated 03.11.2025 | Estimate for Repair & Upgradation Work of Concrete Road From H/O Dipanjan Aich to H/O Sefali Sarkar in Ward No.-03 under Rajpur-Sonarpur Municipality,Project Name- A.P.A.S., Booth No.-128, (Proposal Serial No.-01), Within 151 Sonarpur Uttar A.C. | Rs. 4,81,717.00 |
| WBMAD/ULB/RSM/1446/25-26 Dated 03.11.2025 | Repair & upgradation concrete slab over existing surface drain and Surface Drain (marked as Sl. 1/199) Opposite side of Shibmandir at Booth No.-199 of Ward No.-28 Under Rajpur - Sonarpur Municipality | Rs. 4,37,019.00 |
| WBMAD/ULB/RSM/1447/25-26 Dated 03.11.2025 | Repair & upgradation Surface Drain with Slab (marked as Sl. 2/261) from H/o Tapan Mondal to H/o Khitis Majumder at Booth No.-261 of Ward No.-30 under Rajpur - Sonarpur Municipality. | Rs. 3,24,406.00 |
| WBMAD/ULB/RSM/1448/25-26 Dated 03.11.2025 | Repair & upgradation of Surface Drain with Slab (marked as Sl. 3/261) near Jagarani Sangha Playground at Booth No.-261 of Ward No.-30 under Rajpur - Sonarpur Municipality. | Rs. 1,44,817.00 |
| WBMAD/ULB/RSM/1449/25-26 Dated 03.11.2025 | Repair & upgradation of Surface Drain with Slab (marked as Sl. 6/261) from H/o Nabin Nag to H/o Dipak Ghoshal at Booth No.-261 of Ward No.-30 under Rajpur - Sonarpur Municipality. | Rs. 2,91,296.00 |
| WBMAD/ULB/RSM/1450/25-26 Dated 03.11.2025 | Repair and Upgradation of Surface Drain From H/O Binai Mondal to H/O Krishna Mondal (Proposed Sl. No.- 2) at Booth No.- 145 of Ward No.- 35 under Rajpur-Sonarpur Municipality within A.C.- 151, Sonarpur | Rs. 1,30,150.00 |
| WBMAD/ULB/RSM/1451/25-26 Dated 03.11.2025 | Repair and Upgradation of Surface Drain From H/O Gour Hari Das to H/O Kanta Mondal (Proposed Sl. No.- 3) at Booth No.- 145 of Ward No.- 35 under Rajpur-Sonarpur Municipality within A.C.- 151, Sonarpur | Rs. 1,80,032.00 |
| WBMAD/ULB/RSM/1452/25-26 Dated 03.11.2025 | Estimate for Repair & Upgradation Work of Concrete Road with Drain from H/O Farik Mahammed to H/O Toyab Ali in Ward No. - 07 under Rajpur-Sonarpur Municipality,Project Name-A.P.A.S., Booth No.-293,(Proposal Serial No.-1)Within 151, Sonarpur Uttar A.C. | Rs. 3,23,578.00 |
| WBMAD/ULB/RSM/1453/25-26 Dated 03.11.2025 | Estimate for Repair & Upgradation Work of Concrete Road with Drain from H/O Shiraj Laskar to H/O Nazrul Laskar in Ward No. - 07 under Rajpur-Sonarpur Municipality,Project Name-A.P.A.S.,Booth No.-293,(Proposal Serial No.-2)Within 151, Sonarpur Uttar A.C. | Rs. 1,17,139.00 |
| WBMAD/ULB/RSM/1454/25-26 Dated 03.11.2025 | Estimate for Repair & Upgradation Work of Concrete Road from TOTO Stand to H/O Aloke Biswas in Ward No. - 07 under Rajpur-Sonarpur Municipality,Project Name-A.P.A.S., Booth No.-289, (Proposal Serial No.-01), Within 151 Sonarpur Uttar A.C. | Rs. 2,92,719.00 |
| WBMAD/ULB/RSM/1455/25-26 Dated 03.11.2025 | Estimate for Repair & Upgradation Work of Covered Drain From H/O Sona Mondal to H/O Robi Mondal in Ward No.-07 under Rajpur-Sonarpur Municipality,Project Name-A.P.A.S., Booth No.-289, (Proposal Serial No.-02) | Rs. 1,58,933.00 |
| WBMAD/ULB/RSM/1456/25-26 Dated 03.11.2025 | Estimate for Repair & Upgradation Work of Covered Drain From H/O Tapan Biswas to H/O Indra Narayan Biswas in Ward No. - 07 under Rajpur-Sonarpur Municipality,Project Name-A.P.A.S., Booth No.-289, (Proposal Serial No.-03) Within 151 Sonarpur Uttar A.C. | Rs. 3,17,867.00 |
| WBMAD/ULB/RSM/1457/25-26 Dated 03.11.2025 | Estimate for Repair & Upgradation Work of Concrete Road with Drain from H/O Surja Mondal to H/O Mohon Naskar in Ward No. - 07 under Rajpur-Sonarpur Municipality,Project Name-A.P.A.S.,Booth No.-289, (Proposal Serial No.-4)Within 151, Sonarpur Uttar A.C. | Rs. 2,06,399.00 |
| WBMAD/ULB/RSM/1458/25-26 Dated 03.11.2025 | Estimate for Repair & Upgradation Work of Concrete Road from Kandakpur Khan Para Doctor House to H/O Chatu Mandal in Ward No. - 07 under Rajpur-Sonarpur Municipality,Project Name-A.P.A.S., Booth No.-287, (Proposal Serial No.-01), Within 151 Sonarpur Uttar A.C. | Rs. 2,56,243.00 |
| WBMAD/ULB/RSM/1459/25-26 Dated 03.11.2025 | Estimate for Repair & Upgradation Work of Drain Covere from Kandakpur Madrasha Back Side to H/O Rofic Sarder in Ward No.- 07 under Rajpur-Sonarpur Municipality, Project Name-A.P.A.S., Booth No.-287, (Proposal Serial No.-03), Within 151 Sonarpur Uttar A.C. | Rs. 1,20,214.00 |
| WBMAD/ULB/RSM/1460/25-26 Dated 03.11.2025 | Estimate for Repair & Upgradation Work of Concrete Road with Drain from H/O Jamshed Laskar to H/O Sonu Shek in Ward No. - 07 under Rajpur-Sonarpur Municipality,Project Name-A.P.A.S.,Booth No.-287,(Proposal Serial No.-6)Within 151, Sonarpur Uttar A.C. | Rs. 4,46,302.00 |
| WBMAD/ULB/RSM/1461/25-26 Dated 03.11.2025 | Estimate for Repair & Upgradation Work of Concrete Road from H/O Shakila Bibi to H/O Shaddam Shek in Ward No.- 07 under Rajpur-Sonarpur Municipality, Project Name-A.P.A.S., Booth No.-287, (Proposal Serial No.-07), Within 151 Sonarpur Uttar A.C. | Rs. 1,56,563.00 |
| WBMAD/ULB/RSM/1462/25-26 Dated 03.11.2025 | Repair & Upgradation Work of Drain from Kisholay Club towards Kanai Ghosh at Baguipara in Ward No.- 14, under Rajpur-Sonarpur Municipality, Project Name-A.P.A.S., Booth No.- 139 (Proposal Serial No.: 01),within 147, Sonarpur Dakshin A.C. | Rs. 2,54,790.00 |
| WBMAD/ULB/RSM/1463/25-26 Dated 03.11.2025 | Repair and Upgradation Work of Concrete Road with Drain from Opposite Road of Bakul Jewellers towards Sunit Mitra House at Baguipara in Ward No.- 14, under Rajpur-Sonarpur Municipality, Project Name- A.P.A.S., Booth No.- 139 (Proposal Serial No.: 02), within 147, Sonarpur Dakshin A.C. | Rs. 2,88,071.00 |
| WBMAD/ULB/RSM/1464/25-26 Dated 03.11.2025 | Estimate for Repair & Upgradation of C. C. Road & Drain Near H/O Bhaskar Sir (Proposed Sl. No.- 4) at Booth No.- 175 of Ward No.- 33 under Rajpur-Sonarpur Municipality within A.C.- 151, Sonarpur Uttar | Rs. 1,68,448.00 |
| WBMAD/ULB/RSM/1465/25-26 Dated 03.11.2025 | Estimate for Repair & Upgradation of Surface Drain from Childrens Happy Home to H/O Balaram Podder (Proposed Sl. No.- 3) at Booth No.- 184 of Ward No.- 33 under Rajpur-Sonarpur Municipality within A.C.- 151, Sonarpur Uttar | Rs. 2,77,194.00 |
| WBMAD/ULB/RSM/1466/25-26 Dated 03.11.2025 | Repair & Upgradation of C. C. Road from H/O Sukanta to H/O Manu Acharjee (Proposed Sl. No.- 1) at Booth No.- 246 of Ward No.- 32 under Rajpur-Sonarpur Municipality within A.C.- 151, Sonarpur Uttar | Rs. 1,91,828.00 |
| WBMAD/ULB/RSM/1467/25-26 Dated 03.11.2025 | Repair & Upgradation Work of Concrete Road from amit Pal towards Ajanta Khothal at Opahouse in Ward No.- 14 under Rajpur-Sonarpur Municipality, Project Name-A.P.A.S., Booth No.-72, (Proposal Serial No.-3)Within 147, Sonarpur Dakshin A.C. | Rs. 1,26,930.00 |

Bid Submission end date: **01.12.2025 at 11-00 hrs**. For more information please visit **http://www.wbtenders.gov.in**

**Sd/- E.O.,**
**Rajpur-Sonarpur Municipality**

সম্পাদকীয়

## সুযোগ বুঝে রিচার সাফল্যে ভাগ বসাতে ব্যস্ত সবাই

লড়াই শব্দটা বোধহয় এখানে কিছুটা ছোট হয়ে যায়। গত কয়েক দশক ধরে যে লড়াইটা করতে হয়েছে বাংলার এই মেয়েদের, তার খোঁজ আর কবে কে রেখেছে। কিন্তু মেরুদণ্ড সোজা রেখে গার্গী, ঝুলন, রুমেলিদের মতো কয়েকটা মেয়ে লড়াইটা চালিয়ে গিয়েছে। পাশে ছিল শুধু ওদের পরিবার আর কোচেরা। হাল ছাড়েনি ওরা। না, ওরা ব্যাক্তিগত ভাবে হয়তো এই সাফল্যকে ছুঁতে পারেনি। সে জন্য হয়তো কিছুটা আফশোসও আছে। কিন্তু ওরা যে ব্যর্থ হয়নি তার প্রমাণ মিলল এই ২০২৫-এ এসে। রিচাদের সাফল্যে তাই আজ নিশ্চয় সবচেয়ে খুশি ঝুলনরাই। ভারতের কয়েকটা মেয়ে মিলে বাইশ গজের খেলায় বিশ্বজয় করেছে, এটা এখনও বোধহয় অনেকে ভাবতে পারছে না। হ্যাঁ, এটা সম্ভব করে দেখিয়েছে হরমনপ্রীত, শেফালি, রিচার মতো কদিন আগেও অখ্যাত কয়েকটা মেয়ে। তবে আজ কিন্তু রিচারা শ্রেষ্ঠত্বের আসনে। ওঁরা শুধু দেশের সম্মান বাড়ায়নি, এ দেশে মহিলা ক্রিকেট সম্পর্কে দৃষ্টিভঙ্গীটাই কার্যত বদলে দিয়েছে। এত অবহেলার পরও ওরা পেরেছে, এটাই আসল কথা। কিন্তু মজার কথা, আজ যখন রিচারা নিজেদের যোগ্যতায় সেরা, তখনই তাঁদের নিয়ে শুরু হয়েছে টানাটানি। সফলদের সঙ্গে নিজেদের জুড়ে সেই সাফল্যে ভাগ বসানোটা সুবিধাবাদীদের চিরকালের কৌশল। সেই কৌশল এখানেও চলছে। এখন রাজ্য জুড়ে বিশ্বকাপজয়ী রিচাকে সংবর্ধনা জানানোর ধুম পড়ে গিয়েছে। খোদ মুখ্যমন্ত্রী থেকে ক্রীড়ামন্ত্রীর মতো ওজনদার লোকজন সব ফেলে ছুটে আসছেন সংবর্ধনার মঞ্চে। তুলে দিচ্ছেন উপহার। এটা বাংলার কতবড় সাফল্য সেই সবও শোনা যাচ্ছে। বাংলার খেলাধুলোর জন্য তারা কে কত কাজ করেছেন উঠে আসছে তার খতিয়ান। কিন্তু এ রাজ্যের সরকার কি একটা উদাহরণও দেখাতে পারবে তারা এর আগে কবে, কোথায় রিচার জন্য কি করেছেন। কিছু সাহায্য করেছে সিএবি। সেটা তো তাঁদের কাজ। কিন্তু সরকারি তরফে মহিলা ক্রিকেটের জন্য এ রাজ্যে কিছু উদ্যোগ নেওয়া হয়েছে এ উদাহরণ জানলে হয়তো অনেকে খুশি হতেন।

### আজকের দিন

■ **১৯৯১:** আইসিসিতে পুনরায় অন্তর্ভুক্তির পর দক্ষিণ আফ্রিকা কলকাতায় ভারতের বিরুদ্ধে প্রথম ওয়ানডে খেলে।



■ **২০১৬:** ভারতীয় মুদ্রার বিমুদ্রাকরণের পর, সোনার বিক্রিতে ব্যাপক বৃদ্ধি ঘটে, এবং লোকেরা তাদের অর্থকে নগদ অর্থবিহীন সম্পদে রূপান্তর করার চেষ্টা করার সাথে সাথে দাম উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পায়।



চলমান অর্থমন্ত্রী সম্প্রতি আঞ্চলিক গ্রামীণ ব্যাংকগুলিকে (RRBs) MSME ক্লাস্টারগুলিকে সমর্থন করার জন্য এবং আর্থিক অন্তর্ভুক্তি বৃদ্ধির জন্য নতুন পণ্য তৈরি করার আহ্বান জানিয়েছেন, যা একটি উন্নয়নশীল ব্যবস্থার আহ্বান।

### জন্মদিন

### আজকের দিন



সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়

১৮৪৮ *বিশিষ্ট স্বাধীনতা সংগ্রামী সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের জন্মদিন।*
১৯৫৪ *বিশিষ্ট কবি জয় গোস্বামীর জন্মদিন।*
১৯৬৭ *বিশিষ্ট চলচ্চিত্রাভিনেতা আশুতোষ রাণার জন্মদিন।*

# বঙ্গ রাজনীতিতে নির্ভীক সৈনিক অভিজিৎ গঙ্গোপাধ্যায়

**প্রদীপ মারিক**

প্রতিবাদের মুখ অভিজিৎ গঙ্গোপাধ্যায়। তিনি একাধারে ছিলেন হাইকোর্টের বিচারপতি, তার সময়েই রাজ্য সরকারের একটার পর একটা দুর্নীতি বঙ্গ বাসীর সামনে আসে। এমন সাহসী শিক্ষিত মানুষ বঙ্গ রাজনীতিতে গুটি কয়েক এসেছেন। রাজনীতি মানেই কূটনৈতিক যেখানে প্রত্যেক রাজনৈতিক দলের তৃণমূল স্তরের কর্মীরা থাকবেন সম্মুখ সমরে আর রাজনীতি পরিচালনার জন্য মাথা খাটাবেন কূটনৈতিক'রা। বঙ্গ বিজেপির এমনি নবীন সাংসদ অভিজিৎ গঙ্গোপাধ্যায় যিনি বিচক্ষণ কূটনৈতিক এবং রাজনৈতিক ব্যক্তিত্ব। তিনি প্রত্যেকটা বঙ্গবাসীর মনের কথা শুধু জানেন না অকপটে বলতে পারেন বিনা দ্বিধায়। কারণ তিনি স্বামীজীর আদর্শ মেনে চলেন, স্বামীজী যেমন বলতেন যারা সত্যি শক্তিশালী তারা সামনের দিকেই তাকান। তেমন ই অভিজিৎ বঙ্গবাসীর মনের কথাই অকপটে বলতে পারেন বিনা দ্বিধায়।



রাজ্যের ক্ষমতা বদলের জন্য কেন্দ্রের কোন পথ অবলম্বন করা উচিত, সেই উপায়ও বলে দিয়েছেন প্রাক্তন বিচারপতি। তিনি দাবি করেন। তিনি মনে করেন, রাজ্যে পালাবদল করতে হলে পুলিশকে কেন্দ্রীয় সরকারের আওতায় নিয়ে এসে ভোট করাতে হবে। তা হলেই তৃণমূল ভোট দিতে যাওয়ার সময় কাউকে 'বাধা' দিতে পারবে না বা কোনও রকম অশান্তি সৃষ্টি করতে পারবে না। তবে এ সব করলেও যে পরিবর্তন হবে, সে সম্পর্কে নিশ্চিত নন বিজেপি সাংসদ। তিনি বলেছেন, তারপর যদি তৃণমূল আসে, তো আসবে।

অভিজিৎ গঙ্গোপাধ্যায় বলেছেন, বাংলার আবেগকে ভারতীয় জনতা পার্টিকে বুঝতে হবে। তিনি মন্তব্য করেন, কেন যে পশ্চিমবঙ্গের মতো একটা শাসনহীন, প্রশাসনহীন রাজ্যে অন্তত ৩৫৫ ধারা জারি করা হবে না, সেটা তার কাছে একটা বড় প্রশ্ন। খুব বিচক্ষণতার সঙ্গে কথা গুলো বলেছেন অভিজিৎ গঙ্গোপাধ্যায়। অভিজিৎ গঙ্গোপাধ্যায় যেমন নির্ভীক দাপট দেখিয়ে বিচারপতি থাকাকালীন বিচারব্যাবস্থা কে সু উচ্চতায় নিয়ে গিয়েছেন, তেমনি বঙ্গবাসী আসা করে তার সু চিন্তিত মতামত গুলো গ্রহণ করুক বঙ্গ বিজেপি।

প্রতিবাদের মুখ অভিজিৎ গঙ্গোপাধ্যায়। তিনি যত দিন বিচারপতি ছিলেন একেবারে তৃণমূল স্তর থেকে কেঁচো খুঁড়ে কেউটে ধরার মত দুর্নীতির একেবারে শিকড়কে ধরার চেষ্টা করেছেন। বেকার তরুণ প্রজন্মকে নিয়ে যে ভাবে ছিনিমিনি খেলার চেষ্টা করেছিল রাজ্যে ক্ষমতাসীন আঞ্চলিক দলের দুর্নীতিবাজ নেতারা তাদের কে জনসমক্ষে টেনে এনে বিচারপতি থাকাকালীন যে ভাবে ভয় ভীতি সরিয়ে একটার পর একটা তাবড় মাথাদের ইডি সিবিই করে ধরলেন এবং জেলে পুরলেন তা ভারতীয় বিচার ব্যাবস্থায় একটা দৃষ্টান্ত হয়ে থাকবে। বঙ্গবাসীরা তো বটেই সমগ্ দেশবাসীর কাছ থেকে তার স্যালুট ই প্রাপ্য। চাকরি পার্থীদের কাছে তিনি ভগবান। ভ্ষ্ঠাচার নির্মূল সরকারের জন্য আজ এই রকম ব্যক্তিকেই তো দরকার যিনি দেশের হয়ে কাজ করতে পারবেন। বিচারপতি হিসাবে পদত্যাগ করেই অভিজিৎ গঙ্গোপাধ্যায় বললেন আদালতে যে কাজ তিনি নিষ্ঠা ভাবে করেছেন, সেই কাজ তিনি এখন বৃহত্তর ক্ষেত্রে মানুষের মধ্যে করতে চান। তার সব চেয়ে তাৎপর্যপূর্ণ মন্তব্য হল, 'ইতিহাসে আমরা মৌর্য সাম্রাজ্যের কথা পড়েছি, এখন চোখের সামনে চৌর্য সাম্রাজ্যকে দেখছি। অভিজিৎ গঙ্গোপাধ্যায় যখন ই চোর ধরেছেন, ক্ষমতাশীল আঞ্চলিক দল তাকে বলেছে আপনি মাঠে এসে লড়াই করুন। তিনি ভাবলেন তারা যখন ডেকেছেন এমন ভাবে, এত ধরণের ব্যঙ্গ করেছেন, এমন অপমান কথা বলছেন তাহলে তো তাদের ইচ্ছার মর্যাদা দিতেই হবে। সেই তোলামুল পার্টির ইচ্ছাকে মর্যাদা দিয়ে তিনি ভারতীয় জনতা পার্টির পতাকা তুলে নিলেন। একেবারে ঠিক কাজ, তিনি মোদির মত একজন সৎ সাহসীর সেনাপতি হতে পারলেন।

শিক্ষক নিয়োগ দুর্নীতি-সহ একাধিক মামলার বিচার করে অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের একের পর এক নির্দেশ ঝড় তুলে দিয়েছেন। নিয়োগ মামলাগুলিতে তাঁর রায় চাকরিপ্রার্থীদের কাছে রাতারাতি তাঁকে করে তুলেছে 'ভগবান'। আম-আদমির তিনি প্রিয় বিচারক হয়ে উঠেছিলেন। সংবাদমাধ্যম থেকে সোশ্যাল মিডিয়া, তাঁকে নিয়ে চর্চা আর চর্চা। সন্দেশখালিতে ইডি অফিসারদের আক্রান্ত হওয়ার ঘটনার দিনই তিনি তীব্র প্রতিক্রিয়া জানিয়েছিলেন। তিনি বললেন, তদন্ত আটকানোর জন্য এর আগে মানুষের টাকা খরচ করা হচ্ছিল মামলা মোকদ্দমা করে। কোনও অন্যায় বা দুর্নীতির বিরুদ্ধে তদন্তের নির্দেশ দিলেই তার বিরুদ্ধে সুপ্রিম কোর্টে চলে যাওয়া হচ্ছিল। সুপ্রিম কোর্টে যাওয়ার অধিকার অবশ্যই রয়েছে। কিন্তু কী করার জন্য যাওয়া হচ্ছে। তিনি এও বলেছেন তিনি জানতে চাইবেন মোট কত টাকা খরচ হয়েছে সুপ্রিম কোর্টে গিয়ে? এই তদন্ত আটকানোর জন্য সুপ্রিম কোর্টে গিয়ে পশ্চিমবঙ্গ সরকার কত কোটি টাকা খরচ করল।' বাংলায় শিক্ষক দুর্নীতি নিয়ে বিচারপতি গঙ্গোপাধ্যায়ই কেন্দ্রীয় তদন্ত এজেন্সিকে তদন্তের নির্দেশ দিয়েছিলেন। তাঁর একাধিক পর্যবেক্ষণ ও নির্দেশ নিয়ে পরে প্রশ্ন উঠেছে বা সুপ্রিম কোর্টে চ্যালেঞ্জ করা হয়েছে। কিন্তু কোনওভাবেই তিনি দমেননি। এর আগে একটি টেলিভিশন চ্যানেলে সাক্ষাৎকার দিয়েও বিতর্কের মুখে পড়েছিলেন তিনি। তবে দেখা যাচ্ছে, তিনি থেমে যাওয়ার পাত্র নন। বরং ধারাবাহিক ভাবে আঘাত হেনে চলেছেন।

তিনি শিক্ষাগত যোগ্যতা এবং বিচক্ষণতা এবং সৎ সাহসী ব্যারিস্টার দের প্রশংসা করে গিয়েছেন। বিচারপতি থাকা কালীন এজলাসে ই তিনি বর্ষীয়ান বিকাশ রঞ্জন ভাট্টাচার্জকে গুরু হিসাবে মানতেন। তিনি কত দুরসৃষ্টি সম্পন্ন ছিলেন যে তিনি বুঝেছিলেন একমাত্র বিকাশ রঞ্জন ভট্টাচার্য ই নিয়োগ দুর্নীতির কথা প্রকাশ্যে আনতে পারবেন। কারণ আবেদন না উঠলে তো বিচার করা সম্ভব নয়। আর বিকাশ রঞ্জন ভট্টাচার্যই সেই দুঁদে ব্যারিস্টার যিনি সঠিক মানুষ যিনি অন্যায়ের সঙ্গে আপোষ করবেন না। আবার কুনাল ঘোষের উপন্যাস পড়েও তিনি অবলীলায় বলতে পারেন, কুনাল বাবুর বেশ ভালো লিখেছেন, তার লেখার হাত খুব ভালো। বিচারকের আসনে ছেড়েও তার সৎ সাহস যে এতটুকু কমে নি তার প্রমান পাওয়া যায় যখন আঞ্চলিক দলের তাবেদারী দল যাকে সেনাপতি বলেন অভিজিৎ গঙ্গোপাধ্যায় তাকে অনায়াসে বলতে পারেন তাল পাতার সেপাই। রাজনীতিতে প্রবেশ করেই একবারে বাঘের মত গর্জন। নরেন্দ্র মোদি যেমন বলেন, 'না খাউঙ্গা না কিসিকো খানে দুঙ্গা' তেমনি এক নির্ভীক মানুষ অভিজিৎ গঙ্গোপাধ্যায়। তিনি যোগ্য চাকরি প্রার্থীদের কান্নাকে মর্যাদা দিতে পেরেছেন এবং দুর্নীতির পাহাড়ে বসা আঞ্চলিক দলের নেতাদের সর্বসমক্ষে এনে বুঝিয়ে দিলেন তিনি মোদি গ্যারান্টির যোগ্য উত্তরসূরী।

# সন্তানের জেদের কাছে বাবা-মায়ের অসহায়তা

**অনুকূল বিশ্বাস**

মানুষের জীবনে বহু প্রকারের সম্পদ আছে। বিভিন্ন উপায়ে মানুষ সেসব অর্জন করে ও সযত্নে লালন পালন করে থাকে।যেমন টাকা-পয়সা এক প্রকার সম্পদ, এছাড়াও বাড়িঘর , জমি-জমা ,সোনা-চাঁদি, ব্যাংক ব্যালেন্স সবই প্রচলিত সম্পদের মধ্যে পড়ে। তেমনি মূল্যবোধ ,নৈতিকতা , আদর্শবোধ, শিষ্টাচার,সততা প্রভৃতি মানুষের মহামূল্যবান চারিত্রিক সম্পদ। একজন মানুষের জীবনে দ্বিতীয় প্রকার সম্পদের গুরুত্ব এতটাই বেশি যে, এর দ্বারা মানুষের প্রকৃত পরিচয় প্রকট হয়ে থাকে।এসব আসলে একজন ভালো ও গুণী মানুষের অলঙ্কার। তাই মানুষের জীবনে এই দ্বিতীয় প্রকার সম্পদের গুরুত্ব অপরিসীম বললেও কম বলা হবে।একজন পরিপূর্ণ মানুষ গঠনে এর ভূমিকা অপরিসীম।বাবা-মায়ের কাছে সবচেয়ে মূল্যবান সম্পদ হল তাঁর সন্তান।



বহু পরিশ্রম ও ত্যাগের বিনিময়ে এসব অর্জিত হয় এবং অর্জনের পর তাকে সুরক্ষিত রাখা অর্থাৎ তাকে নিজের মধ্যে ধারণ করা জীবনের অন্যতম চ্যালেঞ্জ, কিন্তু মানুষ হিসেবে প্রত্যেককে সেই চ্যালেঞ্জটা নিতেই হয়। তবেই তাকে একজন প্রকৃত মানুষ হিসেবে বিবেচনা করা হয়।

আজকাল সমাজের আনাচে-কানাচে কান পাতলে শোনা যায় অমুক বাবুর ছেলেটি হৃদ্মজ্জ:ত্র অথবা রয়াল এনফিল্ড বাইক কেনার জন্য বাবা-মায়ের উপর ক্রমাগত চাপ তৈরি করে যাচ্ছে। এমনকি বিভিন্ন উপায়ে বাবা-মাকে ব্ল্যাকমেইল পর্যন্ত করতেও পিছপা হচ্ছে না। কখনো কখনো ব্যাপারটা এমন পর্যায়ে চলে যায় যে আত্মহত্যার হুমকি পর্যন্ত দিতে থাকে। বাবা-মা নিরুপায়, তাঁরা জানেন যে তার সন্তানের এই আবদার অনুচিত কিন্তু বেশিরভাগ ক্ষেত্রে দেখা যায় তাঁরা বাধ্য হয়েই ছেলের সেই আবদার মেনে নেন। এমন অনেক ঘটনা রয়েছে যেখানে আদৌ বাবা-মায়ের অর্থনৈতিক সামর্থ্য ছেলের ওই আবদার মেটানোর পক্ষে উপযুক্ত নয়,তবুও সন্তানের অনৈতিক আবদারে বাড়ি কিংবা একমাত্র সম্পদ বলতে একটু জমি বিক্রি করে দিচ্ছেন। বাবা মায়ের আশঙ্কা সত্যিই সন্তান যদি ওরকম কিছু করে ফেলে , তাহলে আফসোসের শেষ থাকবে না; তাই অন্যায় ও অন্যায্য দাবি বুঝেও সন্তান হারানোর ভয়ে জীবনের সঞ্চিত সমস্ত অর্থ বা সম্পদ খুইয়ে তার দাবি মেটানোয় উদ্যোগী হন। এখন প্রশ্ন হল, এই প্রকার জেদ কি বর্তমানের জেন জি প্রজন্মের মধ্যে ভয়ানক আকার ধারণ করেছে? তাহলে কি এদের মধ্যে মূল্যবোধ ,নৈতিকতা , আদর্শবোধ, শিষ্টাচার, সততা ও নিষ্ঠার ন্যায় গুণাবলীর কুঁড়ি প্রস্ফুটিত হচ্ছে না?

প্রশ্ন অনেক, কিন্তু তার উত্তর খুঁজতে বর্তমান প্রজন্মের বাবা-মা, গুরুজন ও শিক্ষক-শিক্ষিকার নাজেহাল অবস্থা।

কিন্তু প্রশ্নটা হচ্ছে বিপথে চলে যাওয়া সন্তানের এমন দাবি করার আগে, তাকে তার পারিবারিক অবস্থা, বাবা-মায়ের সামর্থ্য সম্পর্কে বিবেচনা করা উচিত। সব বাবা-মা-ই যথাসাধ্য চেষ্টা করেন তার সন্তানদের চাহিদা মেটানোর। তার মানে এই নয় যে, সন্তান যা চাইবে সে তাই পাবে! বাবা-মাও সেটা দিতে বাধ্য! এখানে সন্তানেরও বোঝা উচিৎ তার বাবা-মায়েরও সামর্থ্যের সীমাবদ্ধতা রয়েছে। তাকে মনে রাখতে হবে সেও সন্তান।দায়িত্ব-কর্তব্য পালন চিরকাল একমুখী হয় না, সেটা বরাবর দ্বিমুখী। একটা বয়সের পর সেই দ্বিমুখী দায়িত্ব ও কর্তব্যের সময় আসে।

বর্তমানের জেন জি প্রজন্ম নিয়ে সারা বিশ্ব তোলপাড় হচ্ছে। এদের বিগত কোনো প্রজন্মের সঙ্গেই সামঞ্জস্য করা যাচ্ছে না। হাতে গোনা দু-চারজন ব্যতীত জেন জি প্রজন্ম মোবাইলে ভয়ানক ভাবে আসক্ত। এরা মোবাইল হাতে খায়, মোবাইল হাতে ঘুমায়,মোবাইল হাতে চলে,মোবাইল হাতে পড়াশোনা করে, মোবাইল হাতে বাড়ির বাইরে বেরোয়, মোবাইল হাতে শৌচালয়ে যায়,মোবাইল হাতে গল্প করে---মোবাইল সর্বোস্ব জীবন এদের। এরা অত্যন্ত জেদী, নিজের সিদ্ধান্তে অটল,নিজের পছন্দে অনড়, যুক্তিতর্কে তুখোড়,খাদ্যাভাসে ফাস্টফুড প্রথম পছন্দ,মাঠে খেলাধূলায় চরম অনাগ্রহী,মোবাইলে ভয়ানক আসক্তি,ঘুমের অভ্যাসে রাতকে দিন ও দিনকে রাত বানাতে ওস্তাদ।

গুরুজন,বাবা-মা এমনকি শিক্ষক -শিক্ষিকাকেও মান্যতায় চরম অনীহা এদের।তাই এই প্রজন্মের শিশুকে লালন পালন করার ক্ষেত্রে চরম সমস্যায় ভুগছেন বাবা-মা। সন্তানের জেদ ও চাহিদার কাছে বাবা-মা আত্মসমর্পণ করতে বাধ্য হচ্ছেন। এর পরের ধাপের সমস্যায় পড়ছেন বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা। পরিবর্তিত সামাজিক প্রেক্ষাপটে ছাত্রছাত্রীর অবাধ্যতা ও অন্যায়ে শিক্ষক-শিক্ষিকা উপযুক্ত শাস্তির বিধান দিতে অপারক। ফলে ছাত্রছাত্রীরা ক্রমশ বেপরোয়া হয়ে পড়ছে। তাই দেখা যাচ্ছে একদিকে বাবা-মা অন্যদিকে বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা----এরা সবাই যেন একযোগে জেন জি প্রজন্মের কাছে অসহায় বোধ করছেন। এরা আসলে কি চায়, আদৌ সেটা জানে কিনা সেটাই এখন সবচেয়ে বড় প্রশ্ন!

*লেখক: শিক্ষক, রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ বিদ্যামন্দির, মালদহ*

# উত্তরবঙ্গের সবচেয়ে বড় উৎসব কোচবিহারের ঐতিহ্যবাহী রাসমেলা





**অসীম কুমার মিত্র**

শ্রী শ্রী মদনমোহন দেবের পুণ্য রাসযাত্রা উপলক্ষে কোচবিহার পৌরসভা পরিচালিত ঐতিহ্যমন্ডিত রাসমেলা (২১৩তম বর্ষ) শুরু হয়েছে ৪ নভেম্বর ২০২৫ মঙ্গলবার চলবে ২২ নভেম্বর পর্যন্ত। কোচবিহার স্টেডিয়াম ও স্টেডিয়াম সংলগ্ন রাসমেলা মাঠেই মূলতঃ বসে এই মেলা। তাছাড়া মদনমোহন বাড়ির চারপাশেও ছড়িয়ে ছিটিয়ে বসে মেলা। মদনমোহন বাড়িতে নানা পূজো-অর্চনার পাশাপাশি রাসচক্র ঘুরিয়ে রাস উৎসবের শুভ সূচনা হয়। এই রাসযাত্রার শুভ সূচনা করেন কোচবিহারের দেবত্র ট্রাস্টের চেয়ারম্যান তথা জেলা শাসক। কোচবিহারের ঐতিহ্যবাহী রাসউৎসবকে ঘিরে এখন সাজোসাজো রব মদনমোহন বাড়িতে। রাসউৎসবকে কেন্দ্র করে প্রতিবছরই মন্দির চত্বর সংস্কারের পাশাপাশি রামায়ণ ও মহাভারতের বিভিন্ন পৌরাণিক চরিত্রের প্রতিমা বসানো হয়। মেলার সময় মন্দির চত্বরের চারিদিকে থাকা গোল টিনশেডের ঘরগুলিতে রাখা হয় এই পৌরাণিক মূর্তিগুলিকে। রাসউৎসবকে ঘিরে রোজদিনই অসংখ্য ভক্তের সমাগম হয় মদনমোহন মন্দিরে। বিভিন্ন পৌরাণিক চরিত্রগুলি দেখার আগ্রহ এবং মন্দিরে রাসচক্র ঘোরাতে ও মদনমোহন দর্শনের দুর্নিবার আকর্ষণে বিভিন্ন জেলা থেকে ছুটে আসেন অসংখ্য ভক্ত এই মদনমোহন মন্দিরে। ১৮ দিনের এই মেলায় নানান বিকিকিনির পাশাপাশি মন্দির চত্বরে সংগীতের নানা অনুষ্ঠান, যাত্রাপালা, পালাগান, বাউলগানসহ বিভিন্ন ধর্মীয় অনুষ্ঠান হয়ে থাকে। সব মিলিয়ে রাজার শহর জুড়ে এই কটা দিন থাকে রাসমাদকতায় ভরপুর। সম্ভবতঃ কোচবিহারের রাস উৎসবই হল উত্তরবঙ্গের সবচাইতে বড় উৎসব।

## আনন্দকথা

পূর্ণচন্দ্র উঠিয়াছে, অট্টালিকাগুলি যেন বিমল শীতল চন্দ্রকিরণে বিশ্রাম করিতেছে। দ্বারদেশে বাষ্পীয় দীপ, কক্ষমধ্যে দীপমালা, স্থানে স্থানে হার্মোনিয়াম, পিয়ানো সংযোগে ইংরেজ মহিলারা গান করিতেছে। ঠাকুর আনন্দে হাস্য করিতে করিতে যাইতেছেন। হঠাৎ বললেন, "আমার জলতৃষ্ণা পাচ্ছে, কি হবে?" কি করা যায়! নন্দলাল "ইণ্ডিয়া ক্লাবের" নিকট গাড়ি থামাইয়া উপরে জল আনিতে গেলেন, কাচের গ্লাসে করিয়া জল আনিলেন। ঠাকুর সহাস্যে জিজ্ঞাসা করিলেন, "গ্লাসটি ধোয়া তো?" নন্দলাল বললেন, 'হাঁ'। ঠাকুর সেই গ্লাসে জলপান করিলেন।

বালকের স্বভাব। গাড়ি চালাইয়া দিলে ঠাকুর মুখ বাড়াইয়া লোকজন গাড়ে-ঘোড়া চাঁদের আলো দেখিতেছেন। সকল তাতেই আনন্দ।

নন্দলাল কলুটোলায় নামিলেন, ঠাকুরের গাড়ি সিমুলিয়া

*(ক্রমশ)*

### লেখা পাঠান

সময়োপযোগী উত্তর সম্পাদকীয় লেখা পাঠান। যে কোনও বিষয়ে আপনার মতামত বা অভিযোগ জানিয়ে পাঠান চিঠিপত্র। অবশ্যই Unicode-এ টাইপ করে পাঠাতে হবে।

email : dailyekdin1@gmail.com

# ২০০২ সালে ভোট দিয়েও নাম নেই নির্বাচন কমিশনের পোর্টালে, আতঙ্কে ৪১ ভোটার

**নিজস্ব প্রতিবেদন, দুর্গাপুর:** পূর্ব বিধানসভায় ভোটার তালিকায় নাম নেই ২৯১ জনের। ঘোর চক্রান্ত করে বাদ দেওয়া হয়েছে নাম। নির্বাচন কমিশনকে নিশানা করলেন রাজ্যের মন্ত্রী প্রদীপ মজুমদার।

এসআইআর ঘিরে তোলপাড় রাজ্য, রাজনীতি। রাজ্যের বিভিন্ন প্রান্তে আত্মহত্যা, আত্মহত্যার চেষ্টার মতো গুরুতর অভিযোগ উঠছে। রাজ্যজুড়ে প্রতিবাদে নেমেছে তৃণমূল। দুর্গাপুর পূর্ব বিধানসভা এলাকাতেও নাম নেই ২৯১জনের। নতুন করে আতঙ্কের



সৃষ্টি হয়েছে দুর্গাপুর পূর্ব বিধানসভার ভারতী এলাকায়। ২০০২ সালের ২১২ নম্বর বুথের তালিকায় নাম নেই ওই এলাকার ৪১ জন ভোটারের। আতঙ্কে তাঁরা। দুর্গাপুরের মহকুমা শাসক এবং জেলা শাসকের কাছেও তারা অভিযোগ জানিয়েছেন। এই অভিযোগ পেয়ে রবিবার দুপুর ১২ টায় ওই এলাকায় পৌঁছান রাজ্যের পঞ্চায়েত গ্রামোন্নয়ন ও সমবায় মন্ত্রী প্রদীপ মজুমদার। সঙ্গে ছিলেন তৃণমূলের দুর্গাপুর ১নং ব্লকের সভাপতি রাজীব ঘোষ সহ এলাকার তৃণমূল নেতৃত্ব। নির্বাচন কমিশনের পোর্টালে নাম না থাকা ভোটারদের সাথে কথা বললেন মন্ত্রী।

# ভোটার লিস্টে গন্ডগোল, সমস্যায় বৈধ ভোটাররা

**নিজস্ব প্রতিবেদন, বসিরহাট:** ২০০২ ভোটার লিস্টের নাম থাকা সত্ত্বেও ২০২৫ লিস্টে কুমারী থেকে হয়ে গেলেন বিবাহিত, স্বামী থাকতেও হয়ে গেলেন বিধবা, রাতারাতি হয়ে গেলেন অন্য জেলার ভোটার। স্বাভাবিক ভাবেই এসআইআর আবহে আতঙ্কে দিন কাটাচ্ছেন পরিবারের সদস্যরা। ঘটনাটি ঘটেছে উত্তর ২৪ পরগনা জেলার বসিরহাট মহাকুমার বসিরহাট পুরসভা ১৯ নম্বর ওয়ার্ডের ১৮৯ নম্বর নেওড়া নেতাজি পাঠশালা এলাকায়।

বছর ৫৫, এর সপ্না সরকার তিনি কুমারী, বিয়ে করেননি। দুই প্রতিবন্ধী ভাইকে নিয়ে তাঁর জীবনযাপন। ২০০২ এর ভোটার লিস্টে নাম আছে। তার আগে থেকেই তিনি ভোট দিয়ে আসছেন। ২০২৪ এর লোকসভা নির্বাচনে ভোট দিয়েছেন। ২০২৫ সালের ভোটার লিস্টে তার এপিক নাম্বার দিয়ে নাম আছে স্বপ্না সরকার স্বামী আশুতোষ সরকার নদিয়া জেলার হরিণঘাটার ৩২ নম্বর বুথের ভোটার। এই দেখে রীতিমতো তিনি বিস্মিত। বললেন এটা কি করে সম্ভব, এত বড় ভুল নির্বাচন কমিশনের। জন্ম থেকে এখানেই ভোট দেই কি করে আমার বিয়ে হয়ে গেল আর আমি ভোটার ভিন্ন জেলার কি করে হলাম। এই নিয়ে একাধিক প্রশ্ন চিহ্ন তুলেছেন তিনি। প্রশাসনের লিখিত আবেদন করেছেন পুনরায় যাতে লিস্টে ভুল ঠিক করে তার জন্য।

বছর ৬৭ আহমেদ নেশা দিবি স্বামী থাকতেও তিনি হয়ে গেলেন বিধবা। ২০০২ এর ভোটার লিস্টে নাম থাকা সত্ত্বেও ২০২৫ এর ভোটার লিস্টে তার কোন নাম নেই। ইতিমধ্যে দরখাস্ত করেছেন। দুশ্চিন্তায় পরিবার, শ্বশুরবাড়িতে একাধিকবার ভোট দেওয়া সত্ত্বেও ২০২৫-এ তার ভোটার লিস্টে নাম নেই। তিনি হয়ে গেছেন বিধবা। বছর ৮২ আহবান নেশা বিবি, ইন্দিরা গান্ধির আমল থেকে ভোট দিয়ে আসছেন স্বামী অনেক বছর আগে মারা গেছেন। ২০০২-এর ভোটার লিস্টে নাম থাকা সত্ত্বেও ২০২৫-এ ভোটার লিস্টে নাম নেই। একাধিক কমিশনের ভুল নিয়ে সরব হয়েছে এই এলাকার বিভিন্ন বুথের ভোটাররা তারা চাইছেন দ্রুত কমিশন এই ভুলগুলো ঠিক করুক না হলে আমাদের ভোটার অধিকার থেকে বঞ্চিত হব।

এই এলাকার বিএলও টু ইলিয়াস সরদার বলেন, 'ইতিমধ্যে আমরা এই ভোটার গুলোর নাম দরখাস্ত করে জানিয়েছি, এমনকি নদিয়ার হরিণঘাটা যে ভোটারের নাম চলে গেছে সেই বিএলওদের সঙ্গে যোগাযোগ করেছি কিন্তু এই ভোটারের পরিবারগুনো দুশ্চিন্তায় রয়েছেন। কমিশনের এত বড় ভুল। রাতারাতি অন্য জেলার ভোট হয়ে গেছে, কেউ অবিবাহিত থেকে বিবাহিত হয়ে যাচ্ছে। আবার কেউ স্বামী থাকতে বিধবা হয়ে যাচ্ছে। কমিশনের লিস্টের তালিকা একাধিক ভুল রয়েছে দ্রুত যাতে সমাধান হয় তার ব্যবস্থা করুক প্রশাসন। আমরা বসিরহাট এক নম্বর বিডিও দ্বারস্ত হয়েছে।

# জামালপুরে এসআইআর আতঙ্কে মৃতের বাড়িতে তৃণমূল প্রতিনিধি দল



**নিজস্ব প্রতিবেদন, জামালপুর:** পূর্ব বর্ধমানের জামালপুরে এসআইআর আতঙ্কে মৃতের বাড়িতে তৃণমূলের প্রতিনিধি দল। সর্বভারতীয় তৃণমূল কংগ্রেস সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নির্দেশে পূর্ব বর্ধমানের জামালপুরে এসআইআর আতঙ্কে মৃত বিমল সাঁতরার বাড়িতে তৃণমূলের বিধায়ক তথা পশ্চিম বর্ধমান জেলার সভাপতি নরেন্দ্রনাথ চক্রবর্তী ও রাজ্যসভার সাংসদ সামিরুল ইসলাম-সহ স্থানীয় বিধায়ক অলোক মাঝি ও ব্লক সভাপতি মেহমুদ খান সহ স্থানীয় নেতৃত্বরা। জামালপুর নবগ্রামের ওড়িশা পাড়ার বাসিন্দা , বিমল সাঁতরা পেটের তাগিদে পরিযায়ী শ্রমিক হিসেবে কাজ করতে গিয়েছিলেন তামিলনাড়ুতে, গত ৩১ অক্টোবর বিষপান করে তামিলনাড়ুতে আত্মহত্যা করেন বিমল সাঁতরা।রবিবার রাজ্য তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে তিন লক্ষ টাকার ক্ষতি পূরণের চেক অসহায় পরিবারের হাতে তুলে দেওয়া হয় এবং তৃণমূল কংগ্রেস সর্বদা পরিবারের পাশে রয়েছেন এই বার্তাও দেওয়া হয়।

সামিরুল ইসলাম ও নরেন্দ্রনাথ চক্রবর্তী বলেন, বিজেপি সরকার সাধারণ মানুষের মধ্যে আতঙ্ক সৃষ্টি করে সাধারণ মানুষকে বিভ্রান্ত করছে। অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে সারা বাংলার মানুষ এসআইআরের বিরুদ্ধে লড়াই করছে। একটাও বৈধ ভোটারের ভোটার লিস্ট থেকে বিজেপি নাম কাটতে পারবে না। আপনারা অযথা আতঙ্কিত হবেন না। বিজেপি সরকারের বিরুদ্ধে গণতান্ত্রিক ভাবে সাধারণ মানুষ জবাব দেবে। এরপর অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে তারা দিল্লিতে ধর্ণায় বসবেন।

# মমতা বন্দ্যোপাধ্যায় মুখ্যমন্ত্রী হওয়া নিয়ে বিজেপির কোনও সংশয় নেই

## প্রধান বিরোধী থাকবে কিনা সেই তাদের প্রশ্ন: ঋতব্রত

**নিজস্ব প্রতিবেদন, বারাসাত:** বিজেপি নেতা মন্ত্রীরা জানেন বাংলায় চতুর্থ বারের জন্য মুখ্যমন্ত্রী হচ্ছেন মমতা বন্দ্যোপাধ্যায়ই। এবিষয়ে তাদের কোন সংশয় নেই। তবে ২০২৬ বিধানসভা নির্বাচনের পর বিজেপি রাজ্যের প্রধান বিরোধী থাকবে কিনা সেটা নিয়েই সংশয় বিজেপির। রবিবার বারাসাতের রবীন্দ্র ভবনে বারাসাত সাংগঠনিক জেলা আইএনটিটিইউসি'র ডাকে শ্রমিক সম্মেলনে বক্তব্য রাখতে গিয়ে এমনই মন্তব্য করেন আইএনটিটিইউসি'র রাজ্য সভাপতি ঋতব্রত বন্দ্যোপাধ্যায়।

এদিন বারাসত সাংগঠনিক জেলা আইএনটিটিইউসি'র সভাপতি তাপস দাসগুপ্তের নেতৃত্বে হওয়া শ্রমিক সম্মেলনে ঋতব্রত বন্দ্যোপাধ্যায় ছাড়াও উপস্থিত ছিলেন বারাসতের সাংসদ তথা বারাসাত সাংগঠনিক জেলার সভাপতি ডাঃ কাকলি ঘোষ দস্তিদার, তাপস দাসগুপ্ত, নব নিযুক্ত বারাসাতের পুরপ্রধান সুনীল মুখার্জি, হালিমা বিবি, দেবাশীষ মিত্র, লিঙ্কন মল্লিক, সহ বহু পুরপিতা ও দলীয় পদাধিকারীরা।

এদিন ঋতব্রত তার ঝাঁজালো বক্তৃতায় বলেন বিজেপি এসআইআর করতে চাইছেন দুটি কারনে এক, গোপনে বহু বৈধ ভোটারের নাম কেটে দেওয়া। দুই, ঘুর পথে এনআরসি করা। তাই তিনি সকল শ্রমিক নেতা কর্মীদের এসআইআর প্রক্রিয়ার দিকে নজর



রাখার নির্দেশ দেন। তিনি আরও বলেন, রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়র শ্রমিক দরদী প্রকল্প সহ সার্বিক উন্নয়নের লাগাতার প্রচারের জন্য রাজ্য জুড়ে শ্রমিক সম্মেলন করা হবে। তার প্রস্তুতি শুরু হয়ে গেছে। সেই মর্মে একটি স্লোগান তৈরি করা হয়েছে, বাংলায় শ্রমিকের অঙ্গীকার ২০২৬ এ দিদির সরকার।

এদিন বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, এই মুহুর্তে এসআইআর করার একটা বড় কারন হল বিজেপির বিরুদ্ধে মানুষের প্রশ্ন করা থেকে ঘুরিয়ে দেওয়া। মানুষ এসআইআর নিয়ে ব্যস্ত থাকবে ফলে বিজেপি দুর্নীতি, বিজেপি ঘনিষ্ঠ শিল্পপতিদের আর্থিক সুবিধা পাইয়ে দেওয়ার বিষয়ে যাতে সাধারণ মানুষ প্রশ্ন করতে না পারে। শুধু তাই নয়, এই একই কারণে সংসদের সময়সীমাও কমিয়ে দেওয়া হয়েছে।

তিনি বলেন, ২০০২ সালে এসআইআর প্রায় আড়াই বছর ধরে হয়েছিল। অথচ এবার বিধানসভা নির্বাচনের আগে মাত্র কয়েক মাসের মধ্যে সেই কাজ করতে চাইছে বিজেপির এজেন্সি নির্বাচন কমিশন। যাতে মানুষ সমস্যার মধ্যে পড়ে ব্যস্ত থাকে আর বিজেপির বিরুদ্ধে প্রশ্ন করার সময় না-পায়। বলা হচ্ছে রাজ্যে রোহিঙ্গাদের আধিক্য বেড়েছে। অথচ যেসব রাজ্য দিয়ে রোহিঙ্গারা ঢুকতে পারে সেই সব রাজ্য গুলিতে এসআইআর করা হচ্ছে না। তার কারণ বিজেপি বুঝে গিয়েছে বাংলার মাটি মমতা বন্দ্যোপাধ্যায়ের দুর্জয় ঘাটি। তাই বাংলা ও বাঙালি বিদ্বেষ শুরু করেছে বিজেপি।

এই প্রসঙ্গ টেনে বলেন রবীন্দ্রনাথ ঠাকুরের গান গাওয়ার জন্য একজনকে গ্রেপ্তার করেছে বিজেপিশাসিত রাজ্যের পুলিশ। অথচ রবীন্দ্রনাথকে ডাকটিকিট ৩৫ দেশ করেছে। যে বাঙ্গালী গুরুত্ব সারা পৃথিবী দিচ্ছে তাকেই অপমান করছে বিজেপি। তাই মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে ও অভিষেক বন্দ্যোপাধ্যায়ের সেনাপতিত্বে আমাদের সকলকে একসঙ্গে লড়তে হবে বলে মন্তব্য করেন ঋতব্রত বন্দ্যোপাধ্যায়। এদিন ডাঃ কাকলি ঘোষ দস্তিদার তাঁর বক্তব্যে রাজ্যের উন্নয়ন ও মহিলাদের অগ্রগতি তুলে ধরে শ্রমিকদের উজ্জীবিত করেন। এদিনের শ্রমিক সম্মেলনে শ্রমিকদের উপস্থিতি ছিল চোখে পড়ার মতো।

# রাস্তায় একাধিক এনুমারেশন ফর্ম ঘিরে চাঞ্চল্য কালনায়

**নিজস্ব প্রতিবেদন, কালনা:** কালনার রাস্তায় পড়ে থাকা একাধিক এনুমারেশন ফর্মকে ঘিরে চাঞ্চল্য ছড়ায়। ঘটনাটি ঘটেছে রবিবার সকালে কালনার হাট কালনা পঞ্চায়েতের উত্তর গোয়ারা এলাকার মণ্ডলপাড়া লাগোয়া এসটিকেকে রাজ্য সড়কে।

স্থানীয় সূত্রে খবর, রাস্তায় ছড়িয়ে-ছিটিয়ে থাকা বেশ কিছু কাগজ প্রথমে নজরে আসে এলাকার বাসিন্দাদের। সেই সময় বিজেপির এক বিএলএ। কাশীনাথ মণ্ডলকে ওই কাগজগুলি তুলতে দেখা যায়। স্থানীয়রা কৌতূহলী হয়ে কাশীনাথবাবুকে প্রশ্ন করলে জানা যায়, কাগজগুলি আসলে দক্ষিণ দিনাজপুর জেলার জগন্নাথবাটি এলাকার এনুমারেশন ফর্ম। এরপর এলাকাবাসী বিষয়টি সন্দেহজনক মনে করে পুলিশে খবর দেয়। কিছুক্ষণের মধ্যেই কালনা থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছে ফর্মগুলি উদ্ধার করে এবং কাশীনাথ মণ্ডলকে থানায় নিয়ে গিয়ে জিজ্ঞাসাবাদ শুরু করে। মোট ২০টি এনুমারেশন ফর্ম উদ্ধার হয়েছে বলে সূত্রের খবর।ঘটনাকে ঘিরে রাজনৈতিক তরজা শুরু হয়েছে।

তৃণমূলের জেলা আইএনটিটিইউসি সভাপতি সন্দীপ বসু বলেন, বিজেপির একজন রাজনৈতিক কর্মীর কাছে প্রশাসনিক সংক্রান্ত ফর্ম কী ভাবে এল, সেটাই সবচেয়ে বড় প্রশ্ন। আমাদের কোনো কর্মীর কাছে তো এই ফর্ম থাকে না। বিজেপি ও নির্বাচন কমিশন একে অপরের পরিপূরক, তবে বাংলার মানুষ তাদের এই চক্রান্ত রুখে দেবে। অন্যদিকে



বিজেপির চার নম্বর মণ্ডলের সভাপতি গৌর মণ্ডল পালটা দাবি করেন, 'রাস্তায় পড়ে থাকা ফর্মগুলি আমাদের কর্মী তুলে বিডিও অফিসে জমা দিতে যাচ্ছিল। কিন্তু তৃণমূলের লোকজন রাজনৈতিক উদ্দেশ্যে তাকে পুলিশে দেয়। পুলিশ তৃণমূলের চাপে পড়ে আমাদের কর্মীকে আটক করেছে, আমরা তার তীব্র প্রতিবাদ জানাই।'

এ প্রসঙ্গে কালনার মহকুমা শাসক অহিংসা জৈন মৌখিক জানান, প্রাথমিক তদন্তে জানা গিয়েছে, উত্তর দিনাজপুর প্রশাসনের পক্ষ থেকে কলকাতা থেকে বালুরঘাট যাওয়ার পথে কিছু এনুমারেশন ফর্ম দুর্ঘটনাবশত রাস্তায় পড়ে গিয়েছিল। পুলিশ ঘটনার তদন্ত করছে। কালনার এসডিপিও রাখেশ চৌধুরী বলেন, এলাকাবাসীর অভিযোগের ভিত্তিতে একজনকে জিজ্ঞাসাবাদের জন্য নিয়ে আসা হয়েছে, কী ভাবে রাস্তার ধারে ফর্ম এলো সেগুলো তদন্ত করে দেখা হচ্ছে।

# পুলিশের জালে আটক তৃণমূল পঞ্চায়েত সদস্যার স্বামীর অবৈধ বালিবোঝাই ট্রাক্টর!

## সাংবাদিকদের হুমকি

**নিজস্ব প্রতিবেদন জামুড়িয়া:** সাতসকালে জামুড়িয়া বিধানসভার শ্যামলা গ্রাম পঞ্চায়েত অধীনস্থ ভুড়িগ্রামে পাণ্ডবেশ্বর থানার অতর্কিতে অভিযানে আটক করা হলো শ্যামলা গ্রাম পঞ্চায়েত সদস্যার স্বামীর অবৈধ বালি বোঝায় ট্রাক্টর।

উল্লেখ্য, শ্যামলা অঞ্চলের ভুঁড়ি ও ফরফরি গ্রামে স্থানীয় অজয় নদী থেকে বালি উত্তোলন করে দিনরাত রমরমিয়ে চলছে অবৈধ বালি বোঝাই ট্রাক্টর। বহুবার প্রশাসনের হাতে বালিবোঝাই গাড়ি আটক হওয়ার পরেও দৌরাত্ম্য কমেনি ভুড়ি ও ফরফরি গ্রামের বালি মাফিয়াদের। প্রশাসনকে বুড়ো আঙুল দেখিয়ে রাতবিরেতে অবাধে এই বালি গাড়িগুলি চলছিল, কিন্তু হঠাৎই রবিবার সাত সকালে পাণ্ডবেশ্বর থানা পুলিশ বাহিনী ভুড়ি গ্রামে পৌঁছে**অবৈধ বালি বোঝাই একটা ট্রাক্টর আটক করে।

স্থানীয় সূত্রে জানা যায়**আটক করা অবৈধ বালি বোঝাই ট্রাক্টরটি শ্যামলা গ্রাম পঞ্চায়েত সদস্যার স্বামী সঞ্জয় গাঁরাই ওরফে লালুর। সূত্রের খবর বর্তমানে ঘটনাস্থল থেকে পুলিশ বালিগাড়িটি আটক করে পাণ্ডবেশ্বর থানায় নিয়ে যায়। তবে ঘটনাস্থলে সংবাদ মাধ্যমের প্রতিনিধি ঘটনার খবর সংগ্রহে গেলে বালি মাফিয়াদের হুমকির মুখে পড়তে হয়। এমনকি ক্ষ্মখবর করলে দেখে নেওয়া হবেক্ষ্ম বলে হুমকি দেয় বালি মাফিয়াদের কয়েকজন।

# নিখোঁজ যুবকের দেহ উদ্ধার সেচ খাল থেকে, বিক্ষোভ পরিবার-এলাকাবাসীর

**নিজস্ব প্রতিবেদন, বুদবুদ:** গত অক্টোবর মাসের ২৪ তারিখ রাত থেকে নিখোঁজ হওয়া যুবকের দেহ উদ্ধার হয় রবিবার বিকালে। বুদবুদের রনডিহা ড্যামের কাছে সেচ খালের জল থেকে নিখোঁজ যুবকের দেহ উদ্ধার হয়। স্থানীয়রা দেহ জলে ভেসে থাকতে দেখে পুলিশকে খবর দিলে। খবর পেয়ে ঘটনাস্থলে বুদবুদ থানার পুলিশ পৌঁছে দেহ উদ্ধার করে নিয়ে যাওয়ার সময় চাকতেঁতুল এলাকার পেট্রোল পাম্পের কাছে পুলিশের গাড়ি আটকে বিক্ষোভ দেখায় পরিবারের সদস্যরা ও এলাকার মানুষ। মৃতের নাম গৌতম বাগদি (৩০)। তার বাড়ি রনডিহা পেট্রোল পাম্প সংলগ্ন এলাকায়। মৃত যুবক বাড়ি বাড়ি গ্যাসের সিলিন্ডার পৌঁছে দিতেন বলে জানা গিয়েছে।

পরিবার সূত্রে জানা গিয়েছে গত ২৪ শে অক্টোবর রনডিয়ার কাছে দামোদরের ধারে বন্ধুদের সঙ্গে নেশার আসরে বসে ছিল। সেখান থেকে সে রহস্যজনকভাবে নিখোঁজ হয়ে যায়। বহু খোঁজাখুঁজির পরেও তার কোনো সন্ধান পাওয়া যাচ্ছিল না। এই ঘটনায় বুদবুদ থানার পুলিশের কাছে পরিবারের সদস্যরা নিখোঁজ হওয়ার অভিযোগ দায়ের করেছিল। প্রহ্লাদ রুইদাস নামের এলাকার এক যুবক তাকে ওই দিন দুপুরে বাড়ি থেকে ডেকে নিয়ে যায়। ঘটনার দিন প্রহ্লাদের মাসির দুই ছেলে এসেছিল



দেবশালা গ্রাম থেকে। তাদের সঙ্গে নিয়েই মদের আসর বসায় প্রহ্লাদ। সন্ধ্যা নামতেই প্রহ্লাদের দুই মাসির ছেলে সেখান থেকে বেরিয়ে বাড়ির উদ্দেশ্যে রওনা দেয় ।

দামোদরের তীরে মদের আসরে তখন গৌতম এবং প্রহ্লাদ দুইজনেই ছিল। তারপর রাত্রে আর বাড়ি ফেরেনি গৌতম। নেশাগ্রস্ত অবস্থায় দামোদর নদের তীরে ঘুমিয়ে পড়েছিলেন প্রহ্লাদ। পরের দিন সকালে ঘুম ভাঙতে সে বাড়ি ফিরে যায় কিন্তু গৌতমের কোন খোঁজ পাওয়া যায়নি। থানায় অভিযোগ দায়ের হওয়ার পরেই প্রহ্লাদকে বুদবুদ থানার পুলিশ ঘটনার তদন্তের জন্য ডেকে পাঠায়।

কিন্তু গৌতম কী ভাবে নিখোঁজ হয়ে যায় সেই বিষয়ে প্রহ্লাদ কিছুই জানাতে পারেনি বলে জানা গেছে। বেশ কিছুদিন ধরে নিখোঁজ থাকার পর অবশেষে তার দেহ জলে পড়ে থাকতে দেখেন স্থানীয়রা। পুলিশ দেহ উদ্ধার করার পর থানায় নিয়ে আসার জন্য রওনা দিতেই পরিবারের সদস্যরা এবং গ্রামবাসীরা পুলিশকে ঘিরে ধরে বিক্ষোভ দেখাতে থাকে।

পরিবারের সদস্যরা দাবি করেছেন, গৌতমের মৃত্যুর ঘটনায় যে বা যারা দোষী তাদের যাতে উপযুক্ত শাস্তি হয়। এবং যতক্ষণ না দোষীদের গ্রেপ্তার করা হচ্ছে ততক্ষণ তারা মৃতদেহ আটকে রেখে বিক্ষোভ দেখাবেন। যদিও পুলিশ এই বিষয়ে দ্রুত দোষীদের গ্রেপ্তার করার আশ্বাস দিলে বিক্ষোভ উঠিয়ে নেয় গ্রামবাসীরা।

# বিজেপির জেলা সভাপতি-সহ নেতাদের নামে দুর্নীতির পোস্টার

**নিজস্ব প্রতিবেদন, বসিরহাট:** বিধানসভা নির্বাচন যত এগিয়ে আসছে ততই বিজেপি নানান দুর্নীতি প্রকাশ্যে আসছে। এবার বসিরহাট সাংগঠনিক জেলা বিজেপির জেলা সভাপতি-সহ বিজেপি নেতাদের নামে আর্থিক দুর্নীতির পোস্টার সাটালো বিজেপির কর্মী সমর্থকেরাই। ঘটনাকে কেন্দ্রকরে ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে বসিরহাটে। আর্থিক দুর্নীতির পোষ্টার প্রকাশ্যে আসতেই তৃণমূল কংগ্রেসের পক্ষথেকে প্রতিক্রিয়া দিয়েছে বসিরহাট সাংগঠনিক জেলা তৃণমূল কংগ্রেসের সভাপতি বুরহানুল মুকাদ্দিম ওরফে লিটন।

রবিবার সকালে উত্তর ২৪ পরগনা বসিরহাট মহাকুমার হিঙ্গলগঞ্জের গোবিন্দকাটি পঞ্চায়েতের বিভিন্ন এলাকায় দেখা গেল বিজেপির দুর্নীতির পোস্টার। সেখানে বিজেপির বসিরহাট সাংগঠনিক জেলার সভাপতি সুকল্যাণ বৈদ্য, জুতি চ্যাটার্জির নামে টাকার বিনিময়ে বিজেপির টিকিটা পাইয়ে দেওয়ার অভিযোগ উঠেছে। তাতে লেখা শুভেন্দু অধিকারীর নাম ভাঙিয়ে টিকিট কেনা বেচার নামে টাকার দুর্নীতি করা চলবে না। সেখানে পরিষ্কার দুই নেতার নাম করে টাকার বিনিময়ে টিকিট পাইয়ে দেওয়ার অভিযোগ করা হয়েছে।

এই পোস্টারকে কেন্দ্র করে



তৃণমূলের জেলা সভাপতি বুরহানুল মুকাদ্দিম বলেন, 'ওটা বিজেপির গোষ্ঠীদ্বন্দ্ব। আমরা সাধারণ মানুষের এসআইআর নিয়ে যে সমস্যা হচ্ছে আমরা সেটা নিয়েই মানুষের পাশে আছি। ওই পোস্টার নিয়ে আমরা তেমন কিছু বলতে চাই না। এটাই বিজেপির বর্তমান পরিস্থিতি। ওটা বিজেপির অভ্যন্তরীণ গোষ্ঠীদ্বন্দ্বের জন্য হচ্ছে। আসলে ওদের কোন ইস্যু নেই তাই নিজেদের মধ্যেই দ্বন্দ্ব করছে।'

এই বিষয়ে বিজেপির জেলা সভাপতি সুকল্যাণ বৈদ্য বলেন, বিজেপির কর্মীরা এরকম ধরনের কাজ করতে পারেনা। কারণ টাকা দিয়ে বিজেপির কোন টিকিট পাওয়া যায় না। এটা তৃণমূলের চক্রান্ত। বিজেপিকে বদনাম করার জন্য তৃণমূল এই ঘটনা ঘটিয়েছে।

# জাতীয় আইনি পরিষেবা দিবস উপলক্ষে বর্ণাঢ্য র‍্যালি

**নিজস্ব প্রতিবেদন, বালুরঘাট:** জাতীয় আইনি পরিষেবা দিবস উপলক্ষে বর্ণাঢ্য র‍্যালির আয়োজন বালুরঘাটে। পাশাপাশি জনসমাজে সচেতনতা বৃদ্ধি করতে থানা মোড় এলাকায় একটি পথনাটিকার আয়োজন করা হয়। এদিনের এই কার্যক্রমে উপস্থিত ছিলেন, জেলা আইনি পরিষেবা কর্তৃপক্ষের চেয়ারম্যান মানস বসু, জেলা 'পকসো' আদালতের বিচারক শরণ্যা সেন শর্মা, জেলা আইনি পরিষেবা কর্তৃপক্ষের সম্পাদিকা কেয়া বালা সহ আরো অনেকে।

উল্লেখ্য, জেলা আইনি পরিষেবা কর্তৃপক্ষ হলো একটি সরকারি সংস্থা যা জেলা পর্যায়ে বিনামূল্যে এবং সাশ্রয়ী মূল্যে আইনি পরিষেবা প্রদান করে। এই কর্তৃপক্ষ সমাজের দুর্বল ও প্রান্তিক জনগোষ্ঠীর জন্য আইনি সহায়তা নিশ্চিত করার লক্ষ্যে কাজ করে, যেমন- আইনি পরামর্শ, মামলা-মোকদ্দমা, লোক আদালত পরিচালনা, এবং আইনি সচেতনতা বৃদ্ধি ইত্যাদি।জাতীয় আইনি পরিষেবা দিবস , ১৯৮৭ খ্রিস্টাব্দের ভারতীয় আইনি পরিষেবা সম্পর্কিত আইন - 'লিগ্যাল সার্ভিসেস অথরিটিস অ্যাক্ট, ১৯৮৭' প্রণয়নকে স্মরণে রেখে প্রতি বৎসর ৯ নভেম্বর তারিখে উদযাপিত হয়। সেইমতো এদিন জাতীয় আইনি পরিষেবা দিবস উপলক্ষে জেলা আইনি পরিষেবা কর্তৃপক্ষের তরফে জনসমাজে সচেতনতা বৃদ্ধি করতে বিভিন্ন ধরনের কার্যক্রমের আয়োজন করা হয়েছিল।

এ বিষয়ে জেলা আইনি পরিষেবা কর্তৃপক্ষের সম্পাদিকা কেয়া বালা বলেন, 'জাতীয় আইনি সেবা দিবস উপলক্ষে সারা দেশজুড়েই বিভিন্ন কর্মকাণ্ড চলে আইনি পরিষেবা কর্তৃপক্ষের তরফে। সেই মতো আমরাও জেলায় এই দিনটি পালন করছি। জেলার প্রত্যেকটি ব্লকে পিএলভি-রা বিভিন্ন ধরনের সচেতনতামূলক ক্যাম্প করছে। আমরা চাইছি এর মাধ্যমে আমাদের কর্মকাণ্ড সম্পর্কে জনসাধারণকে আরও বেশি করে সচেতন করতে।'

# আমায় বিয়ে দিও না মা, পড়তে চাই...

**প্রীতিলতা বন্দ্যোপাধ্যায়**

**বর্ধমান:** এদিন ছিল জাতীয় আইনি পরিষেবা দিবস, যা পালিত হল জেলা আইনি পরিষেবা কর্তৃপক্ষ পূর্ব বর্ধমানের উদ্যোগে ও বর্ধমান সহযোদ্ধা এবং জন সাহস (এনজিও) সহযোগিতায়।

এদিন বিভিন্ন রকম সামাজিক সচেতনতার মাধ্যমে ৯ই নভেম্বর ২০২৫ রবিবার 'জাতীয় আইনি পরিষেবা দিবস' পালিত হল অনুষ্ঠানে বর্ধমান জজকোর্ট থেকে টাউন হল পর্যন্ত একটি শোভাযাত্রা অনুষ্ঠিত হয় পাশাপাশি বর্ধমান কার্জন গেটে নারী পাচার বিষয়ক একটি পথনাটিকার মাধ্যমে পথ চলতি সাধারণ মানুষদের সচেতন করা হয়। এছাড়াও সিএমএস স্কুল মাঠে 'নাবালিকার বিয়ে' নামক একটি নাটকের মাধ্যমে বাল্যবিবাহের খারাপ দিকগুলি তুলে ধরা হয়। এই নাটকে বিশেষ ভাবে যে দিকটা তুলে ধরা হয় প্রতিবেশীর কথায় একটি নাবালিকা মেয়েকে তার পরিবার কী ভাবে বিয়ে দেওয়ার পর নাবালিকা দিনের পর দিন অত্যাচারিত হয় এবং সবশেষে নাবালিকাকে অত্যাচারের ফলে সে মারা যায়, এবং সর্বোপরি এটাই বার্তা দেওয়া হয়েছে যে কম বয়সের বিয়ে



এটি অপুষ্টি জনিত শিশুর জন্ম দিতে পারে তাই কম বয়সে বিয়ে সমাজের একটি ব্যাধির আকার ধারণ করে।।

এদিনের এই নাটকের নাবালিকা তার পরিবারের কাছে অনুরোধ জানিয়েছিল সে পড়তে চায় সে খেলাধুলা করতে চায়, তার মা যেন তার বিয়ে এখন না-দেয়। এই নাটকটিতে অভিনয় কুশলীদের দ্বারা অভিনীত অংশে সকলের হৃদয় ছুঁয়ে গিয়েছে।

# ভগ্ন সেতুতে ত্রাতার ভূমিকায় আরামবাগের পুলিশ

**নিজস্ব প্রতিবেদন, আরামবাগ:** রামকৃষ্ণ সেতু বন্ধ। তাতে নাজেহাল সাধারণ মানুষ থেকে নিত্য যাত্রীরা।কিন্তু এই অবস্থাতেই এবার পুলিশের মানবিক মুখ দেখল আপামর জনসাধারণ। আট থেকে আশি সবাই দেখল পুলিশ কী ভাবে নিয়ে যাচ্ছে অসুস্থ, বয়স্ক বা শিশুদের।

অসুস্থ বা বয়স্কদের নিজ উদ্যোগে কখনও কোলে করে, কখনও পুলিশের বাইকে করে সযত্নে গন্তব্য স্থলে পৌঁছে দিয়ে আসছেন পুলিশের আধিকারিকরা। আর এতে করে খুশি নিত্যযাত্রীরা। সেতু বন্ধের জেরে শ'য়ে শ'য়ে মানুষ যখন নাজেহাল তখন পুলিশের এই মানবিক উদ্যোগে সেই নিত্যযাত্রীরাই খুশি হলেন। যান নিয়ন্ত্রণ থেকে শুরু করে নিত্যযাত্রীদের সুবিধা অসুবিধা



নিয়েও তৎপর ছিলেন এই সব পুলিশ আধিকারিকরা।

উল্লেখ্য যে, শনিবার সকাল থেকেই রামকৃষ্ণ সেতুর একেবারে ওপরে সেতুর মধ্যেই পাশাপাশি দুটি ট্রাক তুলে ট্রাফিক নিয়ন্ত্রণ করছে পুলিশ। বড় বড় ট্রাক দু'টিকে দাঁড় করিয়ে দেওয়া হয়। আর তার মাঝে মাত্র দু'-তিন হাত ফাঁক রেখে দেওয়া হয়েছে। আর এই দু'টি ট্রাকের মাঝে ফাঁকা হাত কয়েক জায়গা দিয়েই যাতায়াত করতে হচ্ছে পথচারীদের ও বাইক আরোহীদের। তাই ধীরে ধীরে সেতু পার হতে হচ্ছে অগণিত নিত্য যাত্রীদের। তাই সেতু উভয় পার্শ্বে পড়ে গিয়েছে লম্বা লাইন।

এদিকে দুটি ট্রাকের সামনে সেতুর লোড টেস্টের ফেস্টুন ঝুলিয়ে দেওয়া হয়েছে। এদিকে রবিবার সকাল থেকেই নাজেহাল নিত্যযাত্রীরা। কোনও রকমে যাতায়াত করছেন তারা।লম্বা ও দীর্ঘ লাইন পড়ে গিয়েছে সেতুর উভয় পার্শ্বে। শ'য়ে শ'য়ে মোটর বাইক আরোহী দাঁড়িয়ে রয়েছেন। একটুখানি ফাঁক রেখে দেওয়া হয়েছে।সেই ফাঁক টুকু দিয়ে ছাড়া হচ্ছে মোটর বাইককে। নিত্যযাত্রীরাও হেঁটে হেঁটে দুই পার্শ্বে যাচ্ছে।আর সমস্ত যান চলাচল বন্ধ করে দেওয়া হয়েছে।তারই মধ্যে অসুস্থ, বয়স্ক পুরুষ ও মহিলা কে পুলিশ নিজস্ব উদ্যোগে তাদের বাইক এম্বুলেন্সে করে নিয়ে যাচ্ছে।

আবার কখনও পুলিশকর্মীরা নিজেরদের স্ট্রেচার করেও পৌঁছিয়ে দিচ্ছে তাদের গন্তব্য স্থলে। আবার কখনও দেখা গেছে পুলিশ আধিকারিকরা কোলে করে দিয়ে এসেছেন তাদের। এরই মধ্যে রবিবার রাত থেকে সোমবার দুপুর পর্যন্ত কোনও দু'চাকার যানও চলতে দেওয়া হবে না সেতু দিয়ে। এই দিন সারা দিন যান চলাচল বন্ধ। তাই অলিখিত ভাবে যান চলাচল স্তব্ধ থাকলে সব কিছুই অচল হয়েই যাবে। এদিন অনেকেই স্কুল কলেজ বা অফিস আদালতে আসতে পারবে না বলেই জানা গিয়েছে।

সোমনাথ পোল্লে, গোপীনাথ দেরা আসছিলেন সেই খড়্গা পুর থেকে।সেতু বন্ধ থাকলে তারা কিভাবে বাড়ি ফিরে আসবেন সেই নিয়েও চিন্তায় পড়ে গিয়েছেন এদের মতো হাজার হাজার নিত্যযাত্রী। দক্ষিণ বঙ্গের এই গুরুত্বপূর্ণ সেতু টির হাল কি সত্যিই ফিরবে, উঠেছে প্রশ্ন। তবে নতুন সেতু নির্মাণ করা হলে এলাকার লক্ষ লক্ষ মানুষ উপকৃত হবেন।

# দলের নির্দেশের উপেক্ষা, পদে অনড় দুই হুগলির দুই চেয়ারম্যান

**নিজস্ব প্রতিবেদন, হুগলি:** পারফরম্যান্স খারাপ হওয়ায় দুই চেয়ারম্যানকে পদত্যাগের নির্দেশ দিয়েছে দল, কিন্তু পদে অনড় দুই হুগলির দুই চেয়ারম্যান। দলের নির্দেশ মানতে নারাজ তৃণমূল চেয়ারম্যানরা। দলের নির্দেশ মানা উচিত বলছেন জেলা সভাপতি। তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় জানিয়েছিলেন যে গত লোকসভা নির্বাচনে যেসব এলাকায় ফল খারাপ হয়েছে, সেখানে চেয়ারম্যান বদল করা হবে। সেই নির্দেশ অনুযায়ীই পূর্ব বর্ধমানের কয়েকটি পুরসভার চেয়ারম্যান বদলের পর, হুগলির দু'টি পুরসভার চেয়ারম্যানকেও নোটিস ধরানো হয়। তবে হুগলি চুঁচুড়া পুরসভার চেয়ারম্যান অমিত রায় ও বাঁশবেড়িয়া পুরসভার চেয়ারম্যান আদিত্য নিয়োগীকে পদত্যাগ করতে বললেও তারা পদ ছাড়তে নারাজ। এখনও পর্যন্ত দলের নির্দেশ মেনে তাঁরা পদত্যাগ জমা দেননি।

## এসআইআর আতঙ্কে ঘরছাড়া দুর্গাপুরের তালতলা বস্তির অধিকাংশ পরিবার

**নিজস্ব প্রতিবেদন, দুর্গাপুর:** এসআইআর আতঙ্কে ঘরছাড়া দুর্গাপুরের ৮ নম্বর ওয়ার্ডের তালতলা বস্তির অধিকাংশ পরিবার। প্রায় ৬০ শতাংশ বাড়িতে তালা বন্ধ। হঠাৎ করে উধাও হয়ে গিয়েছে পুরনো লোহা টিনের সামগ্রী ক্রেতারা। যাদের সাধারণত ভাঙাড়ি বলা হয়ে থাকে। এই সব ভাঙাড়িদের আস্থানা প্রান্তিক বাসস্ট্যান্ড সংলগ্ন তালতলা বস্তি।



একাধিক ঘর তালাবন্ধ। রাস্তার ধারে তাদের সাইকেল ভ্যানগুলির চাকায় চেন দিয়ে তালাবন্ধ করে রাখা রয়েছে। এসআইআর শুরু হতেই ভাঙাড়িরা ঘরে তালা বন্ধ করে উধাও হয়ে গেল কেন? প্রশ্ন উঠছে শিল্পাঞ্চলে। কারণ ভাঙাড়িরা দুর্গাপুরের বাসিন্দা নন। সিংহভাগ ভাঙাড়ি এসেছে মুর্শিদাবাদ বীরভূম সহ বিভিন্ন জেলা থেকে। বাকিরা বীরভূম জেলা থেকে। এসআইআর শুরু হতেই দেশের বাড়ি থেকে খবর এসেছে বিএলও কর্মীরা ঘরে ঘরে ভোটারদের খোঁজ করছে। ২০০২ সালে ভোটার তালিকায় নাম আছে কিনা খোঁজ নিচ্ছে। এনিউমারেশন ফর্ম দিচ্ছে। সেই ফর্ম ফিলাপ করে জমা দিতে হবে। না-হলে নাগরিকত্ব নিয়ে সমস্যা হবে। দেশের বাড়ি থেকে এই খবর আসা মাত্র তালতলা বস্তির ঘর তালাবন্ধ করে এনিউমারেশন ফর্ম জমা করার জন্য এরা মুর্শিদাবাদে গেছে এমনটাই প্রাথমিক ভাবে মনে করা হচ্ছে। তালতলা বস্তির ঠিকানায় যাদের ভোটার কার্ড হয়ে গিয়েছে তারা এখানেই আছেন।

## এসআইআর আতঙ্কে হৃদরোগে আক্রান্ত, শয্যাশায়ী কালনার মহাপ্রভু পাড়ার বাসিন্দা

**নিজস্ব প্রতিবেদন, কালনা:** দীর্ঘদিন ধরে কালনার মহাপ্রভু পাড়া এলাকায় ভাড়া থাকেন ক্ষিতীশ শর্মা। এস আই আর ২০০২ সালের তালিকায় নাম নেই তাঁর, একই সঙ্গে তাঁর বাবা-মা ছোটবেলায় মারা যাওয়ায় তাদেরও নাম পাচ্ছেন না তিনি। সেই আতঙ্ক থেকেই গাড়ি চালানো অবস্থায় হৃদরোগে আক্রান্ত হন। কোনও ক্রমে একজনের সহযোগিতায় ওই দিন বাড়ি ফেরেন তিনি, তারপরের দিনই ভর্তি হন কালনা হাসপাতালে। বর্তমানে শারীরিক অবস্থা কিছুটা ভালো হলে তাঁকে পুরোপুরি মাস দেড়েকের জন্য বেড রেস্টে থাকতে বলেছেন চিকিৎসকরা। এরপরই ওই ব্যক্তির মেয়ে এবং স্থানীয় এলাকার কাউন্সিলর তথা কালনা পুরসভার উপ পুরপতি তপন পোড়েলকে সঙ্গে নিয়ে কালনা এক নম্বর ব্লক বিডিও অফিসের দ্বারস্থ হন। এস আই আর আতঙ্কে বাবা হৃদরোগে আক্রান্ত হয়েছে। একমাত্র রোজগারে তিনিই, সরকারি সাহায্যের আবেদন জানিয়েছে তাঁর মেয়ে। অসুস্থ ওই ব্যক্তি বলেন, যদি মারা যান, 'বাড়ির মেয়েদের কী হবে? এই নিয়ে চিন্তাগ্রস্ত হয়ে পড়েছিলাম।



যার কারণেই এই অসুস্থতা।' বর্তমানে শয্যাশায়ী তিনি। তার স্ত্রীও এদিন সরকারি সাহায্যের জন্য আবেদন জানিয়েছেন।

## একদিনের খবরের জের স্কুলে শিক্ষক পাঠাল শিক্ষা দপ্তর

**নিজস্ব প্রতিবেদন, উলুবেড়িয়া:** হাওড়ার উলুবেড়িয়া এক ব্লকের তপনা পূর্ব প্রাথমিক বিদ্যালয়ের চার জন শিক্ষককেই বিএলও হিসাবে নিযুক্ত করা হয়েছে। ফলে পড়াশোনা বন্ধ হওয়ার উপক্রম হয়েছিল। এই স্কুলে শতাধিক ছাত্রছাত্রী পড়াশোনা করে। ফলে এই সব ছাত্র ছাত্রীদের আগামী একমাসের পড়াশোনা কী হবে তা নিয়ে ক্ষোভ প্রকাশ করেছিল অভিভাবকরা। আর এই খবর 'একদিন' সংবাদপত্রে প্রকাশিত হবার পরেই নড়েচড়ে বসে প্রশাসন।

স্কুল সূত্রে জানা গিয়েছে, জনৈক প্রসেনজিৎ সরকার নামের এক শিক্ষককে অস্থায়ীভাবে এই স্কুলে তুলে নিয়ে যাওয়া হয়েছে। ফলে অনেকটাই সচল হয়েছে স্কুল। আর এই উদ্যোগকে সাধুবাদ জানিয়েছে অভিভাবক থেকে শুরু করে স্কুল কর্তৃপক্ষ। প্রধান শিক্ষক প্রভাষ পাকিরা 'একদিন' সংবাদপত্রকে ধন্যবাদ যেমন জানিয়েছেন তেমনই এসআইয়ের প্রতি কৃতজ্ঞতা জানিয়েছেন।

## এসআইআর আতঙ্কে আত্মহত্যার চেষ্টা মা ও মেয়ের, দাবি পরিবারের

**নিজস্বপ্রতিবেদন, হুগলি:** হুগলির ধনেখালিতে কীটনাশক খেয়ে আত্মহত্যার চেষ্টা মা ও মেয়ের, দাবি পরিবারের। ঘটনাটি ঘটেছে শনিবার। তাঁরা ধনেখালির সোমসপুর-২ গ্রাম পঞ্চায়েতের কানানদী এলাকায় বাসিন্দা। পরিবারের দাবি, আট বছর আগে হরিপালে বিয়ে হয়েছিল ওই মহিলার। কিন্তু, গত পাঁচ থেকে ছয় বছর আগে শ্বশুরবাড়ির সঙ্গে মনোমালিন্যের কারণে বাপের বাড়িতে থাকছিলেন ওই মহিলা। তাঁর পরিবারের সদস্যদের অভিযোগ, এসআইআর ঘোষণার পরে বাপের বাড়ির সকলেই এনুমারেশন ফর্ম পান। কিন্তু সেই নথি পাননি মহিলা। এই ফর্ম পূরণের বিষয়ে শ্বশুরবাড়ি থেকে আদৌ কোনও সহযোগিতা পাওয়া যাবে, সেই আশাও ছেড়ে দিয়েছিলেন তিনি।

কীটনাশক খাওয়ার বিষয়টি নজরে আসার পরে তাঁদের প্রথমে নিয়ে যাওয়া হয় ধনেখালি গ্রামীণ হাসপাতালে। সেখানে প্রাথমিক চিকিৎসার পরে তাঁদের এসএসকেএম হাসপাতালে স্থানান্তরিত করা হয়। আপাতত সেখানেই তাঁরা চিকিৎসাধীন। রবিবার তাঁর পরিবারের সঙ্গে দেখা করতে বাড়িতে যান ধনেখালির বিধায়ক অসীমা পাত্র। তিনি বলেন, 'এসআইআর নিয়ে বিজেপি নেতারা আতঙ্ক সৃষ্টি করছে। ও শ্বশুরবাড়িতে অশান্তির জন্য পাঁচ বছর ধরে বাপের বাড়িতে বসবাস করছিল। এখানে ওর কোনও কাগজপত্র নেই। এনুমারেশন ফর্মও ও পায়নি। সেই আতঙ্কেই এই ঘটনা।' তিনি আরও জানান, এই ঘটনা প্রসঙ্গে জানার পরেই তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় দু'জনেরই চিকিৎসার ব্যবস্থা করেছেন। তৃণমূলের তরফে মহিলার পরিবারের পাশে থাকার বার্তা দেওয়া হয়েছে। ওই মহিলার দাদা বলেন, 'আমাদের পরিবারের সকলেই এনুমারেশন ফর্ম পেয়েছিল। বোন পায়নি। ও ভেবেছিল শ্বশুরবাড়িতে এই ফর্ম দিলে তারা তা আটকে রাখবে। আর সেই আতঙ্ক থেকেই এই চরম সিদ্ধান্ত।'

## স্থানীয় শিল্পীদের হাতের পথচিত্র এখন পর্যটকদের নতুন আকর্ষণ

### সৈয়দ মফিজুল হোদা

**বাঁকুড়া:** মুকুটমণিপুরকে আরও আকর্ষণীয় করে তুলতে বিশেষ উদ্যোগ নিল মুকুটমণিপুর উন্নয়ন পর্ষদ। কংসাবতী জলাধারের পাড় ধরে চলা রাস্তার ওপর আঁকা হচ্ছে রঙিন আলপনা বা পথচিত্র। স্থানীয় শিল্পীদের হাতের স্পর্শে নৌকো, ময়ূর, হরিণ, মাছ সহ এলাকার বিশেষত্ব এই সবই ফুটে উঠছে রঙের ছোঁয়ায়। পর্যটন মরশুমের আগে এই উদ্যোগে উৎসাহে মেতেছেন শিল্পী থেকে স্থানীয় বাসিন্দা, সবাই।



এই পথচিত্র আঁকার প্রকল্পের সূচনা হয়েছিল গত কয়েক বছর আগে। ২০১৭ সালেই মুখ্যমন্ত্রী মুকুটমণিপুর সফরে এসে নিজে দাঁড়িয়ে শিল্পীদের কাজ দেখেন এবং প্রশংসা করেন। কয়েক বছর ধরে আঁকা আলপনা সময়ের সঙ্গে মুছে গিয়েছিল। এবার আবার নতুন করে জিরো পয়েন্ট থেকে প্রায় ৩৩০ মিটার রাস্তার ওপর পথচিত্র আঁকার কাজ শুরু হয়েছে থেকে।

রাজ্যের মন্ত্রী তথা মুকুটমণিপুর উন্নয়ন পর্ষদের চেয়ারপার্সন জ্যোৎস্না মান্ডি বলেন, শীতের মরশুমে পর্যটকদের জন্য প্রতি বছরই মুকুটমণিপুরকে নতুন করে সাজানোর উদ্যোগ নেওয়া হয়। এবছরও স্থানীয় শিল্পীদের দিয়ে পথচিত্রের মাধ্যমে রাস্তাগুলোকে সৌন্দর্যায়ন করা হচ্ছে। মুকুটমণিপুর উন্নয়ন পর্ষদের পক্ষ থেকে আরও নানা পরিকল্পনা হাতে নেওয়া হয়েছে। এই পথচিত্র পর্যটকদের দৃষ্টি আকর্ষণ করবে বলে তিনি আশাবাদী।

পথচিত্র আঁকার কাজে যুক্ত শিল্পীরা জানান, মুকুটমণিপুর বছরের পর বছর ধরেই পর্যটকদের প্রিয় জায়গা। শুধু রাজ্যের বিভিন্ন জেলা নয়, ভিনরাজ্য থেকেও অনেক মানুষ এখানে বেড়াতে আসেন। শিল্পী দয়াময় বন্দ্যোপাধ্যায় বলেন, 'আমরা চাই, মুকুটমণিপুরকে আরও সুন্দর ভাবে সবার সামনে তুলে ধরতে। তাই এলাকার পরিচিত জিনিসগুলো যেমন হরিণ, নৌকো, মাছ আঁকছি। এতে এখানকার সংস্কৃতির ছাপ ফুটে উঠবে। মোট ১৫ জন শিল্পী দল বেঁধে এই কাজ করছেন এবং তাঁদের লক্ষ্য ১৫ দিনের মধ্যেই পথচিত্রের কাজ শেষ করা।'

ইতিমধ্যেই পর্যটকরা থমকে থমকে ছবি তুলছেন। পর্যটকরা জানান, এরকম আলপনা আগে কখনও রাস্তার ওপর দেখিনি। অসাধারণ লাগছে। স্থানীয় বাসিন্দাদের দাবি, আসন্ন পর্যটন মরশুমে এটাই মুকুটমণিপুরের নতুন আকর্ষণ হতে চলেছে। রঙিন পথচিত্রে এখন সাজছে মুকুটমণিপুর। আসন্ন শীতের পর্যটন মরশুমে এই উদ্যোগ পর্যটকদের মন আরও জয় করবে বলে আশা সকলের।


GPT

**জিপিটি হেল্‌থকেয়ার লিমিটেড**
কর্পোরেট আইডেন্টিফিকেশন নাম্বার (CIN): L70101WB1989PLC047402
রেজিস্টার্ড অফিস- জিপিটি সেন্টার, জেসি-২৫, সেক্টর - ৩, সল্ট লেক, কলকাতা - ৭০০ ১০৬; পশ্চিমবঙ্গ, ভারত।
টেলিফোন নং : +৯১-৩৩-৪০৫০-৭০০০; ই-মেইল: ghl.cosec@gptgroup.co.in
ওয়েবসাইট: www.ilshospitals.com

**নোটিশ**

**অন্তর্বর্তী লভ্যাংশ ঘোষণা এবং রেকর্ড তারিখ**

কোম্পানীর পরিচালন পর্ষদ তাদের **০৮ নভেম্বর, ২০২৫** তারিখে অনুষ্ঠিত সভায় ২০২৫-২৬ অর্থবর্ষের জন্য অন্তর্বর্তী লভ্যাংশ ঘোষণা করেছে। লভ্যাংশের হার হল কোম্পানীর ইক্যুইটি শেয়ারের (প্রতিটি ১০/- টাকা ফেস ভ্যালু) উপর **১০% (প্রতি শেয়ারে ১.০০ টাকা)**।

এই উদ্দেশ্যে স্থির করা রেকর্ড তারিখ, **শুক্রবার, ১৪ নভেম্বর, ২০২৫** পর্যন্ত, কোম্পানীর সদস্য রেজিস্টারে বা ডিপোজিটরিগুলির রেকর্ডে যাঁদের নাম সুবিধাভোগী মালিক হিসাবে তালিকাভুক্ত থাকবে, সেই ইক্যুইটি শেয়ারহোল্ডারদের অন্তর্বর্তী লভ্যাংশ বিধিবদ্ধ সময়সীমার মধ্যে প্রদান করা হবে।

উপরোক্ত তথ্য কোম্পানীর ওয়েবসাইট (www.ilshospitals.com) এবং যে স্টক এক্সচেঞ্জগুলিতে কোম্পানীর শেয়ার তালিকাভুক্ত রয়েছে, অর্থাৎ বিএসই লিমিটেড (www.bseindia.com) এবং ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেড (www.nseindia.com) এর ওয়েবসাইটেও উপলব্ধ।

**জিপিটি হেল্‌থকেয়ার লিমিটেড এর পক্ষে**
**স্বা/- অঙ্কুর শর্মা**
**কোম্পানী সেক্রেটারি ও কমপ্লায়েন্স অফিসার**
**M. No A31833**
তারিখ: ০৮ নভেম্বর, ২০২৫
স্থান: কলকাতা



kotak

**কোটক মাহিন্দ্রা প্রাইম লিমিটেড**
রেজিস্টার্ড অফিস - ২৭ বিকেসি, সি ২৭, জি ব্লক, বান্দ্রা কুরলা কমপ্লেক্স, বান্দ্রা (পূর্ব), মুম্বই - ৪০০০৫১
শাখা অফিস- ৭ম তল, ২২ ক্যামাক স্ট্রিট, ব্লক - বি, কলকাতা - ৭০০০১৬

**দখল বিজ্ঞপ্তি**
**(স্থাবর সম্পত্তির জন্য)**
**পরিশিষ্ট IV তৎসহ পঠিত ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের রুল ৮(১) অধীন**
**ঋণ অ্যাকাউন্টের নাম : বিজয় কুমার রায়, ঋণ অ্যাকাউন্ট নং KLAP-58432**

যেহেতু,
কোটাক মাহিন্দ্রা প্রাইম লিমিটেডের অনুমোদিত কর্মকর্তা হিসেবে, যিনি ১৯৪৯ সালের ব্যাংকিং রেগুলেশন অ্যাক্টের অর্থ অনুসারে একটি নন-ব্যাংকিং ফাইন্যান্স কোম্পানি। এর নিবন্ধিত অফিস হল - ২৭বিকেসি, সি ২৭, জি ব্লক, বান্দ্রা কুরলা কমপ্লেক্স, বান্দ্রা (পূর্ব), মুম্বই - ৪০০০৫১ এবং শাখা অফিস : ৭ম তল, ২২ ক্যামাক স্ট্রিট, ব্লক - বি, কলকাতা - ৭০০০১৬, সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফাইন্যান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ ("সারফেসি অ্যাক্ট") এর অধীনে এবং সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ এর ধারা ১৩(২) এবং ১৩(১২) এর অধীনে প্রদত্ত ক্ষমতা প্রয়োগ করে ২৫ আগস্ট ২০২৫ তারিখে, **১. শ্রী বিজয় কুমার রায়,** পিতা নমোনারায়ণ রায়, ১২ ১২ স্ট্রীট রোড লেন ইউকে দত্ত দমদম উত্তর ২৪ পিজিএস কলকাতা- ৭০০০২৮। **২. শ্রী অভিজিৎ রায়,** পিতা বিজয় কুমার রায়, ১২ ১২ স্ট্রিট রোড লেন ইউকে দত্ত দমদম উত্তর ২৪ পরগনা কলকাতা - ৭০০০২৮। **২৫ আগস্ট ২০২৫ তারিখে প্রদেয় ঋণ অ্যাকাউন্ট নং KLAP-58432 এর বকেয়া পরিমাণের বিপরীতে, মোট ১,৪০,৬৪,৭৪৩.৪০ টাকা (এক কোটি চল্লিশ লক্ষ চৌষট্টি হাজার সাতশ তেতাল্লিশ টাকা এবং চল্লিশ পয়সা)** মোট বকেয়া পরিমাণ পরিশোধ করতে হবে, ২৬ আগস্ট ২০২৫ থেকে চক্রবৃদ্ধি সুদের ভিত্তিতে চুক্তিভিত্তিক হারে আরও সুদ এবং অন্যান্য চার্জ সহ, উল্লিখিত চাহিদা বিজ্ঞপ্তি প্রদানের তারিখ থেকে ৬০ দিনের মধ্যে প্রকৃত আদায় ("বকেয়া পরিমাণ") না হওয়া পর্যন্ত। উপরে উল্লিখিত ঋণগ্রহীতা/সহ-ঋণগ্রহীতা/আইনি উত্তরাধিকারীদের অর্থ পরিশোধে ব্যর্থ হওয়ার কারণে, ঋণগ্রহীতা/সহ-ঋণগ্রহীতা/আইনি উত্তরাধিকারীদের এবং সাধারণ জনগণকে এতদ্বারা নোটিশ দেওয়া হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী সারফেসি আইনের ধারা ১৩(৪) এবং উপরোক্ত বিধির বিধি ৮ এর অধীনে প্রদত্ত ক্ষমতা প্রয়োগ করে নীচে বর্ণিত সম্পত্তির প্রতীকী দখল গ্রহণ করেছেন। উপরে উল্লেখিত ঋণগ্রহীতা/সহ-ঋণগ্রহীতা/আইনগত উত্তরাধিকারী, বিশেষ করে এবং সাধারণ জনগণকে এতদ্বারা সতর্ক করা হচ্ছে যে তারা সম্পত্তির সাথে লেনদেন করবেন না এবং সম্পত্তির সাথে যেকোনো লেনদেনের জন্য কোটাক মাহিন্দ্রা প্রাইম লিমিটেড-এর চার্জ প্রযোজ্য হবে, যার শাখা অফিস রয়েছে- ৭ম তল, ২২ ক্যামাক স্ট্রিট, ব্লক-বি, কলকাতা - ৭০০০১৬, যার পরিমাণ ১,৪০,৬৪,৭৪৩.৪০ টাকা (এক কোটি চল্লিশ লক্ষ চৌষট্টি হাজার সাতশ তেতাল্লিশ টাকা এবং চল্লিশ পয়সা), যা ২৫ আগস্ট ২০২৫ তারিখে প্রদেয় হবে, এবং এর সাথে আরও সুদ এবং অন্যান্য চার্জ চুক্তিভিত্তিক হারে চক্রবৃদ্ধি সুদ এবং বিকল্প সুদ, আনুষঙ্গিক, খরচ এবং চার্জ ইত্যাদির ভিত্তিতে ২৫ আগস্ট ২০২৫ থেকে সম্পূর্ণ পরিশোধ এবং/অথবা আদায়ের তারিখ পর্যন্ত প্রযোজ্য হবে।
ঋণগ্রহীতা/সহ-ঋণগ্রহীতাগণ/আইনি উত্তরাধিকারীগণের অবগতির জন্য জানানো হচ্ছে উক্ত আইনের ১৩ ধারার উপধারা (৮) সংস্থান অধীনে নির্ধারিত সময়ের মধ্যে বকেয়া পরিমাণ আদায় দিয়ে জামিনদত্ত সম্পত্তি উদ্ধার করতে পারেন।

**স্থাবর সম্পত্তির বিবরণ**

| ক্রম নং | সম্পত্তির নাম | সম্পত্তির বিস্তারিত | মালিকের নাম |
|---|---|---|---|
| ১ | হোল্ডিং নং ১০১, রাম কৃষ্ণ গড় রোড, থানা : দম দম, পিন : ৭০০০২৮। | সংশ্লিষ্ট সম্পত্তি মৌজা : সুলতানপুর, জেএল নং ১০, আরএস নং ১৪৮, তৌজি নং ১৭৩, দাগ নং ২৩২১, খতিয়ান নং ৭৬৫, হোল্ডিং নং ১০১, রাম কৃষ্ণ গড় রোড, ওয়ার্ড নং ৩, থানা : দম দম, দম দম পুরসভা অধীন, জেলা : উত্তর ২৪ পরগনা (হস্তান্তর দলিল তারিখ : ১৭/০৩/২০২৩ নং ১০২৮৬৩/২৩ এবং ২৩/০৩/২০২৩ দলিল নং ১৩০২০/২৩ অনুযায়ী)। | স্বত্বাধিকারী বিজয় কুমার রায় |

**তারিখ : ০৬.১১.২০২৫**
**স্থান : কলকাতা**
**স্বা/- অনুমোদিত অফিসার**
**কোটাক মাহিন্দ্রা প্রাইম লিমিটেড**



**লা অপালা আর জি লিমিটেড**
রেজি. অফিস : ইকো সেন্টার, ৯ম তল, ইএম - ৪, সেক্টর ৫, কলকাতা - ৭০০০৯১
ফোন নং : +৯১ ৭৬০৪০ ৮৮৮১৪/৫/৬/৭ ইমেল info@laopala.in, www.laopala.in
CIN: L26101WB1987PLC042512

**৩০ সেপ্টেম্বর ২০২৫ তারিখে সমাপ্ত তিন মাস এবং ছয় মাসের অনিরীক্ষিত অর্থিক ফলাফল**

কোম্পানির ৩০ সেপ্টেম্বর ২০২৫ তারিখে সমাপ্ত তিন মাস এবং ছয় মাসের অনিরীক্ষিত অর্থিক ফলাফল স্টক এক্সচেঞ্জে সংবদ্ধ করা হয়েছে ২০১৫ সালের সেবি (লিস্টিং অবলিগেশন অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস এর রেগুলেশন ৩৩ অধীনে, অডিট কমিটি কর্তৃক পর্যালোচিত এবং ডিরেক্টর বোর্ডের ৮ নভেম্বর ২০২৫ তারিখের সংশ্লিষ্ট সভাগুলিতে অনুমোদিত হওয়ার পর। কোম্পানির বিধিবদ্ধ নিরীক্ষকগণ ৩০ সেপ্টেম্বর ২০২৫ তারিখে সমাপ্ত তিনমাস এবং ছয়মাসের ফলাফল সংক্ষিপ্ত পর্যালোচনা করেছেন।

৩০ সেপ্টেম্বর ২০২৫ তারিখে সমাপ্ত তিন মাস এবং ছয়মাসের ফলাফলের সম্পূর্ণ বয়ান স্টক এক্সচেঞ্জগুলির অর্থাৎ বিএসই লিমিটেড (www.bseindia.com) এবং ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অব ইন্ডিয়া লিমিটেড (www.nseindia.com) এবং কোম্পানির ওয়েবপেজ **https://laopala.in/uploads/documents/LORG_BM_Outcome_08112025_F.pdf** এবং কিউআর কোড স্ক্যান করেও পাওয়া যাবে।

ডিরেক্টর বোর্ডের আদেশক্রমে
লা অপালা আরজি লিমিটেডের পক্ষে
স্বা/-
**অজিত ঝুনঝুনওয়ালা**
**ভাইস চেয়ারম্যান এবং ম্যানেজিং ডিরেক্টর**
ডিন : ০০১১১৮৭২
তারিখ : ৮ নভেম্বর ২০২৫
স্থান : কলকাতা



GPT group

**জিপিটি হেল্‌থকেয়ার লিমিটেড**
রেজিস্টার্ড অফিস: জিপিটি সেন্টার, জেসি - ২৫, সেক্টর-৩, সল্টলেক, কলকাতা - ৭০০ ১০৬
CIN- U70101WB1989PLC047402, ওয়েবসাইট- www.ilshospitals.com,
ই-মেল- ghl.cosec@gptgroup.co.in, ফোন- ০৩৩ - ৪০৫০ ৭০০০

**৩০ সেপ্টেম্বর, ২০২৫ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং অর্ধ বর্ষের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের সারাংশ**

(লক্ষ টাকায়)

| | বিবরণ | ত্রৈমাসিক সমাপ্ত | বর্ষ থেকে তারিখ সমাপ্ত | ত্রৈমাসিক সমাপ্ত |
|---|---|---|---|---|
| | | ৩০.০৯.২০২৫ | ৩০.০৯.২০২৫ | ৩০.০৯.২০২৪ |
| | | অনিরীক্ষিত | অনিরীক্ষিত | অনিরীক্ষিত |
| ১ | কার্যাদি থেকে মোট আয় | ১১,৮৯০.৮০ | ২২,৬০১.৬৬ | ১০,৫৬৬.২৮ |
| ২ | নিট লাভ কর পূর্ব সাধারণ কাজকর্ম থেকে | ১,৫০৬.৯৪ | ২,৬১৮.৩০ | ২,০৬৮.৮০ |
| ৩ | নিট লাভ কর পরবর্তী সাধারণ কাজকর্ম থেকে | ১,০৬০.৪৪ | ১,৮২৮.৬২ | ১,৪৮২.১১ |
| ৪ | মোট ব্যাপক আয় | ১,০৫৯.২৫ | ১,৮২৬.২৪ | ১,৪৮২.৫২ |
| ৫ | ইক্যুইটি শেয়ার মূলধন ফেস ভ্যালু ১০/- টাকা প্রতিটি | ৮,২০৫.৪৮ | ৮,২০৫.৪৮ | ৮,২০৫.৪৮ |
| ৬ | শেয়ার প্রতি আয় (১০/- টাকা প্রতিটি) (বার্ষিকীকৃত নয়)* মৌলিক এবং মিশ্রিত | ১.২৯* | ২.২৩* | ১.৮১* |

**দ্রষ্টব্য :**
১. উপরোক্তটি ৩০ সেপ্টেম্বর, ২০২৫ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের আর্থিক ফলাফলের বিশদ ফর্ম্যাটের সারাংশ, যা সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-এর রেগুলেশনস ৩৩ অধীনে স্টক এক্সচেঞ্জে ফাইল করা হয়েছে। ৩০ সেপ্টেম্বর, ২০২৫ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক আর্থিক ফলাফলের সম্পূর্ণ ফরম্যাট স টক এক্সচেঞ্জের ওয়েবসাইট (www.bseindia.com এবং www.nseindia.com) এবং কোম্পানির ওয়েবসাইট www.ilshospitals.com -তেও পাওয়া যাবে।
২. পরিচালনা পর্ষদ ১০% অন্তর্বর্তী লভ্যাংশ ঘোষণা করেছে, যা সম্পূর্ণরূপে পরিশোধিত প্রতিটি ১০/- টাকা মূল্যের ইকুইটি শেয়ারের জন্য ১/- টাকা। কোম্পানি এই অন্তর্বর্তী লভ্যাংশ প্রাপ্তির যোগ্য শেয়ারহোল্ডারদের নির্ধারণ করার উদ্দেশ্যে, ২০২৫ সালের ১৪ নভেম্বর তারিখটিকে রেকর্ড ডেট হিসেবে ধার্য করেছে।
৩. উপরিউক্ত সময়ে কোম্পানির কোনও ব্যতিক্রমী দফা ছিল না।

ডিরেক্টর বোর্ডের পক্ষে
স্বা/-
ড. ওম তাঁতিয়া
চেয়ারম্যান এবং ম্যানেজিং ডিরেক্টর
DIN: 00001342
স্থান: কলকাতা
তারিখ : ০৮ নভেম্বর, ২০২৫



পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক pnb punjab national bank

**পরিশিষ্ট - ৪**
**[রুল ৮(১) দেখুন]**
**দখল বিজ্ঞপ্তি**
**(স্থাবর সম্পত্তির জন্য)**

**এসএএম ডিপার্টমেন্ট, সার্কেল অফিস : কলকাতা - ওয়েস্ট**
**ইউনাইটেড টাওয়ার, ৪র্থ ফ্লোর, ১১, হেমন্ত বসু সরণি, কলকাতা - ৭০০ ০০১, ই-মেইল আইডি : cokolwestsam@pnb.bank.in**

যেহেতু
নিম্নস্বাক্ষরকারী, পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক/**পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক** -এর অনুমোদিত আধিকারিক হিসেবে, সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ এবং সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস ২০০২-এর রুল ৩ এর সঙ্গে পঠিত সেকশন ১৩ অধীনে অর্পিত ক্ষমতাবলে উল্লিখিত অ্যাকাউন্টের সাপেক্ষে উল্লিখিত তারিখে দাবি বিজ্ঞপ্তি প্রদান করে সংশ্লিষ্ট ঋণগ্রহীতাগণকে আহ্বান জানিয়ে বিজ্ঞপ্তিতে উল্লিখিত টাকার অঙ্ক উক্ত বিজ্ঞপ্তি গ্রহণের তারিখ থেকে ৬০ দিনের ভিতর ফেরত দিতে বলেন।
ঋণগ্রহীতাগণ টাকার অঙ্ক ফেরত দিতে ব্যর্থ হওয়ায়, বিশেষভাবে ঋণগ্রহীতাগণকে ও সাধারণভাবে জনগণকে এতদ্দ্বারা জানানো হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী এখানে নীচে উল্লিখিত সম্পত্তির দখল নিয়েছেন, নীচে উল্লিখিত প্রতিটি নামের সাপেক্ষে দেখানো তারিখ অনুসারে, সিকিউরিটি ইন্টারেস্ট এনফোর্সমেন্ট রুলস, ২০০২ -এর রুল ৮ -এর সঙ্গে পঠিত উক্ত অ্যাক্টের সেকশন ১৩-র সাব-সেকশন (৪) অধীনে তাঁর উপর অর্পিত ক্ষমতাবলে।
ঋণগ্রহীতাগণ/ জামিনদারগণ / বন্ধকদাতাগণের দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে অ্যাক্টের সেকশন ১৩-র সাব-সেকশন (৮) -এর বন্দোবস্তে, প্রাপ্তব্য সময়ের ব্যাপারে, সুরক্ষিত পরিসম্পতের দায়মুক্ত হতে।
বিশেষভাবে ঋণগ্রহীতা/গণকে ও সাধারণভাবে জনগণকে এতদ্দ্বারা সতর্ক করা হচ্ছে যে, তাঁরা যেন এই সম্পত্তি/সমূহ নিয়ে কোনওপ্রকার লেনদেন না করেন এবং এই সম্পত্তি/সমূহ নিয়ে কোনওপ্রকার লেনদেনে উল্লিখিত টাকার অঙ্ক এবং তদুপরি সুদ **পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক** -এর ধার্য সাপেক্ষ হবে।

| ক্র. নং | ক) শাখার নাম খ) অ্যাকাউন্টের নাম গ) ঋণগ্রহীতা /জামিনদার -এর নাম | স্থাবর সম্পত্তির বিবরণ | ক) দাবি বিজ্ঞপ্তির তারিখ খ) দখলের তারিখ গ) বকেয়া পরিমান |
|---|---|---|---|
| ১. | **ক) শাখা কার্যালয় : কালী মন্দির রোড (সল আইডি-০৩৩২২০)** **খ) অ্যাকাউন্টের নাম: অমিত চক্রবর্তী** **গ) ঋণগ্রহীতা / জামিনদারের নাম: ঋণগ্রহীতা: শ্রী অমিত চক্রবর্তী** **জামিনদার- শ্রী অঞ্জন দাস** | একটি স্বয়ংসম্পূর্ণ আবাসিক ফ্ল্যাট সম্পত্তির এক ও অবিচ্ছেদ্য অংশের সকল। ফ্ল্যাটটির সুপার বিল্ট আপ এলাকা প্রায় কমবেশি ৩৫০ বর্গফুট, যা প্রথম ফ্লোরে (উত্তর-পশ্চিম দিকে) ফ্ল্যাট নং ১এ হিসাবে অবস্থিত। এটিতে ১টি বেডরুম, ১টি ডাইনিং কাম কিচেন, ১টি টয়লেট রয়েছে এবং এটি জি+৩ তলা ভবনের অংশ সেইসঙ্গে ভবনের নিচের জমির অবিভক্ত, অবিভাজ্য, আনুপাতিক শেয়ার সহ এবং যার অবস্থান- মৌজা - বেহালা, জে.এল. নং ২, আর.এস. নং ৮৩, তৌজি নং ৩৪৬, ই.পি. নং ৭৫ এর অংশ, যা আর.এস. প্লট (দাগ) নং ৬৪৪৫ (পি)-এর সাথে সম্পর্কযুক্ত। থানা - বেহালা (বর্তমানে পর্ণশ্রী), কলকাতা পৌরসংস্থার ১২৯ নং ওয়ার্ডের সীমার মধ্যে। প্রেমিসেস নং ২৩৭/১, জয়রামপুর জালা রোড, কলকাতা - ৭০০ ০৬০। এ.ডি.এস.আর. অফিস - বেহালা, জেলা - দক্ষিণ ২৪ পরগনা। ফ্ল্যাটটির দলিল নং ১৬০৩০৫৫৬১, সাল ২০২২, ডি.এস.আর.- ৩, দক্ষিণ ২৪ পরগনাতে বুক-১, ভলিউম নং ১৬০৩-২০২২, পাতা ২৫৫৩০৯ থেকে ২৫৫৩৪০০ পর্যন্ত তে নিবন্ধিত এর সাথে সমস্ত সুখাধিকার রয়েছে। **শ্রী অমিত চক্রবর্তী এর মালিকানাধীন** এবং উক্ত ফ্ল্যাট লাল সীমানা রেখা দ্বারা চিহ্নিত মানচিত্র বা নকশায় স্পষ্টভাবে দেখানো আছে, যা এই দলিলের অংশ। **চৌহদ্দি:**- উত্তর দিকে- ২০ ফুট চওড়া কলোনি রোড। দক্ষিণ দিকে- ই.পি. নং ৭৬। পূর্ব দিকে- ১০ ফুট চওড়া কলোনি রোড। পশ্চিম দিকে- ট্যাঁঙ্ক। | **ক) ২৩.০৬.২০২৫** **খ) ০৪.১১.২০২৫** **গ) ৭,৮৮,১০৯.৭০ টাকা** (সাত লক্ষ আটাশি হাজার একশত নয় টাকা ও সত্তর পয়সা মাত্র) ২৯.০৫.২০২৫ অনুযায়ী এবং এর উপর সুদ ও পরবর্তী খরচাদি। |
| ২. | **ক) শাখা কার্যালয় : সাঁকরাইল (সল আইডি-১৪২৮২০)** **খ) অ্যাকাউন্টের নাম- মণীশ পুরোকায়স্থ** **গ) ঋণগ্রহীতা / জামিনদারের নাম: ঋণগ্রহীতা: শ্রী মণীশ পুরোকায়স্থ ও শ্রীমতী ইতি পুরোকায়স্থ** **জামিনদার- শ্রী সনৎ পুরোকায়স্থ** | শ্রী মণীশ পুরোকায়স্থের সম্পত্তির এক ও অবিচ্ছেদ্য অংশের সকল যা আর.এস. প্লট নং ৮৬৪, এল.আর. প্লট নং ৯১৫-এ অবস্থিত এবং যার আর.এস. খতিয়ান নং ১৮, এল.আর. খতিয়ান নং ১১৮২, মৌজা রামচন্দ্রপুর, থানা সাঁকরাইল, জেলা হাওড়া, পশ্চিমবঙ্গ, অতিরিক্ত জেলা সাব রেজিস্ট্রার রাণীহাটি, হাওড়া-র অধীনে। মোট জমির পরিমাণ প্রায় ০৮ (আট) শতক বাস্তু জমি (তফসিল "বি") (ডকুমেন্ট নং ০৫, তারিখ ১৬.০৭.২০০৫ এর আওতাভুক্ত)। | **ক) ০৯.০৪.২০২৫** **খ) ০৬.১১.২০২৫** **গ) ৫,৮২,০৭৪.০২ টাকা** (পাঁচ লক্ষ বিরাশি হাজার চুয়াত্তর টাকা ও দুই পয়সা মাত্র) ৩১.০৩.২০২৫ অনুযায়ী এবং এর উপর সুদ ও পরবর্তী খরচাদি। |

**তারিখ: ১০.১১.২০২৫**
**স্থান: কলকাতা**
**অনুমোদিত অফিসার**
**পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক**



পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক punjab national bank

**দখল বিজ্ঞপ্তি**
**(স্থাবর সম্পত্তির জন্য)**
**[রুল ৮(১)]**

**সার্কেল অফিস মুর্শিদাবাদ, ২৬/১১, শহিদ সূর্য সেন রোড**
**পো. বহরমপুর, জেলা - মুর্শিদাবাদ, (পব), ইমেল: comurshidrec@pnb.bank.in**

যেহেতু,
নিম্নস্বাক্ষরকারী **পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক,** অনুমোদিত অফিসার হিসেবে ২০০২ সালের সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট আইনের ১৩ ধারা এবং তৎসহ পঠিতব্য ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট রুলসের রুল ৩ সংস্থান অধীনে প্রদত্ত ক্ষমতাবলে সংশ্লিষ্ট ঋণগ্রহীতাগণকে প্রতিটি অ্যাকাউন্টের অধীনে সংশ্লিষ্ট তারিখ অনুযায়ী সংশ্লিষ্ট ঋণগ্রহীতাগণকে নোটিশে উল্লিখিত বকেয়া পরিমাণ নোটিশ পাওয়ার তারিখ থেকে ৬০ দিনের মধ্যে আদায়দানের জন্য দাবি নোটিশ/গুলি ইস্যু করেছেন।
ঋণগ্রহীতাগণ উক্ত বকেয়া পরিমাণ আদায়দানে ব্যর্থ হওয়ায় ঋণগ্রহীতাগণ এবং সাধারণের প্রতি বিজ্ঞাপিত হচ্ছে নিম্নস্বাক্ষরকারী উক্ত আইনের ১৩ ধারার উপধারা (৪) এবং ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট এনফোর্সমেন্ট রুলসের রুল ৮ সংস্থান অধীনে প্রদত্ত ক্ষমতাবলে নিম্নোক্ত তারিখে সংশ্লিষ্ট জামিনদত্ত সম্পত্তি(সমূহ) স্বত্ব দখল করেছেন।
ঋণগ্রহীতাগণ/জামিনদাতা/বন্ধকদাতার অবগতির জন্য জানানো হচ্ছে উক্ত আইনের ১৩ ধারার উপধারা (৮) সংস্থান অধীনে নির্দিষ্ট তারিখের মধ্যে বকেয়া পরিমাণ আদায় দিয়ে জামিনদত্ত সম্পদ উদ্ধার করতে পারেন।
ঋণগ্রহীতাগণকে বিশেষভাবে এবং সাধারণের প্রতি সাধারণভাবে সতর্কিত করা হচ্ছে তারা যেন কোনওভাবেই জামিনদত্ত সম্পত্তি/সমূহের কোনরূপ লেনদেন না করেন। সংশ্লিষ্ট সম্পত্তি/সমূহের কোনরূপ লেনদেন **পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের** সমুদয় বকেয়া পরিমাণ সুদ সহ আদায়দান সাপেক্ষ।

| ক্রম নং | ক) অ্যাকাউন্ট নাম খ) শাখার নাম | বন্ধকদত্ত সম্পত্তির বিস্তারিত | ক) দাবি নোটিশের তারিখ খ) দখলের তারিখ গ) দাবি নোটিশের তারিখ অনুযায়ী বকেয়া পরিমাণ |
|---|---|---|---|
